

# BANGLADESH JOURNAL OF POLITICAL ECONOMY

VOLUME 17 NUMBER 2  
DECEMBER 2002

**Sayed Abdul Hye**

Address of Welcome

**বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান**

উদ্বোধনী ভাষণ: বিষয় বিষয় ও বাংলাদেশ

**Rehman Sobhan**

Conference Address: The Political Economy of the State and Market in Bangladesh

**মইনুল ইসলাম**

সভাপতির ভাষণ: রাষ্ট্র ও বাজার- বাংলাদেশের পরিপ্রেক্ষিতে

**আবুল বারকাত**

ধন্যবাদ জ্ঞাপন

**Wahiduddin Mahmud**

National Budgets and Public Spending Patterns in Bangladesh: A Political Economy Perspective

**M. A. Sattar Mandal**

Rural Economy, Agriculture and Poverty Reduction Nexus in Bangladesh

**M. Asaduzzaman**

Physical Infrastructure and Economic Development

**আতিউর রহমান**

সামাজিক পুঞ্জ, মানব উন্নয়ন ও পরিবেশ : প্রেক্ষিত বাংলাদেশ

**Hossain Zillur Rahman**

Poverty and its New Challenges

**H. K. Dey**

Economists' View of Corruption: The Tension Between What is Needed and What is Possible

**Ashraf Uddin Chowdhury**

Economic Growth in Bangladesh: Is There Any Hope?

**Muhammad Abdul Mannan Chowdhury and A.J.M.Farooque**

Demand for Electrical Power and Power Tariffs in Bangladesh- A Preliminary Appraisal

**Md. Belayet Hossain**

Sources of Growth, Structural Change and the Role of Support Services to Fishery Sector in Bangladesh

**Anu Muhammad, Nurul Hoque and Amir Hussain**

Manufacturing in Bangladesh: Growth, Stagnation and Erosion

**Syed Masud Husain and Md. Ashraf Islam**

Some Basic Issues Relating to Service Marketing in the Banking Sector of Bangladesh

**M. S. Mandal**

Interaction of Productive Agents and Future of Bangladesh Economy

**Munim Kumar Barai and Md. Liakat Hossain Moral**

Poverty Alleviation Effort in Bangladesh: Involvement of Selected Banks and NGOs

**Mohammed Solaiman and Fazlul Kabir Rabbane**

Sustainable Livelihood Approach for Poverty Alleviation : An Exploratory Study of Coastal Fishing Communities in Bangladesh

**তৌফিক রহমান চৌধুরী ও মাজহারুল হাসান মজুমদার**

বাংলাদেশ: দুর্নীতির অবিমিশ্র অভয়াশ্রম



বাংলাদেশ অর্থনীতি সমিতি  
Bangladesh Economic Association

**Bangladesh Journal of Political Economy**  
VOLUME 17, NUMBER 2, DECEMBER 2002

This volume contains selected papers presented at the Fourteenth Biennial  
Conference of the Bangladesh Economic Association  
held in Dhaka in September 2002

**Qazi Kholiquzzaman Ahmad**  
Editor

**Bangladesh Economic Association**  
4/C, Eskaton Garden Road, Dhaka-1000  
Phone : 9345996, Fax : 9345996  
E-mal : becoa@bdlink.com

# বাংলাদেশ জার্নাল অফ পলিটিক্যাল ইকনমি

সপ্তদশ খণ্ড, ১ম সংখ্যা, ডিসেম্বর ২০০২

## সম্পাদক

ড. কাজী খলীকুজ্জমান আহমদ

## সম্পাদনা উপদেষ্টা কমিটি

প্রফেসর অর্মত্য সেন

প্রফেসর নুরুল ইসলাম

প্রফেসর মুশাররফ হোসেন

প্রফেসর রেহমান সোবহান

প্রফেসর মুজাফফর আহমেদ

প্রফেসর মুহাম্মদ ইউনুস

ড. স্বদেশ রঞ্জন বোস

প্রফেসর ওয়াহিদউদ্দিন মাহমুদ

প্রফেসর ওয়াহিদ উদ্দিন মাহমুদ

জনাব মোস্তফা ফারুক মোহাম্মদ

## সম্পাদনা পরিষদ

ড. কাজী খলীকুজ্জমান আহমদ

প্রফেসর মইনুল ইসলাম

প্রফেসর আইয়ুবুর রহমান ভূঁঞা

প্রফেসর সৈয়দ আব্দুল হাই

ড. কাজী শাহাবুদ্দীন

প্রফেসর সনৎ কুমার সাহা

প্রফেসর এম.এ. সান্তার মন্ডল

ড. খালেদা সলাউদ্দিন

সম্পাদক

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

সদস্য

## বাংলাদেশ অর্থনীতি সমিতি

৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

টেলিফোন : ৯৩৪৫৯৯৬, ফ্যাক্স : ৯৩৪৫৯৯৬

ই-মেইল : becoa@bdlink.com

মুদ্রণে : আগামী প্রিন্টিং এন্ড পাবলিশিং কোং, ২৫/৩ গ্রীনরোড, ঢাকা ১২০৫, ফোন : ৮৬১২৮১৯

# **Bangladesh Journal of Political Economy**

VOLUME 17, NUMBER 2, DECEMBER 2002

## ***Editor***

Dr. Qazi Kholiquzzaman Ahmad

## ***Editorial Advisory Board***

Professor Amartya Sen

Professor Nurul Islam

Professor Mosharaff Hossain

Professor Rehman Sobhan

Professor Muzaffer Ahmad

Professor Muhammad Yunus

Dr. S. R. Bose

Professor Wahiduddin Mahmud

Mr. Mostafa Faruque Mohammed

## ***Editorial Board***

Dr. Qazi Kholiquzzaman Ahmad	Editor
Professor Muinul Islam	Member
Professor Ayubur Rahman Bhuiyan	Member
Professor Sayed Abdul Hye	Member
Dr. Quazi Shahabuddin	Member
Professor Sanat Kumar Saha	Member
Professor M. A. Sattar Mandal	Member
Dr. Khaleda Salehuddin	Member

**Bangladesh Economic Association**

## **BEA Executive Committee 2002-2004**

- Bangladesh Journal of Political Economy is published by the Bangladesh Economic Association.
- No responsibility for the views expressed by the authors of articles published in the Bangladesh Journal of Political Economy is assumed by the Editors or the Publisher.
- Bangladesh Economic Association gratefully acknowledges the financial assistance provided by the Government of the People's Republic of Bangladesh towards publication of this volume.
- The price of this volume is Tk. 200, US \$ 15 (foreign). Subscription may be sent to the Bangladesh Journal of Political Economy, c/o, Bangladesh Economic Association, 4/C, Eskaton Garden Road, Dhaka-1000. Telephone: 9345996. E-mail : becoa@bdlink.com Members and students certified by their concerned respective institutions (college, university departments) may obtain the Journal at 50% discount.

ISSN :

### ***President***

Qazi Kholiquzzaman Ahmad

### ***Vice- Presidents***

M. A. Sattar Mandal  
M.A. Sattar Bhuyan  
Md. Ghulam Murtaza  
Mohammad Eunos  
Jyoti Prakash Dutta

### ***General Secretary***

Abul Barkat

### ***Treasurer***

Masih Malik Chowdhury

### ***Joint Secretary***

Md. Zahirul Islam Sikder

### ***Assistant Secretary***

Md. Mostafizur Rahman Sarder  
A. Z. M. Saleh  
Md. Main Uddin

### ***Members***

Muinul Islam  
A.K.M. Shameem  
Sayed Abdul Hye  
Md. Muzaffar Ahmed  
Md. Sadiqur Rahman Bhuiyan  
Toufique Rahman Chowdhury  
Toufic Ahmad Choudhury  
Md. Syedul Islam  
Mahtab Ali Rashidi  
Salehuddin Ahmed  
Jamal Uddin Ahmed  
Badrul Munir

### **Editor's Note**

It gives me great pleasure to write this note as the present volume (Vol. 17, No. 2) of Bangladesh Journal of Political Economy (BJPE) is ready for printing. This volume includes papers, including memorial lectures presented at the 14th BEA biennial conference held in September 2002 and accepted for publication after internal and external review and modifications as required, to the satisfaction of the Editorial Board. The review process is extremely important for ensuring the quality of the articles published and is strictly followed. The articles included cover a range of subjects. This volume should, therefore, be useful to readers with interest in one or the other of the subjects covered, if not in all of them. In addition, the statements made in the inaugural session of the conference have been included.

Those papers presented at the 2002 biennial conference but could not be included in this volume are being looked at again, some or all of which may be published in later volumes of the journal or in the occasional publication volume, depending on the recommendations of the reviewers and the judgement of the Editorial Board.

I wish to put on record my sincere thanks to the authors of the articles, the reviewers, and the members of the Editorial Board of the Journal. Their efforts and cooperation are deeply appreciated.

Qazi Kholiquzzaman Ahmad  
Editor, BJPE  
President, BEA

**Bangladesh Journal of Political Economy**  
Vol.17, No. 2, December 2002

**Content**

**Part I**

**Presentations at the Inaugural Session**

1. Address of Welcome 3  
- *Sayed Abdul Hye*
2. উদ্বোধনী ভাষণ 7  
বিষয় ও বাংলাদেশ  
- *বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান*
3. *Conference Address* 19  
The Political Economy of the State and Market in Bangladesh  
- *Rehman Sobhan*
4. সভাপতির ভাষণ 35  
রাষ্ট্র ও বাজার : বাংলাদেশের পরিপ্রেক্ষিতে  
- *মইনুল ইসলাম*
5. ধন্যবাদ জ্ঞাপন 51  
- *আবুল বারকাত*

**Part II**

**Memorial Lectures**

6. National Budgets and Public Spending Patterns in 57  
Bangladesh: A Political Economy Perspective  
- *Wahiduddin Mahmud*
7. Rural Economy, Agriculture and Poverty Reduction 93  
Nexus in Bangladesh  
- *M. A. Sattar Mandal*
8. Physical Infrastructure and Economic Development 107  
- *M. Asaduzzaman*
9. সামাজিক পুঁজি, মানব উন্নয়ন ও পরিবেশ : প্রেক্ষিত বাংলাদেশ 117  
- *আতিউর রহমান*

10.	Poverty and its New Challenges	139
	- <i>Hossain Zillur Rahman</i>	
11.	Economists' View of Corruption: The Tension Between What is Needed and What is Possible	153
	- <i>H. K. Dey</i>	

**Part III**  
**Selected Articles**

12.	Economic Growth in Bangladesh: Is There Any Hope?	169
	- <i>Ashraf Uddin Chowdhury</i>	
13.	Demand for Electrical Power and Power Tariffs in Bangladesh- A Preliminary Appraisal	183
	- <i>Muhammad Abdul Mannan Chowdhury</i> <i>A.J.M.Farooque</i>	
14.	Sources of Growth, Sturctural Change and the Role of Support Services to Fishery Sector in Bangladesh	201
	- <i>Md. Belayet Hossain</i>	
15.	Manufacturing in Bangladesh: Growth, Stagnation and Erosion	231
	- <i>Anu Muhammad</i> <i>Nurul Hoque</i> <i>Amir Hussain</i>	
16.	Some Basic Issues Relating to Service Marketing in the Banking Sector of Bangladesh	257
	- <i>Syed Masud Husain</i> <i>Md. Ashraful Islam</i>	
17.	Interaction of Productive Agents and Future of Bangladesh Economy	271
	- <i>M. S. Mandal</i>	
18.	Poverty Alleviation Effort in Bangladesh: Involvement of Selected Banks and NGOs	303
	- <i>Munim Kumar Barai</i> <i>Md. Liakat Hossain Moral</i>	
19.	Sustainable Livelihood Approach for Poverty Alleviation : An Exploratory Study of Coastal Fishing Communities in Bangladesh	325
	- <i>Mohammed Solaiman</i> <i>Fazlul Kabir Rabbanee</i>	
20.	বাংলাদেশ: দুর্নীতির অবিমিশ্র অভয়াশ্রম	345
	- <i>তৌফিক রহমান চৌধুরী</i> <i>মাজহারুল হাসান মজুমদার</i>	



## **Part I**

### **Presentation at the Inagural Session**

## Address of Welcome

**Sayed Abdul Hye**

Convener, Conference Convening Committee

Respected Chair : Professor Muinul Islam;  
Respected Justice Habubur Rahman, Professor Rehman Sobhan, Professor Abul Barkat;  
Respected Session Chairs, Memorial Speakers, and authors of different Session papers;  
Respected BEA members and guests present;  
Beloved students;  
Ladies and gentlemen;

It is a great privilege for me to have this opportunity of welcoming you to this biennial conference of the Bangladesh Economic Association.

The broad theme of this year's conference is **State and Markets : The Bangladesh Perspective**. The Bangladesh Economic Association feels that the time is appropriate to intensively discuss and come up with policy prescriptions on the role of the state in Bangladesh. The integration of the world into a single economic order through **globalization** of markets – the goods markets, the capital markets, the money markets, and even the service markets is moving very rapidly and impacting on Bangladesh like other developing countries.

Theodore Levitt who first used the term **Globalization** in his book, **The Globalization of Markets** (1985), sees it as “a seamless or borderless, global economy”. More appropriately, it is imbued with precise sets of economic activities with precise characteristics on a global scale. The champions of free market dynamics base their arguments on the doctrine of neoclassical free market economic theory. The major actors on this global stage are Multinational Corporations (MNCs), Transnational Corporations (TNCs), Bretton Woods institutions, and World Trade Organization (WTO). Under such free market dynamics the national capitalists in connivance with the multinational corporations and the international institutions wield much influence on the national economic, and even political management. State role and even state

sovereignty are thus sometimes undermined. The advocates of globalization sometimes argue that the state must accept its shrinking role for the new “realities” of global competition and the emergence of an integrated global economy. Should we, the members of BEA, accept this proposition uncritically?

There is an alternative vision, which maintains that national identities still count, but gone are the days of the old Keynesian-Fordist notion of national production and consumption. Closed economy models, or centralized planning are of academic interest only. The new development agenda discards the notions of ‘**only-government**’ or ‘**only – market**’ based development. Governments and markets are now seen as complements to each other rather than substitutes. In some circumstances government help to create markets (e.g. the financial market in many East Asian Countries); in some others the two work together and in still others the government provide the essential regulatory framework without which markets cannot function. Joseph E. Stiglitz’s comment on the complementarity between the state and the private sector is noteworthy here. He writes, “when the government performs its regulatory role well the private sector can also perform its role well...” (Public lecture organized by BEA, Dhaka, March 14, 1999).

A critical discussion on this debate in the perspective of Bangladesh is appropriate and timely.

### **Ladies and Gentlemen**

Even the World Bank, the leading advocate of free market economy, in recent years, has occasionally advocated an increased role for the state in managing the adverse effects of **globalization**, on the condition that states practice the “good governance” guidelines set forth by the Bank. The international community for development (ICD) has also made ‘good governance’ a critical policy goal for the developing countries, particularly for Bangladesh. But crime, violence and corruption are pervasive in the country. Recently, the Transparency International (TI) has once again identified Bangladesh as the world’s most corrupt country. Whether we agree with TI or not, the truth is that corruption in the country is widespread and has been the major impediment to development – economic or social. Crime, violence and widespread corruption in the government sector including the law enforcing agencies, must be controlled without further loss of time for securing good governance and creating an environment congenial to uninterrupted socio-economic development. This is the responsibility of the state, only of the state.

### **Fellow Economists**

May I take you for a while little beyond pure economics and provoke the thoughts of the political policy makers. Bangladesh is legislated by just one-chamber Parliament. 300 members of Parliament (MPs) decide the fate of about 130 million people. On the average one MP represents more than 0.43 million people whom the representing MP can never meet personally and know their problems. This creates corrupt and vested interest intermediary groups between the MP and the people of his constituency. The MP becomes vulnerable to corruption and lacks transparency. This is a mockery of democracy. Under the circumstances can we think of some sort of a **federal parliament** with one at the division level, in addition to a strong local level government? What I am trying to make is that the existing one-chamber parliament in Bangladesh be transformed into two Houses – Upper House and Lower House. This I think, will ensure transparency in the government sector; improve law and order situation; control corruption; address regional, local, and ethnic problems better; and in the process help ensure good governance.

### **Fellow Participants**

For three days from today you will be discussing and drawing conclusions on different aspects of this year's conference theme. There are **Seven** academic sessions, in addition to this inaugural session and a plenary session at the end of the conference. The seven academic sessions are :

1. State, Market and Institutional Transformation;
2. Rural Economy, Infrastructure, Agriculture, and Local Government;
3. Industrial Sector, and Financial Sector;
4. Human Development, Social Capital, and Environment;
5. Poverty and Disparity;
6. Economics of Corruption; and
7. Trade, Investment and Foreign Aid.

You will be happy to note that each of these sessions is dedicated to the memory of an eminent economist who is no longer with us, but whose thoughts, teachings and contributions are still very alive and influence us. Thus, the sessions are dedicated respectively to the memory of Late Prof. M. N. Huda, Late Prof. A. F. A. Hussain, Late Prof. Malik Khasru Chowdhury, Late Dr. Mazharul Huq, Late Prof. A.N.M. Mahmood, Late Dr. Abdul Ghafur, and Late Prof. M. Akhlaqur Rahman.

In addition to the memorial lectures a number of relevant papers will be presented in each session. This year many respected members wanted to present papers. But for time constraint, we could not accommodate all the papers. So, the executive

committee and the editorial board had to be little selective. We are sorry for those who have been left out.

### **Fellow members**

Economists of the country have had associated themselves directly or indirectly and sometimes marginally in the process of identifying hindrances to development particularly, pro-people socio-economic development, and addressing the pressing economic issues and suggesting ways out, all through. As in the past, during the tenure of the present executive committee such activities of the BEA continued. In this context we may remember the BEA seminars, roundtables etc. on national issues like Gas and Gas exports; Sea ports; Education and Violence in the Campus; Globalization; Foreign Aid; Budget, etc. Unlike many other professional associations BEA always remained above trade unionism, and dedicated itself to address issues which are national in character. BEA always work for combating inequity, poverty, environmental degradation and any anti-people activity. I am confident that the Association will continue to do so.

### **Ladies and Gentlemen**

We hope that the papers to be presented in the academic sessions will be the catalyst for discussion and the appeal will not end up with the ending of the sessions or the conference. I hope the ferment of ideas generated from this conference will have its impacts not only on us but also on the policy makers.

With this hope I, on behalf of the Bangladesh Economic Association, welcome you all to this Biennial Conference.

Thanking you.

উদ্বোধনী ভাষণ

## বিষয় বিষয় ও বাংলাদেশ

মুহাম্মদ হাবিবুর রহমান  
সাবেক প্রধান বিচারপতি

ও

সাবেক প্রধান উপদেষ্টা  
তত্ত্বাবধায়ক সরকার, ১৯৯৬  
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ

বাংলাদেশ অর্থনীতি সমিতি আমাদের দেশের এক অতীব গুরুত্বপূর্ণ সংগঠন। এই সমিতি কর্তৃক আহত সম্মেলনে ও সভায় দেশী ও বিদেশী বহু গুণীজন ও বিদগ্ধপণ্ডিত বক্তৃতা করে গেছেন। আজ সমিতির ১৪তম দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধন করার জন্য আমাকে আমন্ত্রণ জানিয়ে সমিতির কর্মকর্তাবৃন্দ আমাকে যে সম্মানিত করেছেন তার জন্য আমি বড়ই কৃতজ্ঞ বোধ করছি। আপনাদের অশেষ ধন্যবাদ।

ষোড়শ শতাব্দীতে ভৌগোলিক আবিষ্কারের ফলে পৃথিবীতে প্রথম বিশ্বায়নের শুরু হয়। তার পুরো ফায়দাটা ইউরোপীয় ঔপনিবেশিক শক্তিগুলো সাফল্যের সঙ্গে অগ্রসর করে। শিল্পবিপ্লব, বৈজ্ঞানিক গবেষণা এবং নতুন যন্ত্রপাতির উদ্ভাবনা, মুদ্রণশিল্পের সঙ্গে সঙ্গে শিক্ষার প্রসার, সীমিত দায়বদ্ধ কোম্পানি আইনের উদ্ভব ইত্যাদি এক জটিল প্রক্রিয়ায় আধুনিক ইউরোপীয় অর্থনীতির জন্ম। অর্থনীতি সম্পর্কে সেখানে বিতর্কের শেষ নেই। অ্যাডাম স্মিথ, রিকার্ডো, কেন্জ, হায়েক, ফ্রিডম্যানরা সবাই এক সুরে কথা বলেননি। একেক সময় একেক ব্যবস্থা আশ্চর্যজনকরকমভাবে সাফল্য লাভ করে। মার্ক্যান্টাইলিজম অনেক দিন রাজত্ব করে। ফ্রি ট্রেড বা মুক্তবাণিজ্য সমাজতন্ত্রবাদীদের নিয়ন্ত্রিত বা পরিকল্পিত অর্থনীতির সঙ্গে বোঝাপড়া করতে বাধ্য হয়। কল্যাণকামী রাষ্ট্রের ধ্যান-ধারণা এখনও টিকে আছে। সামন্ত অর্থনীতি থেকে সোভিয়েত রাশিয়া এমন দ্রুতগতিতে আধুনিক যুগের দরজায় ধাক্কা দেয় যে, মৌলবাদী পুঁজিবাদীরা সপ্রশংসদৃষ্টিতে, অন্তত স্পুটনিক-উৎক্ষেপণ কাল পর্যন্ত, সোভিয়েত রাশিয়ার অর্থনীতি ব্যবস্থার পর্যালোচনা করতে থাকে।’

ঊনবিংশ শতাব্দীর চল্লিশের দশকে ব্রিটেন যে মুক্তবাণিজ্যের মন্ত্রে প্রভাবিত হয়ে প্রভাবিত হয় কর্ন ল আইন তুলে দিয়ে অদক্ষ দেশী কৃষকদেরকে বিদেশীদের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে উদ্বুদ্ধ করার জন্য ব্যবস্থা নেয়। তার পূর্বে প্রায় দেড়শ বছর ধরে মুক্তবাণিজ্যের সব আইন-রেওয়াজ ভঙ্গ করেই দেশটি শিল্পায়নে সাফল্য লাভ করে। সাতসমুদ্রে ব্রিটিশ নৌশক্তির প্রাধান্যের কারণেও দেশটির অভূতপূর্ব বাণিজ্যবৃদ্ধি সম্ভব হয়েছিল। মার্কিন যুক্তরাষ্ট্র যখন উন্নয়নশীল দেশ তখন লেসে ফেয়ার-বাণিজ্যে সরকারের হস্তক্ষেপ না-করার নীতির কথা কেউ বলত না। যখন দেশটি উন্নত হয়ে শক্ত ও

প্রবল হলো, বিশেষ করে দ্বিতীয় মহাযুদ্ধের পর, তখন এমন তত্ত্ব প্রচার করা হলো যেন জন্মলগ্ন থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে মুক্তবাণিজ্য বা মুক্তবাজার নীতি অনুসরণ করে আসছে। দেশটির জন্ম এবং স্মিথের ওয়েলথ অব দ্য নেশনসের প্রকাশ একই বছরে। ফ্রান্স বা স্পেনের মতো মারক্যান্টালিস্ট নীতি অনুসরণ না করলেও মার্কিন যুক্তরাষ্ট্রে, বিদেশী পণ্যের ওপর শুল্ক আরোপের মাধ্যমে প্রায় দেড়শ বছর ধরে দেশীয় বাণিজ্যকে মদদ দিয়ে বাইরের প্রতিযোগিতা মোকাবিলা করতে সাহায্য করে।

পুঁজিবাদের দুর্দিন ছিল পুরো ঊনবিংশ শতাব্দী ধরে। ১৯১৭ সালে তার নাভিশ্বাস ওঠে। ১৯২৯ সালে তাকে যে মরণদশা পেয়ে বসে তার থেকে ১৯৩৩ সালের পর সরকারের সেবা-শুশ্রূষায় সুস্থ হয়। সরকারের খবরদারি মুক্তবাজারের প্রবক্তারা পছন্দ করেননি কোনো দিন। সাম্প্রতিক সমাজতন্ত্রের একটা বড় ধরনের পতনের ফলে ইঙ্গ-মার্কিন অর্থনীতিবিদরা একটা ভাব করছেন যে, ১৭৭৬ সালে অ্যাডাম স্মিথের দ্য ওয়েলথ অব নেশনস প্রকাশিত হওয়ার পর সারা বিশ্বের অর্থনীতি মুক্তবাজারের সূত্রমতে সব ঠিকঠাকই চলে এসেছে। সারা বিশ্বে প্রায় ২০০ বছর ধরে ইংরেজিভাষী ইঙ্গ-মার্কিন শক্তি দুটো যে প্রাধান্য বিস্তার করে, সেই প্রভাববলয়ে বাস করে দ্বিতীয় বা অন্য কারো কথা শোনার আমাদের সুযোগ হয়নি।

আমরা ইংরেজদের উপনিবেশ ছিলাম। ইংরেজি ভাষার বাইরে বৃহৎ যে বিশ্বের অবস্থান তার প্রধান প্রধান দেশ সম্পর্কেও আমাদের জ্ঞান ছিল অতি সীমিত। মুক্তবাজারের যে তত্ত্ব ইঙ্গ-মার্কিন দার্শনিকরা দিচ্ছেন, তা কি জার্মানি ও ফ্রান্সে পুরোপুরি গ্রহণ করা হয়?

ইউরোপের মহাদেশীয় ভূখণ্ডে বাজারের সাফল্যের অবশ্যম্ভাবিতায় বিশ্বাস করেননি জার্মান অর্থনীতিবিদ ফ্রিডরিক লিস্ট এবং তাঁর প্রভাব রাশিয়া, জাপান ও চীনের অর্থনীতিবিদদের কর্মতৎপরতায়ও বেশ পরিলক্ষিত হয়।

ইঙ্গ-মার্কিন চিন্তাধারায় স্বয়ংক্রিয় উন্নয়ন, ভোগের জন্য পণ্য সরবরাহ, ফলাফলের চেয়ে প্রক্রিয়ার প্রতি ও সমষ্টির চেয়ে ব্যাপ্তির প্রতি অধিকতর গুরুত্ব প্রদান ইত্যাদির ব্যত্যয় অ্যাডাম স্মিথের লেখার মধ্যেও ছিল। স্মিথের কাছে যুদ্ধ সবচেয়ে শিল্পকলা এবং ইংল্যান্ডের নৌ-পরিচালনার আইন বিজ্ঞতম বাণিজ্যিক কানুন। তিনি রাষ্ট্রের সংরক্ষণমূলক বিধান প্রণয়ন এবং শুল্ক আরোপের পক্ষপাতী ছিলেন। কেউ কেউ বলেন, বাজারের ব্যর্থতার দিকে লক্ষ করে স্মিথ হয়তো আজ সরকারের হয়ে ওকালতি করতেন যেমন অতীতে করছেন মার্কিন যুক্তরাষ্ট্রে আলেকজান্ডার হ্যামিল্টন, ব্রিটেনে কেনজ্ এবং অন্যান্য দেশে তাঁর অনুসারীরা। জাপান, কোরিয়া, তাইওয়ান, সিঙ্গাপুরের অর্থনৈতিক কাঠামোয় সরকারের স্থানকে কোনো মতেই নগণ্য বলা যাবে না। বাজারের তথাকথিত স্বয়ংক্রিয় উন্নয়নে এসব দেশ বিশ্বাস করেনি। সমাজতন্ত্রী দেশগুলোতো বটেই, মিশ্র অর্থনীতির প্রবক্তা ভারত ও তার অনুসারী দেশগুলোও অর্থনৈতিক উন্নয়নে সরকারের ভূমিকাকে বেশ গুরুত্ব দিয়ে এসেছে। এ প্রসঙ্গে *ওয়াল স্ট্রিট জর্নালের* কলামিস্ট ওয়াল্ট মসবার্গের একটা কথা মনে হলো। তিনি বলেছিলেন, 'জাপান হচ্ছে পৃথিবীর সবচেয়ে সফল কমিউনিস্ট দেশ।' আসলে এটি এমন একটি দেশ যেখানে কমিউনিজম বা রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ বাস্তবে কাজ করে। শীতল যুদ্ধের সময় জাপান এত সঞ্চয়ের স্তূপ গড়ে তোলে যে বিশ্বায়নের প্রথম দশকের ধাক্কাটা দেশটা সহজে সহ্য করতে পারে। কোরিয়া জাপানকে অনুসরণ করে, কিন্তু সঞ্চয় তেমন করতে পারেনি। তাই ধাক্কা সামলাতে দেশটাকে কষ্ট করতে হয়েছে।

সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলোর উত্থানকালে মুক্তবাজারের নৈতিকতা প্রসঙ্গে সঠিক দর নির্ধারণ, ভোক্তার স্বার্থ ইত্যাদি প্রশ্নগুলো অবলীলাক্রমে অবহেলিত ও পরিত্যক্ত হয়। প্রতারণা, চুক্তিভঙ্গ, দুর্বলের প্রতি অসম প্রভাব বিস্তারের ঘটনা ঘটে অহরহ।

যেকোনো অর্থনৈতিক ব্যবস্থার গ্রহণযোগ্যতা ও স্থায়িত্ব নির্ভর করবে সমাজ কীভাবে সরকার ও বাজারের ব্যর্থতা প্রতিহত করে এবং এহেন ব্যর্থতার জন্য যে জাতীয়, সামাজিক ও নৈতিক পুঁজি যে অবক্ষয় ঘটে তা কিভাবে রোধ করা হয়।

অধিকতর প্রবৃদ্ধির জন্য দেশের মানবসম্পদ ও ভৌত পুঁজিকে কীভাবে ব্যবহার করা হয় সে নিয়ে আজকাল তত্ত্বগত পার্থক্য অনেক কমে এসেছে। সরকার আইনশৃঙ্খলা, শিক্ষা, গবেষণা, যোগাযোগের দায়িত্ব নিলে, মুনাফার স্বার্থে দেশী-বিদেশী বিনিয়োগ হবে এবং মুক্তবাজারের সুফল আশা করা যায়। দারিদ্র্য বিমোচনে সামান্য অগ্রগতিও টেকসই উন্নয়নে বড় সহায়ক হবে। সবাই এমন কথা বলছেন।

বাজারের সাধারণ ধর্ম সস্তায় ক্রয় ও আক্রমণ বিক্রয়। সেই বাজারে যে প্রতিযোগিতায় টিকবে সে বাঁচবে। যে টিকবে না তাকে দেউলিয়া ঘোষণা করতে হবে। অনেক টাকা-পয়সা খরচ করে আমাদের দেশে দেউলিয়া আইন হয়েছে, তার প্রার্থিত ফল কই, দেখা তো যায় না। ঋণের তফসিল পরিবর্তনের নানা আইনি কারসাজিতে ঘোর খেলাপিও বাজারে সদস্তে বিচরণ করে বিদেশে সরকারপ্রধানের সফরসঙ্গী।

আন্তর্জাতিক বাজার দয়ামায়াহীন। সেখানে দরকষাকষি করতে গিয়ে লোকসান দিয়েও মাল বিক্রি করতে হয়। কমপ্যারেটিভ কস্ট-তুলনামূলক ব্যয়ের সুযোগকে হাতে ধরে কেউ বিনষ্ট করে না। বেশি হিসেবিদের মুক্তবাজারে হাড্ডাহাড্ডি প্রতিযোগিতায় অংশ নিতে ভয় করে। বুদ্ধি নিতে হিম্মত লাগে। তারই আর এক নাম উদ্যোগ। এই উদ্যোগ ব্যক্তিগত উদ্যোগের নব অবতার গণেশায় নমঃনমঃ করছেন সাম্প্রতিককালের বহু অর্থনীতিবিদ। শুধু পোশাক পরিচ্ছদে নয়, জ্ঞানের জগতে বিশেষ করে সমাজবিজ্ঞানের জগতে চোখধাঁধানো হালফ্যাশনের অতুলিত্তি বিভ্রমের সৃষ্টি করে।

মুক্তবাণিজ্যের মোন্দা কথা, টাকার জোর যার বাজার তার। যে মুক্তবাজার মুক্ত বিনিয়োগের কথা বলে সে বাজারে দরিদ্র দেশের প্রবেশাধিকার নেই। দরিদ্রের শ্রম অবশ্য দেশী-বিদেশী সকল মুনাফাখোরীদের কাছে বড় আকাঙ্ক্ষিত বিষয়। না খেয়ে মরার চেয়ে গায়েগতরে খেটে জীবন গুজরান করতেই হবে শ্রমিকদের, সে শ্রমিক ধনী দেশের বা দরিদ্র দেশের হোক। ধনী দেশের কর্তাদের কাছে তাঁদের দেশের শ্রমিকস্বার্থও তুলনামূলকভাবে তেমন প্রাধান্য পায় না। শ্রমিকদের অবশ্য বচনে তুষ্টি রাখার চেষ্টা হয় এবং মানবাধিকারের নামে অনুন্নত দেশের শিশুশ্রম ও বেগারের বিরুদ্ধে মাঝে মাঝে সোচ্চার হন মুক্তবাজারের হোতার।

বাজারানুরাগীরা বাজারের কার্যকারিতা, মাহাত্ম্য ও ভবিষ্যৎ বর্ণনা করার সময় এক মুগ্ধাবেশে অবস্থান নেয়। আজকের চলমান সংস্কৃতিতে মানুষকে মানুষ অমুক্ত রাখতেও রাজি, কিন্তু আ-বর্ণ সকলেই প্রাণনাথ বাজারকে মুক্ত রাখতে চায়। এখন বাজার ধর্ম, বাজার স্বর্গ এবং বাজারই পরম তপ। বাজার পূর্ণ ক্ষমতায় অধিষ্ঠিত হোক অর্থনীতির সেমিনারে তার জন্য প্রার্থনাসম ওম-ধ্বনি উচ্চারণ করা হয়। বাজারের পুরোহিতরা চান, দেশের সরকার বাজার-সরকার হোক। প্রয়োজন হলে বাজারের স্বার্থে জঘন্য শ্রমরশাসকের সঙ্গে যোগসাজশ করা চলবে। নির্বাচিত সরকারকে উৎখাত করে সামরিক শাসনের পথ প্রশস্ত করে দিতে হবে। দুর্বিনীত শ্রমিক নেতাদের জন্ম করার জন্য নাগরিক ভোক্তাদের হাতে সসপ্যান



ও চামচা-তুলে দিয়ে পেছন থেকে উসকানি দেওয়া জায়েজ হবে। নির্বাচিত সরকারের পতনের জন্য তারা ঝনঝনা বা ডুগডুগি বাজাক না।

বাজারের অগ্রগতি ও সাফল্য অনেকাংশে নির্ভর করে দেশের সরকার ও সুশীল সমাজের ওপর। বাজার যে চাহিদার যোগান দিতে অসমর্থ তা সরকার বা সুশীল সমাজকে যোগান দিতে হবে এবং তা না দিতে পারলে বাজার ও সরকার উভয়েই ব্যর্থতায় ক্লেদাক্ত হবে। বাজারে ন্যায্য প্রতিযোগিতার ব্যবস্থা বাজার দিতে পারবে না। বাজারের একটা প্রবণতা রয়েছে স্বয়ং একচেটিয়া হওয়ার। একচেটিয়া বাজারের দোষময়তা থেকে কেবল সরকারই যথায়ুক্ত বিধান দিতে পারে বা সমাজের চাপে বিধান দিতে বাধ্য হয়।

বাজারতত্ত্ব ব্যক্তির আত্মস্বার্থের ওপর জোর দেয়। সেই আত্মস্বার্থ চরিতার্থের জন্য যখন কেউ লোভ, অসততা ও অনৈতিকতার আশ্রয় নেয় তখন তাকে বাজার নিয়ন্ত্রণ করতে পারে না। ধর্মের কল বাতাসে না নড়লে, বা স্বার্থের সংঘাত সম্পর্কিত ন্যায়াদর্শকে অবজ্ঞা করা হলে সরকারকে এগিয়ে আসতে হবে ভারসাম্য রক্ষা করার জন্য।

উনবিংশ শতাব্দীতে আর এক ধরনের বিশ্বায়ন হয়েছিল। নিজেদের দুর্গতির অবসানকল্পে বিশ্বের শ্রমিক 'দুনিয়ার মজদুর এক হও' বলে ডাক দিয়েছিল। সে-সময় *অস্‌ড্রন্যাশনাল* গান গেয়ে শ্রমিকদের জমায়েত শুরু হতো। এখন অনেক প্রাক্তন সাম্যবাদী দেশে আর মে-দিবস পালিত হয় না। পশ্চিম ইউরোপে সমাজবাদী কাঠামোকে অবশ্য শিকড়সুদ্ধ তুলে ফেলা সম্ভব হয়নি। বাবুশ্রমিক দলদের সফরসঙ্গীর মধ্যে আজ বহু ব্যবসায়ীকে দেখা যায়। শ্রমিক দলের নির্বাচনী কড়ি যোগান দেয় বহু ব্যবসায়ী প্রতিষ্ঠান। এখন নতুন বিশ্বায়নের যুগে অনেক পরিবর্তন এসেছে এবং আরো আসবে। ফিদেল ক্যাস্ত্রো কখনোসখনো ফ্যাটিগ ছেড়ে বিজনেস স্যুট পরছেন। চীনা নেতারা আন্তর্জাতিক সমাবেশে হান ভাষার পরিবর্তে ইংরেজি ভাষায় কথা বলছেন, দোভাষের দেয়াল ভেঙে। তাঁদের পরিধেয় বস্ত্রে তেমন কোনো দলীয় বা রাজনৈতিক উর্দির বৈশিষ্ট্য নেই। সমস্বরে বারংবার উচ্চারিত হয়- ওপেনিং টু দ্য ওয়ার্ল্ড। নিজ নিজ স্বার্থে বিশ্বের দিকে বাতায়ন খুলে দিতে চায় আজ সবাই।

শিল্প বিপ্লবের ফলে এক নতুন সমাজব্যবস্থার মানুষ স্বপ্ন দেখেছিল এবং ভেবেছিল বিজ্ঞানের বদৌলতে তা অর্জন করা সম্ভব হবে। অগ্রগতি হয়েছে বিস্ময়কর, স্বপ্নভঙ্গ হয়েছে নিদারুণ। আজ সাম্প্রতিককালের তথ্য বিপ্লবের ফলে ব্যক্তির ক্ষমতা অবিশ্বাস্য রকম বৃদ্ধি পেয়েছে। এখনকার বাম চিন্তা বিদদের কেউ কেউ বলছেন মানব উন্নয়নের যে সম্ভাবনা আজ নাগালের মধ্যে, সে অবস্থার কথা পূর্বে কোনো সমাজবাদী বা সাম্যবাদী, তাত্ত্বিকরা চিন্তাও করতে পারেননি। স্বপ্ন দেখার জন্য এখনই সময়, বড়ই সুসময়।

'বর্তমান সমাজের পরিপ্রেক্ষিতে অর্থনীতির কর্তৃত্বের সর্বোচ্চ শিখর জয় লাভই হচ্ছে সমাজতন্ত্র।' কথাটা বিংশ শতাব্দীর দুইয়ের দশকে সোভিয়েট রাশিয়ার লেনিন, না পাঁচের দশকে ব্রিটেনের শ্রমিক নেতা বিভান বলেছিলেন—এ নিয়ে মতবৈধতা রয়েছে। সমাজতন্ত্রের প্রতি এ ধরনের অনুরাগ সর্বত্র ছিল না। ১৯৬০ সালে গুনার মিরডাল বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রে এবং কিছুটা কম হলেও অন্যান্য ধনী ও অর্থনৈতিকভাবে অগ্রগামী পশ্চিমা দেশের পাবলিক বিতর্কে সব সময় 'মুক্ত' বাণিজ্যের অনুসারীরা প্রাধান্য বিস্তার করে থাকে। অর্থনৈতিক পরিকল্পনার ব্যাপারে প্রায় সর্বত্র একটা অখ্যাতি ছিল এবং আমেরিকায় একে বৌদ্ধিক ও নৈতিক বিকৃতি এবং এমনকি রাজনৈতিক সাবোতাশ হিসেবে বিবেচনা

করে। সাত বছর পরে জন কেনেথ গলব্রেথ অবশ্য বলছেন—‘পূর্ণ পরিকল্পিত অর্থনীতি জনগণের কাছে অপ্রিয় তো নয়ই, বরং যারা এ ব্যাপারে ভালোভাবে জানেন তারা একে সমাদরে বিবেচনা করে থাকেন।’

সমাজে নিত্যপ্রয়োজনীয় অনেক চাহিদা রয়েছে, যা বাজার যোগান দিতে উৎসাহবোধ করে না। জননিরাপত্তা, জনশিক্ষা, জনস্বাস্থ্য, আইন-আদালত দেশের যোগাযোগ ব্যবস্থা বা প্রতিরক্ষা ও পরিবেশ সংরক্ষণের দায়িত্ব বাজার নেয় না। বাজারের ব্যবসায়ীরা ঠিকাদার হিসেবে কাজ করতে পারে, লাভের আশায় গবেষণায় চাঁদা দিতে বা অংশগ্রহণ করতেও পারে, কিন্তু এসব ব্যাপারে কেউ দায়িত্ব নিতে চাইবে না এবং কোনো সুস্থ সমাজই এসব দায়িত্ব ব্যক্তি-উদ্যোগের প্রতিষ্ঠানকে সম্পূর্ণভাবে দিয়ে দিতে চাইবে না, চন্দ্রপৃষ্ঠে ব্যক্তিউদ্যোগে মহাকাশ অভিযান সম্ভব হলেও।

বাজারের ব্যবসায়ীরা কোনোদিন সামাজিক ও পরিবেশগত পরিব্যয়কে হিসাবের মধ্যে নেয় না। সরকারের হস্তক্ষেপ ছাড়া বাজারকে পরিবেশ ও সমাজের ওপর যদি অবাধ দৌলুদার করতে দেওয়া হয়, তবে চূড়ান্ত পর্যায়ে বাজারের অস্তিত্বই বিপন্ন হবে।

সামাজিক ন্যায় সম্পর্কে সমাজের যে মূল্যবোধ বিরাজ করে তার সংরক্ষণেও বাজারের তেমন কোনো মাথাব্যথা থাকে না। দেশের বৃহত্তর স্বার্থে, সুখম উন্নয়ন এবং শান্তিশৃঙ্খলা ও ন্যায়পরতার জন্য সরকারকে বাজার ও ভোক্তাদের মধ্যে, বাজারের মালিক ও শ্রমিকদের মধ্যে এবং বাজারে পুঁজি বিনিয়োগ ও পুঁজি সরবরাহকারীদের উদ্ভূত বিভিন্ন বিরুদ্ধ-স্বার্থের সমন্বয় সাধনের জন্য সরকারকেই মধ্যস্থতা করতে হয়।

বাজার যা নগদ পায় তাই হাত পেতে নেয়। মুনাফা ছাড়া ভবিষ্যতের তার জন্য তেমন ভাবনা নেই। দেশের মঙ্গলের স্বার্থে ও পৃথিবীর সার্বিক মঙ্গলে সরকারকে রাষ্ট্রীয় এবং আন্তঃরাষ্ট্রীয় পর্যায়ে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করতে হবে। শুধু বাজারের সুবিধার জন্য এবং ব্যবসার সুবিধার জন্য সরকার নিয়ম করবে, কিন্তু বাজারের দৌলুদারোকে কোনো বিধি নিষেধ আরোপ করতে পারবে না, এমন রাষ্ট্রদর্শক কোনো দেশেই নেই।

আবার, যারা সরকারভরসাকারী তাদের মনে রাখতে হবে আমাদের দেশে সরকার যানজট ঠেকাতে না পেলে সেনা মোতায়েন করেছে। সর্বোচ্চ আদালতের নির্দেশনা পালন করতে সরকার মাসের পর মাস সময় নিচ্ছে এবং সময় নিয়েও আদালতের হুকুম পালন করছে না। সংবিধান-আরোপিত কর্তব্য নির্বাহী বিভাগ অবলীলাক্রমে পালন না করে ১০ বছরের অধিক কাল কাটিয়ে দিয়েছে। সরকারি ও আধাসরকারি বিভিন্ন সংস্থা কোটি কোটি টাকার বিল পরিশোধ না করে শীর্ষস্থানীয় খেলাপি হিসেবে আজ চিহ্নিত। সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্রে সংবিধান নির্দেশিত ব্যবস্থা এ দেশে নেওয়া হয় না। এহেন দেশের সরকারের পক্ষে বাজারের চাহিদা-যোগান, উঠতি-পড়তি, লাভ-লোকসান, দরকষাকষির মাধ্যমে লেনদেন গ্রহণ-বর্জন এবং ঝড়-ঝঞ্ঝা-ধাক্কা সহ্য করে চলনসই কাজসারা স্থিতি রক্ষা কি সম্ভব? বাজারের সামান্য ভার নেওয়ার আগে সরকারকে আইনানুগত হতে হবে এবং সকল নাগরিককে সমান প্রতিযোগিতার সুযোগ এবং আইনের আশ্রয় দিতে হবে।

সমাজতন্ত্র বনাম মুক্তবাণিজ্যের যুদ্ধে সমাজতন্ত্র হেরে গেছে, যত না দার্শনিক কারণে তার চেয়ে অনেক বেশি দুর্নীতির কারণে। সোভিয়েট রাশিয়ার প্রতিষ্ঠার পর প্রায় চার দশক ধরে রক্তক্ষয়ী দুদুটো মহাযুদ্ধ এবং লাগাতার অন্তর্দ্বন্দ্ব সত্ত্বেও অর্থনৈতিক প্রবৃদ্ধি-হার ছিল চমৎকার। পরে প্রশাসনে ব্যাপক দুর্নীতির

ফলে রাষ্ট্রের মেধা ও বুদ্ধি প্রায় অচল হয়ে পড়ে। পুঁজিবাদী শাসন ব্যবস্থায় যখন দুর্নীতি প্রবল হয়ে দেখা দেয় তখনো বলা হয় পুঁজিবাদের আন অ্যাকসেপটেবল ফেস- অগ্রহণযোগ্য ছিঁরি-চেহারার কথা। যুগপৎ মতান্বিত ও দুর্নীতিবাজ সমাজতন্ত্রীরাই সমাজতন্ত্রের ছব্বা-মুখশ্রী বিনষ্ট করেছে।

অর্থনীতির বাঁকেবাঁকে যে বিস্ময় রয়েছে তাকে কী অস্বীকার করা যাবে? আমার মাঝে মাঝে মনে হয়, রেফ্রিজারেটর ও রঙিন টেলিভিশনের কাছে কাল মার্কস হেরে গেছেন। সোভিয়েত ব্যবস্থায় দুর্নীতি ও অনর্জিত আয় পার্টি সদস্যরা উপভোগ করতে এমনি অভ্যস্ত হয় যে এক বিরাট মাথাভারী সাম্রাজ্যিক কাঠামো হঠাৎ করে ভেতর থেকে ধসে গেল। ধরাতলে প্রতিপক্ষের কাছ থেকে একটা গুলিও ছোড়া হলো না বা আকাশ থেকে বেপথুমান কোনো তারকাও ভেঙে পড়ল না ডন বা ভল্গা নদীতে বা বৈকাল হুদে।

১৯৪৭ সালের পর সাম্রাজ্যবাদী রাষ্ট্রের সদ্যবিমুক্ত উপনিবেশগুলোতে অর্থনৈতিক মুক্তি বা উন্নয়নের জন্য সমাজতন্ত্র, নিদেনপক্ষে কেন্দ্রীয় অর্থনীতি বিশ্বের প্রায় সর্বত্র আদৃত হয়েছিল। তৃতীয় বিশ্বে মিশ্র অর্থনীতির প্রবক্তা হিসেবে ভারতের প্রভাব ছিল ব্যাপক। বার্লিন প্রাচীর ভাঙার বা সমাজতন্ত্রী রাশিয়া বিনষ্ট হওয়ার পর যদি বাংলাদেশের অভ্যুদয় হতো তবে কি এ দেশের সংবিধানে সমাজতন্ত্রের উল্লেখ করা হতো! বা এক ঢোক গিলে বা থুত্ব বলে ‘সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচারের’ শব্দগুলো প্রতিস্থাপন করে সংবিধানের সংশোধন প্রয়োজন হতো! এই উপমহাদেশের দেশগুলো সংবিধানের এক দারুণ কৌতূহলোদ্দীপক সংগ্রহশালা। সংবিধানের প্রস্তাবনারও সংশোধন হয়! প্রস্তাবনা প্রক্ষিপ্ত হলে যে তা হতে পারে।

সরকার আমাদের দেশে আমাদের মা-বাবা হিসেবে চিহ্নিত। আমরা আমাদের সমস্যা পূরণের জন্য স্বভাবত সরকারের প্রতি মুখাপেক্ষী। ব্রিটিশ-পূর্ব সরকারের সময় সমাজের দিকে মানুষ তাকিয়ে থাকত। সরকারের সঙ্গে খাজনা দেওয়া ছাড়া তেমন সম্পর্ক ছিল না। সরকারের ক্ষমতা ও দাপট বৃদ্ধির সঙ্গে সঙ্গে সর্বত্র মানুষের সরকারনির্ভরতা বৃদ্ধি পেয়েছে, আমাদের দেশেও।

আজ রাষ্ট্রীয়ত্ব বা জাতীয়করণ শব্দদ্বয় কোনো কোনো অর্থনীতিবিদদের কাছে একেবারে অশ্রাব্য শ্রুতিকটু বলে মনে হয়। এখানে মনে রাখা দরকার বাংলাদেশে বিংশ শতাব্দীর শেষার্ধের পাট, ব্যাংক ও বীমা জাতীয়করণের কথা বারবার উঠেছিল। যুক্তফ্রন্টের একুশ দফায় অর্থনীতির যেসব প্রশ্ন ওঠে তা সব রাষ্ট্রের অপার ক্ষমতায় বিশ্বাসী মনের কথা। রাষ্ট্রক্ষমতায় বিশ্বাসী রাজনীতিকরা অর্থনীতিবিদদের দুই অর্থনীতির আলোকে ছয় দফা থেকে, অবশেষে এক দফায় স্বাধীন রাষ্ট্রের লক্ষ্যে নিজেদেরকে নিয়োজিত করলেন।

স্বাধীনতার পর অতি শিগগিরই, চার বছরের কম সময়ের মধ্যে, ১৯৭৫ সালের হত্যাকাণ্ডের পর রাষ্ট্রনির্ভরতার পরিবর্তে ব্যক্তি-উদ্যোগের কথা বেশ জোরেশোরে বলা হলো। ‘টাকা কোনো সমস্যা নয়’-এমন সব উদ্ভট কথাও শোনা গেল। বেসরকারি উদ্যোগে ব্যাংক-বীমার প্রসারে এবং সরকার ব্যর্থতার কারণে যে খেলাপি সংস্কৃতির জন্ম হলো তার সঙ্গে ডাকাতজমিদাররা মিলে আজ দেশের অর্থনীতিতে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে।

বাংলাদেশ যে ‘নিতল বুড়ি’ নয়, তা প্রমাণ করার জন্য এখন গলদঘর্ম গবেষণার প্রয়োজন নেই। তবে বুড়িটি নিশ্চিন্দ্রও নয়। যার হাতে বুড়ি তার সদিচ্ছা, অপ্রত্যয় ও সাহসের অভাব রয়েছে। দেশের মালিকের হাতছাড়া হয়ে বুড়িটি অপাত্রে পড়েছে কয়েকবার। দেশে ন্যায্যতার শৃঙ্খল ভগ্ন হয়েছে। গত

ত্রিশ বছরের দুজন রাষ্ট্রপ্রধানকে হত্যা এবং অসংখ্য অস্বাভাবিক খুন জখম দুর্নীতির প্রতিকার না হওয়ায় উন্নয়নের জন্য এক প্রয়োজনীয় সুস্থ ধারাবাহিকতায় ছেদ পড়েছে। সাত্ত্বনা, রাজনৈতিক বিশৃঙ্খলা ও উপপ্লব সত্ত্বেও দেশে গৃহযুদ্ধ বাধেনি। আফ্রিকার বহু দেশ আজ গৃহযুদ্ধের কারণে বড়ই বিপন্ন। মন থেকে অবশ্য আশঙ্কা দূর হয় না। আইনশৃঙ্খলার ক্রমাবনতি এবং শাসন ব্যবস্থায় ব্যাপক অনিয়ম ও অনাচারের জন্য দেশটি এক নম্বর দাগি দুর্নীতিবাজ হিসেবে চিহ্নিত হয়েছে পরপর গত দু বছর।

তবে ভরসা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধীরে ধীরে বেড়েছে। সত্তর দশকের শতকরা এক ভাগের কম প্রবৃদ্ধির হার আশির দশকে ১.৮% এবং নব্বই দশকে ৩% ভাগের উপরে উঠেছে। গালভরা সুশাসনের কথা বলব না। হতাশাব্যঞ্জক নয়, আশাব্যঞ্জকও নয়, চলনসই কার্যকর শাসন ব্যবস্থা থাকলে দেশের বর্তমান বিনিয়োগ ও উৎপাদন হেসেখেলে প্রবৃদ্ধির হার আর ২% ভাগ বাড়ত। নব্বই দশকে দারিদ্র্যের হার ৫৯% থেকে কমে ৫০% দাঁড়িয়েছে। তবে ৮৮টি উন্নয়নশীল দেশের বাংলাদেশের অবস্থান ৭২তম। মানব উন্নয়নে বিশ্বের ১৭৩টি দেশের মধ্যে আমাদের অবস্থান ১৪৫। এই সব নৈরাশ্যজনক পরিসংখ্যানের মাঝে আমার কাছে এটা একটা বড় খবর যে, গ্রামীণ পরিবারের উপার্জনকারীদের ৫২% জন আজ অ-কৃষি কর্মকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্ট। ১৯৮৭-৮৮ সালে সেই হার ছিল ৩৭%। পেশাগত চলমানতা, যান্ত্রিক সেচ, যান্ত্রিক চাষ, রাস্তাঘাট ও শিক্ষার প্রসারের ফলে এবং গ্রামবাসীর চাহিদা ও আকাঙ্ক্ষার পরিবর্তনের ফলে কৃষিভিত্তিক বৃত্তি ১৬% কমেছে এবং কৃষি শ্রমিকের সংখ্যা অর্ধেক কমেছে।

শতাব্দী উন্নয়নের লক্ষ্যমাত্রার কোনো কোনো ক্ষেত্রে আমরা কিছুটা সাফল্য অর্জন করেছি। পাঁচ বছরের নিচের শিশুদের মৃত্যুর হার কমেছে। প্রাইমারি স্কুলে ছাত্রসংখ্যা বেড়েছে। কিন্তু অতীতে যে সাফল্য অর্জন করা হয়েছে তা ধরে রাখা কঠিন হয়ে দাঁড়িয়েছে। বিদেশী মহাজন ও অর্থনীতি-পরামর্শকদের মতে, আমরা যথাযোগ্য কাঠামোগত সংস্কার করিনি। বাজেট ঘাটতি বিপজ্জনকভাবে বেড়েছে। রাষ্ট্রীয়ত্ত সংস্থাগুলোর বড় বিপন্ন অবস্থা।

একটা বড় লক্ষণীয় ব্যাপার, বাংলাদেশে সরকারের ব্যর্থতা সত্ত্বেও, বাজারের ব্যর্থতা সত্ত্বেও সমাজে আনুপাতিকভাবে সেই ব্যর্থতা ঘটেনি। কৃষিখাতে, জলনিয়ন্ত্রণের ক্ষেত্রে ও শিক্ষায় আশু ফললাভের উদ্দেশ্যে ব্যক্তিগত উদ্যোগে সমাজ সাফল্য লাভ করেছে। সীমিত জনসংযোগের প্রচার মানুষকে উদ্বুদ্ধ করেছে সংস্কার এবং নবপ্রবর্তনাকে গ্রহণ করতে। মানুষ নানা ধরনের কৃষিপণ্য উৎপাদন করছে। বাড়ির চারপাশে গাছ লাগাচ্ছে। বৃষ্টির পানিও ধরে রাখার চেষ্টা করছে। যেখানে-সেখানে পানি খাওয়ার জন্য বাঙালিদের যে দুর্নাম ছিল, তা অস্তহিত হচ্ছে। বোঝাতে জানলে পাগলও যে নিজের ভালো বোঝে!

পুঁজিবাদী উন্নয়নের পেছনে মূল চালিকাশক্তি পুঁজি। আর ইতিহাসে দেখা যায় সফল জাতগুলো বাজারের হাত মুচড়েই অতিরিক্ত টাকাটা সংগ্রহ করেছে। শিল্পের প্রসার নির্ভর করে সঞ্চয় ও বিনিয়োগের ওপর কিন্তু অনুন্নত দেশে অনেক সময় সঞ্চয় ও বিনিয়োগের মধ্যে একটা বিরোধ জমে ওঠে সুদের আদর্শ হারকে কেন্দ্র করে। বর্তমানে আমরা সুদের হার নিয়ে নানা ধরনের হিমশিম চেষ্টা করছি, যাতে বিনিয়োগে খাটানোর জন্য আরো বেশি পুঁজি পাওয়া যায়।

তত্ত্বকথা হিসেবে আমাদের দেশে শেয়ারবাজারের কথা অসংখ্যবার বলা হয়েছে। সেই বাজার সাধারণ আনপড়, নিবিড়ের নাগালের বাইরে। সেই বাজার তারা বোঝে না, সেখানে বিনিয়োগ করতে সাহস পায় না। বরং তারা দেশীয় প্রথায় জমি রাখবে, খাইখালাসিতে বিনিয়োগ করবে এবং মরসুম অনুযায়ী

দাদন দেবে বা মাল কিনে রাখবে, দর উঠলে বেশি দামে বিক্রি করবে। আমাদের দেশের বাজার সম্পূর্ণ বিশ্বাসের ওপর। আইনি পরামর্শের জন্য ক্রেতা-বিক্রেতারা তেমন খরচ করতে চায় না। এমন সীমিত বাজারের অভিজ্ঞতা নিয়ে বিশ্বাসনের সমুদ্রে যাতে নাকানিচুবানি কম খেয়ে আমরা ভেসে থাকতে পারি সে ব্যাপারে সরকারকেই ভাবতে হবে, তা যতই দুর্নীতিপরায়ণ হোক না কেন!

নৈতিকতা সম্পূর্ণ বর্জন না করে তবে তাকে তেমন গুরুত্ব না দিয়ে নয়া ধ্রুপদী অর্থনীতিবিদরা যে প্রকৌশল-অর্থনীতির কথা বলছেন, দক্ষিণ এশিয়ায় তার আদি গুরু কৌটিল্য। অ্যারিস্টটলের সমসাময়িক অর্থশাস্ত্র-এর প্রণেতা কৌটিল্য বাস্তববাদীর দৃষ্টিতে সমাজ, রাজার কর্তব্য প্রজ্ঞানুরঞ্জনে ন্যায়প্রতিষ্ঠা ও ধর্মপালন এবং অর্থনীতির কথা আলোচনা করেছেন। অ্যারিস্টটল, রিকার্ডো, মার্কস প্রমুখ ধ্রুপদী অর্থনীতিবিদের কাছে উচিত্যের প্রশ্ন অপ্রাসঙ্গিক নয়, বরং গুরুত্বপূর্ণই। এখন যখন মানবিক অধিকার, ক্ষমতায়ন, নারী-পুরুষের বৈষম্যের অবসান ইত্যাদি প্রশাসনের লক্ষ্যবস্তু বলে বিবেচিত, তখন সরকারকে সাক্ষীগোপাল হয়ে দাঁড়িয়ে থাকলে চলবে না। সরকারের দুর্নীতির ভয়ে এবং তার ব্যর্থতায় তিজ্ঞ হয়ে মানুষ সরকারের ওপর ভরসা করে না। বাংলাদেশের পরিপ্রেক্ষিতে ঋণখেলাপি, দু নম্বর লেনদেন এবং ব্যবসায় সন্ত্রাসের প্রভাব উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় উদারপন্থীরাও বাজারের গুণগান করতে তেমন উৎসাহ পায় না।

আবার মুক্তবাজারের স্বার্থে বেসরকারিকরণের কথাও পদে পদে আমাদের শোনানো হয়। যেন বোতাম টিপেই বেসরকারিকরণ করা যায়। যে সমস্ত জিনিস সরকারের করা কর্তব্য তাও সরকার ও আমাদের স্বভাবগুণে বেসরকারি হয়ে গেছে। সরকারি হাসপাতালগুলো আজ নামে মাত্র সরকারি। চিকিৎসার ওষুধপত্র ও সরঞ্জাম বাইরে থেকেই কিনতে হয়। তারপর খাসলতের গুণেই বেসরকারিকরণের কোনো সুফল দেখা যায় না। প্রায় ৫০০টি ব্যবসায়িক প্রতিষ্ঠান ব্যক্তিমালিকানায় হস্তান্তর করা হয়েছে। তার অর্ধেকের এখন কোনো নাম-নিশানা নেই। প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তি ও অন্যান্য পরিসম্পৎ বিক্রি করে নগদ হাতিয়ে নিয়ে নতুন মালিক হাওয়া।

মুক্তবাজারে বিশ্বাসী পরামর্শদাতারা আমাদের সময়ে-অসময়ে সারের ওপর ভর্তুকির বিরুদ্ধে সবক দিয়ে যাচ্ছেন। ধনী দেশে শুধু সার নয় বিশেষ বিশেষ কৃষিপণ্যের ওপর এমনভাবে সার্বিক ভর্তুকি দেওয়া হয় এবং সেই দেয়াল এতই উঁচু হয় যে তা টপকানোর ক্ষমতা কোনো দরিদ্র দেশের নেই।

মুক্তবাজারের জন্য উন্নয়নশীলদের কাছে যেসব নাছোড়বান্দা দেশ ধরনা দিচ্ছে তাদের নিজেদের দেশের কেউ ইম্পাত বা ভারী শিল্পে এমন ভর্তুকি দিচ্ছে যে দরিদ্র দেশের পক্ষে তাদের বাজারে ঢোকা মুশ্কিল। আবার কোনো কোনো দেশে কৃষিপণ্যের, ওপর এমন ভর্তুকি দেওয়া হচ্ছে যে সেখানে দরিদ্র উৎপাদকের সেখানে প্রবেশের কোনো উপায় নাই। কৃষিতে জাপান, কোরিয়া ও তাইওয়ানে তাদের ঐতিহ্য রক্ষার খাতিরে যে ভর্তুকি দিয়ে থাকে তা সহসা তুলে নেওয়া হবে না। যেসব উন্নত দেশগুলো কলার চালান নিয়ে কদলীযুদ্ধের জন্য পায়তারা করে এবং কদলী প্রজাতন্ত্রগুলোর অর্থনীতির প্রতি হুমকি হয়ে দাঁড়ায় ভবিষ্যতে তাদের কী কায়দা-কসরত হবে তা বলা মুশকিল।

চিনি, কফি, তুলা এবং অন্যান্য গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে সহজে উৎপাদনযোগ্য কৃষিপণ্যের বিশ্ববাজার আজ জঘন্যভাবে বিকৃত। ধনী কৃষিখামারের মালিকদের ভর্তুকি দেওয়া হচ্ছে বছরে ৩০০ বিলিয়ন ডলার। চিনির ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়ন আফ্রিকার বিভিন্ন দরিদ্র দেশের আমদানির ওপর শতকরা ১৪০ ভাগ শুল্ক চাপিয়ে দিয়েছে এবং নিজেদের বিট-শর্করার উৎপাদকদের কেবল ১.৬ বিলিয়ন ডলার সাহায্যই

দিচ্ছে না, তাদের উদ্বৃত্ত চিনি বহির্দেশে অল্প দামে চালান দেওয়ায় বিশ্ববাজারে চিনির বাজার আজ অস্থিতিশীল। এহেন মুক্তবাজারের আশু পরিবর্তন হওয়ার কোনো লক্ষণ নেই। ধনী দেশের কৃষিখামারগোষ্ঠী মৌলবাদী মুক্তবাজারপন্থীদের খাতিরে কোনো ছাড় দেবে সে আশা করা বাতুলতা। দরিদ্র দেশের কৃষিপণ্যের উৎপাদকদের পক্ষে কমোডর পেরির মতো কেউ নেই। যুক্তরাষ্ট্রের স্বার্থে জাপানের বাজার খুলে দেওয়ার জন্য ইয়াকোহামা বন্দরে মার্কিন রণতরী হাজির হয়েছিল। চীনের মহাদেশীয় ভূখণ্ড বাণিজ্য মুক্ত করার জন্য প্রকাশ্যে-অপ্রকাশ্যে যে কূটনীতির আশ্রয় নিয়েছিল তা অনুসরণ করার যোগ্যতা বা সাহস দরিদ্র দেশের থাকার কথা নয়।

মুক্তবাজারের যারা প্রবক্তা তাদের কাছে উন্নয়নশীল দেশের তরুণরা প্ল্যাকার্ড নিয়ে দাঁড়িয়ে থাকে 'ভিসামুক্ত বিশ্ব চাই'। উন্নত দেশের ভবীরা সে কথায় ভোলে না। তাঁরা উন্নয়নশীল দেশের পণ্যের বিরুদ্ধে অ্যান্টি ডাম্পিং আইন প্রয়োগ করে।

আমরা অনেক সময় মোটা দাগের মোদ্দা কথায় একমত পোষণ করি। পাশ্চাত্য চিন্তাধারায় দেশের অর্থনীতিতে আইনকে বড় গুরুত্ব দেওয়া হয়। চুক্তি ও আদালতের রায়ের ভবিষ্যবাচ্যতা বা অগ্রকথন যোগ্যতা সম্পর্কে পুনঃপুনঃ বলা হয়েছে। এমন ঢালাও কথা শোনা যায় যে, প্রাচ্যের সমাজে আইনের তেমন গুরুত্ব নেই। এসব প্রতীচ্যকেন্দ্রিক চিন্তাধারায় এও বলা হয় যে মুসলমানদের মধ্যে সুদ প্রথা না থাকার জন্য পুঁজিবাদ গড়ে উঠেনি মুসলিম-অধ্যুষিত দেশে। বলা হয়, প্রোটোস্ট্যান্ট রিফরমেশনের মতান কোনো আন্দোলন না হওয়ায় ব্যক্তি স্বাধীনতা বা ব্যক্তি-উদ্যোগ বিকাশ লাভ করেনি। এসব ঢালাও কথাগুলোর আলুনি স্বাদ শোধরাতে কয়েক চিমটি নুন মেশাতে হবে। প্রায় সব ধর্মই তো কুসীদ প্রথার বিরুদ্ধে। ইউরোপে রিফরমেশনের পরেও ধর্মান্ধতা, অসহিষ্ণুতা ও অমানবিক শাস্তিদান প্রোটোস্ট্যান্টরা চালু রেখেছিল। ক্যাথলিক ও প্রোটোস্ট্যান্টদের মধ্যে এক সময় যে রক্তগঙ্গা বয়ে যেত তার রেশ এখনো তো সম্পূর্ণ মুছে যায়নি।

অনেকে বলেন, রাষ্ট্র বনাম বাজার মামলায় সোলে করার উদ্যোগে আদর্শিক ধ্যান-ধারণার ওপর জোর না দিয়ে বাজারের ব্যর্থতা ও সরকারের ব্যর্থতার তুলনামূলক বিবেচনাটাই মুখ্য। ভালো কথা। কিন্তু সেই বিবেচনাটা কোন তথ্য-প্রমাণের ওপরে নির্ধারিত হবে? মানুষের জীবনে যেমন, তেমনি শিল্প বা কৃষিক্ষেত্রেও একই যাত্রায় বিভিন্ন ফল হয়। কৃষি উৎপাদনের জন্য সহায়ক হতে পারে কৃষির সম্ভার-সম্ভরণের বাজার মুক্ত করে দিলে। আবার এ ব্যাপারে বাজার সম্পূর্ণ অনিয়ন্ত্রিত হলে সুষম বীজ, জুতসই যন্ত্র বা ভালো সারের জায়গায় বাজে বীজ, জোড়াতালি দিয়ে কাজ-সারা ভঙ্গপ্রবণ নিম্নমানের যন্ত্রাংশ বা ভেজাল সারে বাজার সয়লাব হতেও পারে, হয়ও। বিষাক্ত বর্জ্য সার হিসেবে আমাদের দেশে বিদেশ থেকে চালান এসেছে। অর্থনৈতিক সংস্কারে আদর্শিক গবেষণার চেয়ে তথ্যভিত্তিক নিরীক্ষা ও সংসারের অভিজ্ঞতা অনেক বেশি গুরুত্বপূর্ণ।

সামরিক ক্ষমতায় শক্তিমান যেকোনো দেশের অর্থনীতিতে প্রতিরক্ষা খাতের প্রভাব অপরিসীম। আমাদের সম্ভাব্য সামরিক ক্ষমতার সঙ্গে নিঃসম্পর্কিতভাবে আমরা সামরিক খাতে অনুপাতহীন ব্যয় করি। এ ব্যাপারে গোপনীয়তা রক্ষা করার যে চেষ্টা হয় তা গোপন থাকে না। সাধারণ লোক কিছু জানতে না পারলেও, পশ্চিমা দেশের পেশাদার মিলিটারি ও স্ট্রাটেজিক প্রতিবেদনে যথেষ্ট খবর থাকে। দেশের অবসরপ্রাপ্ত কোনো কোনো জেনারেল দুঃখ করে বলেন, এ পর্যন্ত আমাদের কোনো জাতীয় প্রতিরক্ষানীতি নির্ধারণ করা হয়নি। আমরা প্রতিরক্ষায় কোন দেশকে আদর্শ হিসেবে গ্রহণ করব?

ডেনমার্ক না সুইজারল্যান্ড?

জাতিসংঘের শান্তি ও নিরাপত্তা বাহিনীতে ওই প্রতিষ্ঠানটির ব্যয়সঙ্কোচের জন্য আমাদের মাঝেমাঝে ডাক পড়ে। সেই বাহিনীতে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণের প্রয়োজন। দেশের অভ্যন্তরে শান্তিরক্ষা, অন্তর্ঘাতের মোকাবিলা, জলদস্যুদের হাত থেকে নৌবাণিজ্য রক্ষা এবং হামলাকারী শত্রুর বিরুদ্ধে নিদেনপক্ষে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অধিবেশন ডাকা পর্যন্ত টিকে থাকার জন্য যে-ব্যয় অপরিহার্য মনে হতে পারে তাও কম নয়।

আমরা গত ৩০ বছরে প্রতিরক্ষা খাতে যে ব্যয় করেছি তার একটা নিরপেক্ষ সমীক্ষার প্রয়োজন। রাষ্ট্রীয় উদ্যোগ দেশের দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে সহায়ক না অন্তরায়? রাষ্ট্রীয় সুবিধা ভোগ করে যে রেন্ট সিকিং বা অনর্জিত আয়ের জন্য হয়েছে তার মাত্রা কেমন? এ প্রশ্নে গত ৩০ বছরে আমরা আন্তর্জাতিক ঋণসংস্থা থেকে যে ঋণ পেয়েছি তা পেয়ে আমাদের কী লাভ হয়েছে, এবং না পেলে আমাদের কী দুর্গতি হতো, তারও একটা হিসাব দরকার। অর্থনীতির ক্ষেত্রে আরো যেসব চমকপ্রদ গবেষণার অবকাশ রয়েছে তা আমার চেয়ে আপনারা ভালো জানেন।

আজ উন্নতির জন্য বড় প্রয়োজন শিক্ষার। উন্নত প্রযুক্তির জন্য দরকার বিদ্যুৎ প্রযুক্তিবিদ্যার সমুৎকর্ষ কেন্দ্র। এই বিনিয়োগ বেসরকারি খাতে হওয়ার নয়। সরকারি উদ্যোগেই এই খাতে দরাজ হস্তে বিনিয়োগ করতে হবে। সুফলের জন্য ধৈর্যও ধরতে হবে।

আজ যেমন বিশেষজ্ঞের যুগ, তেমনি সর্ববিদ্যায় চলনসই সাধারণ পরিচয় রক্ষারও যুগ। মাইক্রো-জ্ঞানের চেয়ে ম্যাক্রো-জ্ঞানের প্রয়োজন বড় গুরুত্বপূর্ণ। অ্যাডাম স্মিথ শুধু ওয়েলথ অব নেশনস (১৭৭৪) লেখেননি। তিনি দ্য থিওরি অব মরাল সেন্টিমেন্টস (১৭৫৯), লেকচার্স অন জুরিসপ্রুডেন্স, এসেজ অন ফিলজফিক্যাল সাবজেক্টস-এর প্রণেতা। জ্যোতির্বিদ্যায়ও তাঁর ছিল বিচরণ। এহেন বিশ্ববিহারী না বলেছেন, “বিদ্বান ব্যক্তির তাঁদের কল্পনার আদর্শগুলোর সঙ্গতি রক্ষাকল্পে ইন্দ্রিয়ে সাক্ষ্যপ্রমাণকেও বাদ দিয়ে দেন।” যারা মুক্তবাজারের মোসাহেবি করেন এবং অনেক ক্ষেত্রে মুক্তবাজারের গণতন্ত্রের পরিবর্তে মুক্তবাজারের চৌর্যতন্ত্রের পক্ষে সায় দেন এবং সুপারিশ করেন তাঁদের এবং তাঁদের মতবাদ সম্পর্কে শেষ কথা বলার সময় এখন আসেনি। মামলা যখন সরল নয় তখন রায় সিএডি থাকে, পরে দেওয়া হয়। আরো খুঁটিয়ে ও খতিয়ে দেখার জন্য আদালত সময় নেয়। মুক্তবাজার সম্পর্কে আমাদের অভিজ্ঞতা এখনো অপ্রতুল, বিশেষ করে যখন কত বিভিন্ন ধরনের বাজার না আমরা এখন লক্ষ করি পূর্ব এশিয়ায়, আফ্রিকায়, আরব দুনিয়ায় এবং এমনকি খোদ পশ্চিম ইউরোপের একাধিক রাষ্ট্রে।

কনফুসিয়াস বলতেন, যখন মানুষ একজন মানুষকে বড় বেশি ঘৃণা করে তখন তার তদন্ত হওয়া উচিত এবং যখন মানুষ একজন মানুষকে বড় বেশি পছন্দ করে তখনও তার তদন্ত হওয়া উচিত। বাজারের পক্ষে-বিপক্ষে এবং সরকারের পক্ষে-বিপক্ষে আজ যখন তুমুল ফাটাফাটি বাহাস তখন এ সম্পর্কে নির্মোহ গবেষণা একান্ত প্রয়োজন।

দেশে বিভিন্ন মত ও পথ, শুধু বিভিন্ন মত ও পথই নয়, সম্পূর্ণ বিপরীতধর্মী মতাদর্শের মধ্যে সহঅবস্থান ও সহিষ্ণুতা থাকা প্রয়োজন। আমাদের কৌতূহল, জিজ্ঞাসা বা অতীতচর্চা গত ৩০ বছরের মধ্যে সীমিত না রেখে, মানবজাতির সার্বিক প্রচেষ্টার পটভূমিতে নিজের দেশের বর্তমান পশ্চাদপদতা এবং ভবিষ্যৎ

অগ্রযাত্রার সম্ভাবনার কথা ভাবতে হবে ।

আপাতদৃষ্টিতে কোনো মঙ্গলময় পন্থার অনুসরণ প্রায় সকলের জন্য ভালো মনে হলেও ভিন দেশের মাটিতে একই প্রক্রিয়া অনুকরণ করে আশানুরূপ ফসল ফলে না । গ্রামীণ ব্যাংকের সাফল্যের চারা বাংলাদেশের মতো দরিদ্র ও পশ্চাৎপদ দেশে রোপণ করে তেমন ভালো ফসল হয়নি, অর্থনীতির বিষয় শুধু পরিসংখ্যান আর সারণিতে সীমাবদ্ধ নয় ।

আজ বিশ্বে যে ১.২ বিলিয়ন লোক দিনে ৬০ টাকাও রোজগার করতে না পেরে দিন গুজরান করতে বাধ্য হচ্ছে, তাদের অতি ক্ষুদ্রাংশ সরকারি খাতে কাজ করে । সারা দুনিয়ায় সরকারি খাত সঙ্কুচিত হচ্ছে । আজ রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের অবসায়নে সরকার শুধু সোনালি মোসাফা করেই খালাস ।

মুক্তবাজারের ধকল যেন ছাঁটাই শ্রমিকদের বা বেকারের জন্য সুসহ হয় তার জন্য তাদের নতুন করে প্রশিক্ষণের কথা উঠেছে । এ ধরনের কাজ কিন্তু মুক্তবাজারের কর্তারা করবেন না । এ কাজ সরকারকে করতে হবে ।

বারো-তেরো কোটি মানুষের বেশির ভাগ লোকের ক্রয়ক্ষমতা সীমিত হলেও দেশের অভ্যন্তরীণ বাজারকে অবজ্ঞা করা ঠিক হবে না । সাধারণ মানুষের রুটি রোজগারের পথ প্রশস্ত করতে পারলে দেশের অভ্যন্তরীণ বাজারও বড় হবে । ইতিহাসে আমরা দেখেছি বৈদেশিক বাজারে- আমাদের বস্ত্রশিল্প, নীল, পাট বর্তমানে তৈরি পোশাক-ফ্যাশন, একেক সময় দারুণ সাফল্য লাভ করে । আবার বহির্জগতে চালচলন, বদলে যাওয়ার সাথে সাথে বিদেশের বাজার আমরা হারিয়ে ফেলছি । এক সময় মধ্যপ্রাচ্যের সৈন্যবাহিনীতে উর্দির সাজসরঞ্জাম, ঝালর ইত্যাদি কারুকর্ম বিক্রি করে আমরা বেশ ভালোই রোজগার করতাম । হঠাৎ সে অঞ্চলে ইউরোপীয় ফ্যাশনে ইউনিফর্ম চালু হওয়ার পর পুরনো চাহিদা হঠাৎ করে উবে গেল । পাটের রমরমা বাজার কোরিয়ার যুদ্ধ পর্যন্তও ছিল এখন নেই । এক সময় চীন দেশের জন্য ঢাকা বিমানবন্দরের দারুণ গুরুত্ব ছিল । এখন বহির্বিশ্বের সঙ্গে যাতায়াতের জন্য চীনের হাজারটা পথ । বৈশ্বিক বাণিজ্যের যে ঝুঁকি আছে তা ২০০৫ সালের পরে বাড়বে না কমবে তা এখন সঠিকভাবে বলা যাবে না । অভ্যন্তরীণ বাজারে আমাদের যে মনোযোগ দেওয়া উচিত তার আর দেরি করা সমীচীন হবে না ।

আমাদের মতো দরিদ্র দেশকে একদিকে ক্ষুদ্র অর্থ উন্নত, এবং অন্যদিকে ধনী দেশের সঙ্গে কার্যকর সম্পর্ক রাখতে হবে । ক্ষুদ্র, দরিদ্র ও শক্তিহীনের জন্য অর্থনৈতিক কূটনীতি একটা বড় আশ্রয় । আমাদের চোপায় দড় হতে হবে । জোহানেসবার্গ বিশ্ব সম্মেলনে দরিদ্র ইথিওপিয়ার প্রতিনিধি তাঁর একটি বক্তব্য, যা সকল গরিব দেশের বক্তব্য, তা সকল দেশের কাছে তিনি গ্রহণযোগ্য করতে সক্ষম হয়েছে । প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, বিশ্ববাণিজ্য সংস্থার নিয়মবিধির সম্মুখে পরিবেশগত সমঝোতাগুলোকে অধস্তন ভূমিকা পালন করতে বাধ্যবাধকতার চাপ সৃষ্টি করা হবে না ।

সমস্যার কেন্দ্রবিন্দুতে যে মানুষ ব্যক্তিটি আছেন তিনি কঠিন মহাশয় । তাকে পুরো বোঝা যায় না । তিনি অনেক সময় ষড়রিপুর দ্বারা পীড়িত হন । অপরের মঙ্গলের বড় অন্তরায় হয়ে দাঁড়ান । নিরুপায় প্রতিহত বা বঞ্চিত ব্যক্তি বিক্ষুব্ধ হলে তাঁর মনে ক্ষোভ গুমড়ায়, সন্ত্রাসের হাতছানি বা বিস্ফোরণের আওয়াজে তাঁর দেহমানে শিহরণ জাগায় । উৎপাদনের ক্ষেত্রে মানব উপাদানকে নিয়ন্ত্রণ করা এবং তাকে কেন্দ্র করে কোনো পরিকল্পনা করা সবচেয়ে কঠিন সমস্যা । অর্থনীতিশাস্ত্র সেই মানুষকে বাদ দিয়ে নয় । লেমা, গ্রাফ, টেবল সমগ্র চিত্রকে বোঝার জন্য যেমন সহায়ক, তেমনি অন্তরায় । বাজার অর্থনীতিতে



অসফলের স্থান নেই। অসফল প্রতিষ্ঠান দেউলিয়া হবে। সম্ভব হলে তার পুনঃসংস্কার, না হলে তার সৎকার করতে হবে। সামগ্রিক অর্থনীতিতে অসহায়, দুস্থ, দরিদ্র, রোগগ্রস্ত, সংসারযুদ্ধে পরাজিত, সামরিক যুদ্ধে বন্দি, অপরাধের জন্য কারারুদ্ধ সকলের পরিত্রাণ ও মঙ্গলের কথা চিন্তা করে। মানুষকে কোনো অর্থনীতিবিদ বলতে পারেন না, 'তুমি দেউলিয়া হয়ে যাও।' একান্ত অপারগ হলেও তাকে বলতে হবে, 'ভেবে দেখি, কী করা যায়।'

অর্থনীতি না কি ডিসম্যাল সায়াস! এমন বিষণ্ণ বিষয়ের যে অন্তর্নিহিত আকর্ষণে বড় বড় অর্থনীতিবিদ মজেছেন সেই পথে আমাদের দেশের অর্থনীতিবিদদের যাত্রা শুভ হোক, এই কামনা করে, এবং দারিদ্র্যের কর্দমে কমল প্রস্ফুটিত হলেও হতে পারে-এই আশা করে আমি আজকের মহতী সম্মেলনের উদ্বোধন ঘোষণা করছি।

## Conference Address

# The Political Economy of the State and Market in Bangladesh

Rehman Sobhan  
Chairman, Centre for Policy Dialogue

## BACKGROUND

### **Bangladesh's Policy Inheritance**

সঞ্চয়নের হাতিয়ার হয়ে দাঁড়ায়, যার পরিণামে পুঁজি দুর্নীতির ফায়দাভোগী অনুৎপাদক গোষ্ঠী ও ব্যক্তিবর্গের গোপন সিঙ্ককে বন্দী হয়ে যাবার প্রবণতা দিনদিন শক্তিশালী হতে থাকে। মুৎসুদ্দী পুঁজিপতি গোষ্ঠী যেহেতু বাণিজ্য থেকে মুনাফা আহরণ করে, তাই রাষ্ট্রের নীতি প্রণেতাদের পৃষ্ঠপোষকতা, সাহায্য-সহায়তা-আনুকূল্য ব্যতিরেকে এ ধরনের পুঁজির সমৃদ্ধি অর্জন দুরূহ। অতএব, রাষ্ট্র রাজনীতিকদের শাসনে আছে বলে বাহ্যিকভাবে প্রতীয়মান হলেও মুনাফা সর্বোচ্চকরণের লক্ষ্যে রাজনীতিকদেরকে যেমনি খাজনা দিতে হয়, আমলাতন্ত্রের দুর্নীতির খাইও মেটাতে হয়। দুর্নীতির প্রাতিষ্ঠানিকতা অর্জনে বাংলাদেশে 'রাজনীতিক-মিলিটারী আমলা-সিভিল আমলা-মুৎসুদ্দী বণিক পুঁজিপতি', - এ চারগোষ্ঠীর যে গ্র্যান্ড এলায়েন্স গুঁড়ে বসেছে তার পেছনে এ রাষ্ট্রের উপর্যুক্ত ধরনের আমলাতান্ত্রিক চরিত্রই প্রধানত দায়ী। রাজনীতির এই বৈশ্যকরণ প্রক্রিয়া জোরদার হলে বৈধ বাণিজ্যের চাইতে 'স্মাগলিং' বেশি মুনাফাদায়ক হবে, বিনিয়োগ প্রকল্পে প্রদত্ত ব্যাংক ঋণও বাণিজ্যে ধাবিত হবে, প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্সের সিংহভাগ 'ছন্ডি'র মাধ্যমে চোরাচালানে পাচার হয়ে যাবে কিংবা কালো টাকাকে সাদা করার জন্য (money laundering) ব্যবহৃত হবে, এবং এক পর্যায়ে বিদেশে পুঁজি পাচারের চক্রে হারিয়ে যাবে। রাষ্ট্র ক্ষমতা এভাবে যখন পুঁজি আহরণের লোভনীয় পস্থা হয়ে দাঁড়ায়, তখন ভোটের রাজনীতি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলার পরিবর্তে 'ঘুষ ও ঘুষির' রাজত্ব হয়ে দাঁড়ানোই কি স্বাভাবিক নয়? আজকের বাংলাদেশে গণতন্ত্র যে সন্ত্রাসী-মাস্তান- কালো টাকার কাছে জিম্মি হয়ে গেছে তা সঠিকভাবে বিশ্লেষণ করলে রাজনীতির দুর্বৃত্তায়নের পেছনে আমাদের রাষ্ট্রের আমলাতান্ত্রিক চরিত্র ও মুৎসুদ্দী চরিত্রের উপরে বর্ণিত symbiosis পরিষ্কারভাবে ফুটে উঠবে।

### বাংলাদেশের বাজার ও ব্যক্তি খাত : বিশ্বায়নের পরিপ্রেক্ষিতে

বাংলাদেশের অর্থনীতিতে বাজার সম্পর্ক ক্রম প্রসারমান হলেও অর্থনৈতিক কার্যক্রমের বিশাল অংশ এখনো বাজার সম্পর্কের আওতা বহির্ভূত রয়ে গেছে। পরিবার এদেশে এখনো উৎপাদনের অন্যতম প্রধান কেন্দ্র রয়ে গেছে। অর্থনীতির সর্ববৃহৎ ব্যক্তি খাত কৃষিতেও এখনো কৃষি উৎপাদন পদ্ধতি (Peasant Mode of Production) গুরুত্বপূর্ণ অবস্থানে বহাল রয়ে গেছে, যেখানে বাজার সম্পর্কের অনুপ্রবেশ ক্রমবর্ধমান হলেও আত্মপোষণমূলক উৎপাদন ব্যবস্থায় আত্ম-শোষণই (Self-exploitation) কৃষি পরিবারের টিকে থাকার প্রধান অবলম্বন রয়ে গেছে। ঔপনিবেশিক আমলে এবং বর্তমান নব্য-ঔপনিবেশিক বিশ্বায়ন প্রক্রিয়া জোরদার হওয়ায় পুঁজিবাদী উৎপাদন-সম্পর্কগুলো কৃষিতে দ্রুত অনুপ্রবেশে সক্ষম হলেও কৃষি উৎপাদন পদ্ধতিকে এখনো হটিয়ে দিতে সক্ষম হয়নি। অপরদিকে, ঔপনিবেশিক আমলের চিরস্থায়ী বন্দোবস্তের ফসল জমিদারী প্রথার বিলোপ সাধন এবং নানান কিসিমের ভূমি সংস্কারের নামে প্রতারণাপূর্ণ ও নামকাওয়াস্তে (cosmetic) পরিবর্তন সত্ত্বেও বাংলাদেশের ভূমি ব্যবস্থায় আধা-সামন্তবাদী অবশেষ হিসেবে বর্গাদার কৃষক, জোতদার ভূস্বামী, অনুপস্থিত ভূমি-মালিক, ইজারাদার, বন্ধকী শ্রম এবং মহাজনদের অবস্থান আমরা দেখতে পাই। আরো গুরুতর, মধ্যস্বত্বভোগী গোষ্ঠী হিসেবে কৃষিজাত পণ্যের বাজারজাতকরণের নানা পর্যায়ে ফড়িয়া, দালাল, আড়তদার, পাইকার, মজুতদার এবং সুদখোর মহাজনদের কথা গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। উপরন্তু, একটি জনবহুল ভূমি-দরিদ্র দেশে ভূমি মালিকানা ব্যবস্থায় যে বিভাজন (Differentiation) প্রক্রিয়া চালু রয়েছে তার ফলে ভূমিহীনতা, প্রাপ্তি-কীকরণ এবং নিঃস্বকরণ দিনদিন গতিলাভ করলেও এই বিভাজন আধা-সামন্তবাদী ভূমি ও কৃষি ব্যবস্থার পরিবর্তে মজুরী শ্রম-নির্ভর পুঁজিবাদী কৃষি উৎপাদন ব্যবস্থাও গড়ে তুলতে পারছেন। অথচ, ভূমির মালিকানা ব্যবস্থা দিনদিন

বৈষম্যমূলক হয়ে যাচ্ছে, যেখানে মালিকানা বদলের প্রক্রিয়ায় ব্যবসায়ী, প্রবাসী বাংলাদেশী, দুর্নীতিবাজ আমলা এবং রাজনৈতিক ক্ষমতা-সন্নিহিত লুটেরা নেতা-কর্মী-সন্ত্রাসী-চাঁদাবাজদের হাতে জমির মালিকানা কেন্দ্রীভূত হয়ে যাচ্ছে। জোতদারদের অবস্থানেও চিড় ধরেছে। বর্গা ব্যবস্থা ও ইজারাদারি ছোট ও প্রান্তিক কৃষক পরিবারের নিজস্ব জমির অপরিপূর্ণতাকে সহনীয়ভাবে পুষিয়ে দেয়ারই একটি ব্যবস্থা। এ ব্যবস্থায় পারিবারিক শ্রমের অশোষণ কৃষি উৎপাদনের নির্ধারক উপাদান হিসেবে বহাল থাকলেও কৃষির বাজার-নির্ভরতা উপকরণের দিক থেকে এবং উৎপাদ বাজারজাতকরণের দিক থেকে বৃদ্ধি পেয়ে চলেছে। দুঃখজনক বাস্তবতা হলো, এই ক্রমবর্ধমান বাজার-নির্ভরতা কৃষক পরিবারের নিঃস্বকরণ ও প্রান্তিকীকরণকেই জোরদার করছে বিধায় দারিদ্র সৃষ্টিরই প্রক্রিয়া হয়ে রয়েছে। বাংলাদেশের কৃষকরা আমাদেরকে খাদ্যশস্য উৎপাদনের স্বয়ম্ভরতা এনে দিলেও রাষ্ট্রের নীতি প্রণয়নের অগ্রাধিকার তালিকায় কৃষি সংস্কার এবং ভূমি সংস্কারকে এখন আর খুঁজে পাওয়া যাবে না। অথচ, অর্থনীতির ছাত্র হিসেবে বিবেকের তাড়নায় এটুকু মানতেই হবে, এই অবশ্য করণীয় দায়িত্বটি রাষ্ট্র এড়িয়ে যাওয়া অব্যাহত রাখলে কৃষির বর্তমান সীমিত সাফল্য 'টেকসই' হবে না।

পাকিস্তান আমল থেকেই রাষ্ট্র উদার পৃষ্ঠপোষকতা দিয়ে শিল্পায়নকে গতিশীল করার প্রয়াস চালিয়ে এসেছে, যদিও ১৯৪৭-১৯৭১ পর্বে ঐ পৃষ্ঠপোষকতা পাকিস্তানের পশ্চিম অংশেই প্রায় ৭৮ শতাংশ কেন্দ্রীভূত ছিল। স্বাধীন বাংলাদেশের ১৯৭২-৭৫ পর্বের সংকটগ্রস্ত অর্থনীতিতে শিল্পায়নের স্থবিরতা ও অব্যবস্থা আরো বৃদ্ধি পেয়েছে জাতীয়করণ-পরবর্তী অব্যবস্থাপনায় ও দুর্নীতির কারণে। পাঁচাত্তরের রাজনৈতিক পট পরিবর্তনের পর নিরবচ্ছিন্নভাবে চলেছে শিল্পায়নে ব্যক্তি খাতকে উৎসাহিত করার রাষ্ট্রীয় প্রয়াস।

এমতাবস্থায়, বাংলাদেশে ব্যক্তি খাতকে অগ্রাধিকার দিয়ে গড়ে তোলার ইতিহাসটা নির্মোহভাবে পর্যালোচনা করলে আমরা দেখবো, বঙ্গবন্ধু সরকারের প্রথম কয়েক মাসের মতাদর্শিক দোদুল্যমানতার পর্যায়টা বাদ দিলে পুঁজিবাদী বিশ্ব ব্যবস্থার প্রান্তিক অবস্থানের একটি দেশের অসহায় সাহায্য-ভিক্ষুকের যে অমর্যাদাকর অবস্থা, তার সাথে মানিয়ে চলার সাক্ষ্য বহন করছে ঐ ইতিহাস। একে একে জেকে বসেছে বিশ্ব ব্যাংক, আই এম এফ, এডিবি, দাতা সংস্থা ও দাতাদেশগুলো। কিসিঞ্জার বাংলাদেশ ঘুরে যাবার পর অর্থমন্ত্রী জনাব তাজউদ্দিনকে অপমানজনকভাবে বিদেয় করা হলো, ব্যক্তি উদ্যোগে বিনিয়োগের সিলিং বাড়লো ধাপে ধাপে, বিরাস্ত্রীয়করণ কর্মসূচী জোরদার হলো, বিদেশী পরামর্শকরা নাজেল হলো, বৈদেশিক ঋণ/সাহায্যের অন্যায্য ও কঠোর শর্তগুলো হজম করা আবার শুরু হয়ে গেলো। শিল্পখাতে ব্যক্তি উদ্যোগকে উৎসাহিত করতে নানারকম সুযোগ-সুবিধেও ক্রমান্বয়ে বাড়ানো হচ্ছিল ১৯৭৩-৭৫ পর্বে।

১৯৭০ সালে তদানীন্তন পূর্ব পাকিস্তানের ব্যক্তি খাতের শিল্প কারখানার ৪৩ শতাংশ পুঁজির মালিকানা ছিল সরাসরি অবাঙালী এবং পশ্চিম পাকিস্তানী পুঁজিপতিদের করায়ত্ত। আবার, ঐ সময়ে (১৯৭০ সালে) পূর্ব পাকিস্তানের বৃহদায়তন ও মাঝারী আয়তনের আধুনিক শিল্পের মোট সম্পদের এক তৃতীয়াংশের বেশি ছিল রাষ্ট্রায়ত্ত খাতের প্রতিষ্ঠানভুক্ত। ১৯৭২ সালে ঘোষিত জাতীয়করণ কর্মসূচী সমাজতন্ত্র প্রতিষ্ঠার কথা বলে গ্রহণ করা হলেও পরিত্যক্ত শিল্প-কারখানা অধিগ্রহণের আবশ্যিকতা মোটেও ফেলনা ছিল না। ইতিহাস সাক্ষ্য দিচ্ছে, বঙ্গবন্ধুর শাসনামলেই এদেশের ক্ষমতা-সন্নিহিত নব্য পুঁজিপতিদের পুঁজি সঞ্চয়ন যতই এগিয়েছে, আওয়ামী লীগ সরকার পর্যায়ক্রমে ওসব পুঁজিপতির হাতে রাষ্ট্র কর্তৃক অধিগৃহীত প্রতিষ্ঠানগুলোর মালিকানা হস্তান্তরের উদ্যোগ নিয়েছে। এই প্রক্রিয়ায় ১৯৭৫

সালের ১৫ আগস্টের পূর্বেই অধিগৃহীত প্রতিষ্ঠানের দুই-তৃতীয়াংশের বেশি আবার ব্যক্তিখাতের মালিকানায় হস্তান্তরিত হয়েছিল। অবশ্য ওগুলোর অধিকাংশই ছোট প্রতিষ্ঠান ছিল, তাই অধিগৃহীত শিল্প-সম্পদের বড় অংশটাই তখনো রাষ্ট্রায়ত্ত্ব খাতে রয়ে গিয়েছিল। প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সরকার ১৯৭৬ সালে যে বিনিয়োগ নীতি ঘোষণা করেছিল তাতে পাকিস্তান আমলের ষাটের দশকের মত ব্যক্তি খাতকে আবারো উদার রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা প্রদানের জন্য ব্যাংক ঋণ এবং বৈদেশিক ঋণ ও সাহায্যের ভান্ডার খুলে দেয়া হলো। ঐ নীতিরই ধারাবাহিকতায় ১৯৭৮ সালে প্রণীত হলো নয়া শিল্প বিনিয়োগ নীতি, যেখানে ব্যক্তি খাতকে উৎসাহিত করার জন্য উল্লিখিত নীতিমালা ছিল নিম্নরূপ :

- ১) ব্যক্তি উদ্যোগে বিনিয়োগের সিলিং বিলোপ;
- ২) Free Sectors চালু করা হলো, যেখানে বিনিয়োগের জন্য সরকারী অনুমতি নিষ্প্রয়োজন;
- ৩) শিল্প স্থাপনের জন্য উন্নত এলাকা, অগ্রাধিকার প্রাপ্ত উন্নত এলাকা এবং উন্নয়নশীল এলাকা নাম দিয়ে এলাকাভিত্তিক বিন্যাস চালু করা হলো, যার ভিত্তিতে নানাবিধ সরকারী পৃষ্ঠপোষকতার মাত্রা নির্ধারণ করা যায়;
- ৪) যন্ত্রপাতি আমদানির উপর প্রযোজ্য শুল্ক হারে কনসেশন প্রদানের নিয়ম প্রবর্তন;
- ৫) ট্যাক্স হলিডের আওতা সম্প্রসারণ;
- ৬) Accelerated Depreciation সুবিধে প্রবর্তন;
- ৭) রপ্তানিমুখী শিল্পের জন্য উদার প্রণোদনা প্যাকেজ ;
- ৮) বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের জন্য উদার প্রণোদনা প্যাকেজ ; এবং
- ৯) দশ কোটি টাকা বিনিয়োগের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের অনুমোদন এবং তদুর্ধ্ব পরিমাণ বিনিয়োগের জন্য ECNEC এর অনুমোদন গ্রহণের নীতি প্রবর্তন।

Money is no problem স্লোগান তুলে ঐ সময়ে সরকার উদারভাবে পুঁজি বন্টনের যে ধারা শুরু করলো তার সিংহ ভাগই পরবর্তীতে খেলাপি ঋণে পরিণত হয়েছে। বন্ডিত ব্যাংক ঋণ শিল্প ক্ষেত্রে বিনিয়োগিত না হয়ে বৃহদাংশ বাণিজ্য ও সেবাখাতে ধাবিত হওয়ার ফলে ১৯৭৭ সাল থেকেই এদেশের আমদানি বিল হু হু করে বেড়ে যেতে থাকে। একই সাথে সামরিক বাহিনীর পেছনে সরকারী ব্যয় নাটকীয় গতিতে বাড়তে শুরু করে এবং সিভিল আমলাতন্ত্রের আয়তন এবং সুযোগ সুবিধেও দ্রুত বৃদ্ধি পায়। বৈদেশিক ঋণ এবং অনুদানের প্রবাহও উল্লেখযোগ্যভাবে জোরদার হওয়ায় সরকারী এবং ব্যক্তি খাতে যুগপৎ সাময়িক স্ফীতি পরিলক্ষিত হয়। কিন্তু, অচিরেই যখন বৈদেশিক লেনদেন ভারসাম্যের চলতি হিসাবে (Current Account of the Balance of Payments) ঘাটতি অসহনীয় হয়ে উঠতে শুরু করলো, তখনই ১৯৮০ সালে বাংলাদেশকে আইএমএফ এর Extended Fund Facility (EFF) এর অধীনে ঋণের জন্য হাত পাতে হলো। ঐ ঋণের শর্ত হিসেবে আইএমএফ বাংলাদেশের বাজেট প্রণয়ন নীতিতে, মুদ্রা নীতিতে, বৈদেশিক মুদ্রার বিনিময় হারে এবং বৈদেশিক বাণিজ্য নীতিতে অনেকগুলো পরিবর্তনের সুপারিশ চাপিয়ে দিলো। ঐ সব সুপারিশের বেশিরভাগই সরকারের বিবেচনায় অগ্রহণযোগ্য বিবেচিত হওয়ায় শর্ত বাস্তবায়নে “ধীরে চলো নীতি” অবলম্বনের ফলে ১৯৮১ সালের মার্চ মাসে ৮০০ মিলিয়ন ডলারের প্রতিশ্রুত ঋণের মধ্যে মাত্র ২০ মিলিয়ন ডলার ছাড় করণের পর ঐ ঋণ

প্রদান স্থগিত ঘোষণা করেছিল আইএমএফ। ১৯৮২ সালের মার্চে প্রেসিডেন্ট এরশাদের ক্ষমতা গ্রহণের পর ১৯৭৮ সালের ঘোষিত শিল্প বিনিয়োগ নীতির প্রায় সবগুলোই ১৯৮২ সালের নতুন শিল্প নীতির (New Industrial Policy বা NIP) অঙ্গীভূত হয়, যাকে এদেশে “বাজার অর্থনীতি” প্রবর্তনের মাইলস্টোন হিসেবে অভিহিত করা হয়।

আশির দশকে আইএমএফ এবং বিশ্ব ব্যাংক তৃতীয় বিশ্বের ঋণ গ্রহীতা দেশগুলোতে কাঠামোগত বিন্যাস কর্মসূচী চালু করার শর্তাবলী সংবলিত Structural Adjustment Facility (SAF) এবং Extended Structural Adjustment Facility (ESAF) নামের ঋণ পদ্ধতি চালু করে, যেসব ঋণ-শর্তের প্রধান বিষয়গুলো নিম্নরূপ :

- ১) রাষ্ট্রীয় খাতের ক্রম সংকোচনের মাধ্যমে ব্যক্তি খাতকে অর্থনীতি ও সমাজের সকল ক্ষেত্রে নিয়ামকের ভূমিকায় দৃঢ়মূল করা;
- ২) তাবৎ অর্থনৈতিক কার্যক্রম বা সিদ্ধান্ত গ্রহণে বাজার বা দাম ব্যবস্থাকে প্রধান নিয়ামকের ভূমিকা প্রদান;
- ৩) বিরোধীকরণ কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে রাষ্ট্রীয় খাতের প্রতিষ্ঠান ও কল-কারখানা ব্যক্তি মালিকানায় হস্তান্তর;
- ৪) আমদানি উদারীকরণ, শুল্ক হ্রাস বা বিলোপ, অশুল্ক জনিত বাধা-নিষেধ থেকে আমদানি প্রক্রিয়াকে ক্রমান্বয়ে মুক্তিদান এবং আমদানির ক্ষেত্রে পরিমাণগত বাধা সমূহ ক্রমান্বয়ে বিলোপ;
- ৫) রপ্তানি চালিত শিল্পায়নকে অগ্রাধিকার প্রদান এবং আমদানি বিকল্প শিল্পায়ন কৌশল ক্রমান্বয়ে পরিহারকরণ;
- ৬) কৃষি উপকরণ এবং কৃষি পণ্যের দাম সহায়তা কর্মসূচী থেকে ক্রমান্বয়ে ভর্তুকি প্রত্যাহার;
- ৭) খাদ্য রেশন ব্যবস্থার ক্রম বিলোপ সাধন;
- ৮) রাজস্ব নীতি পুনর্বিপর্যয়ের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যের প্রবাহ বৃদ্ধি;
- ৯) বৈদেশিক পুঁজি বিনিয়োগ উৎসাহিত করার জন্য বিনিয়োগ নীতি, শিল্প নীতি, বাণিজ্য নীতি ও মুদ্রা নীতির উদারীকরণ;
- ১০) বৈদেশিক মুদ্রার বিনিময় হার সরকারী নিয়ন্ত্রণমুক্ত করা এবং এদেশের মুদ্রার বৈদেশিক বিনিময়যোগ্যতা বৃদ্ধি;
- ১১) বিদ্যুৎ, পানি সরবরাহ, গ্যাস, টেলি যোগাযোগ, রেলওয়ে, সড়ক পরিবহন, নৌ-পরিবহন, বিমান পরিবহন প্রভৃতি খাত ক্রমান্বয়ে বেসরকারীকরণ;
- ১২) রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও উন্নয়ন অর্থায়ন প্রতিষ্ঠান সমূহের ক্রমসংকোচন ও পর্যায়ক্রমিক বিরোধীকরণ, এবং বীমা ব্যবস্থার বেসরকারীকরণ;
- ১৩) শিক্ষা, স্বাস্থ্য ও সমাজকল্যাণমূলক খাত থেকে সরকারী ভূমিকা ও ভর্তুকি ক্রমান্বয়ে প্রত্যাহার এবং এসব ক্ষেত্রে বেসরকারী উদ্যোগের প্রসার;

১৪) শেয়ার বাজার ও মূলধন বাজারের সম্প্রসারণ এবং বৈদেশিক পুঁজিকে ঐসব বাজারে উৎসাহ প্রদান; এবং

১৫) কৃষি উপকরণ সরবরাহ বেসরকারীকরণ।

১৯৮২ সালের নয়া শিল্পনীতি, ১৯৮৬ সালের সংশোধিত শিল্পনীতি (Revised Industrial Policy বা RIP), ১৯৯০ সালের Policy Framework Paper স্বাক্ষর এবং ১৯৯৪ সালে উরুগুয়ে রাউন্ড GATT চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ১৯৯৫ সাল থেকে বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর সদস্য হওয়ার মাধ্যমে বাংলাদেশের রাষ্ট্র এখন পুরোপুরি অর্থনৈতিক সংস্কারে “মুক্ত বাজার অর্থনীতির” মোড়কে আবৃত অর্থনীতির কাঠামোগত সংস্কারের উপর্যুক্ত নীতিমালা বাস্তবায়নে।

বাংলাদেশের বাজারকে আন্তর্জাতিক পুঁজির স্বার্থে দ্রুত উন্মুক্ত করার বড়সড় পদক্ষেপ হিসেবে ১৯৮৬-৮৭ অর্থ বছরের বাজেটে এবং আমদানি নীতিতে ঘোষিত আমদানি উদারীকরণ নীতিমালাকে কৃতিত্ব দেয়া হয়। গত ১৬ বছরে ধাপে ধাপে আমদানি উদারীকরণ আরো বহুদূর এগিয়েছে। এত দ্রুত লয়ে আমদানি উদারীকরণের মাধ্যমে অভ্যন্তরীণ বাজারকে বিদেশী পণ্যের জন্য উন্মুক্ত করে দেয়ায় দেশের উৎপাদন সম্ভাবনা বিনষ্ট হবার প্রক্রিয়া জোরদার হচ্ছে কিনা সে প্রশ্ন এখন জোরোসোরেই উঠছে। বিষয়টার আরেকটু বিস্তারিত ব্যাখ্যা প্রয়োজন।

১) চৌদ্দ কোটি মানুষের দেশ হলেও বাংলাদেশ বাজার হিসেবে নেহাতই ক্ষুদ্র, জনগণের বৃহদাংশের ক্রয়ক্ষমতার স্বল্পতার কারণে। এ থেকে উদ্ভূত চাহিদার ঘাটতি বাংলাদেশে বাজারের আয়তন বৃদ্ধির পথে দুর্লংঘ্য বাধা। অন্যদিকে অর্থনীতির উৎপাদন কার্যক্রমের বড়সড় অংশটাই এখনো পরিবার ভিত্তিক ও অল্প কর্মসংস্থান ভিত্তিক রয়ে যাওয়ায় এ সব কার্যক্রমে মুনাফা সর্বোচ্চকরণ উদ্দেশ্য দ্বারা প্রণোদিত হয়ে উৎপাদন চালানো হয়না। এমনকি আমাদের প্রধান খাদ্য শস্যেরও মাত্র এক চতুর্থাংশ বাজারে যোগান দেয়া হয়। অথচ, কৃষি খাতের উপকরণ গুলোর জন্য কৃষকের বাজার নির্ভরতা দিন দিন বাড়ছে। এমতাবস্থায়, খাদ্য সাহায্যের মাধ্যমে খাদ্য শস্যের বাজার দামকে কৃত্রিমভাবে দাবিয়ে রাখায় খাদ্যশস্য উৎপাদনের জন্য “দাম সিগন্যাল” প্রণোদনা যোগাতে পারছেননা, খোরাক যোগানের তাগিদেই কৃষক প্রাণের দায়ে উৎপাদন চালিয়ে যাবে, না পোষানো সত্ত্বেও। আমাদের সংবিধানে বিধৃত “অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচার” এর অঙ্গীকার দাবী করবে, এ অবস্থায় কৃষি উপকরণে পর্যাপ্ত ভর্তুকি দেওয়া এবং উৎপাদিত খাদ্যশস্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে দাম সহায়তা কার্যক্রম জোরদার করা প্রয়োজন। মুক্ত বাজার অর্থনীতির প্রেসক্রিপশন ভর্তুকি প্রত্যাহার করতে বলছে এবং আমদানি উদারীকরণের মাধ্যমে দেশে উৎপাদিত কৃষিজাত পণ্যের বাজারকে আরো সংকুচিত করে দিচ্ছে।

২) প্রতিবেশী বৃহদাকার অর্থনীতির দেশ ভারতের তুলনায় দ্রুততর গতিতে আমদানি উদারীকরণের মাঙ্গল হিসেবে বাংলাদেশে চোরাচালান প্রচণ্ডভাবে বৃদ্ধি পেয়েছে, এবং এর গতি প্রকৃতিও বদলে গেছে। বাংলাদেশের বৈধ আমদানি এবং অবৈধ আমদানি উভয়ই ভারতে এবং মায়ানমারে পাচার বেড়েছে। অন্যদিকে বাংলাদেশের বাজার দক্ষিণ-পূর্ব ও পূর্ব এশীয় দেশগুলোর পণ্যের পাশাপাশি বিশেষতঃ ভারতীয় পণ্যে সয়লাব হয়ে গেছে তা সে পণ্য বৈধ বা অবৈধ পথে আসুক।

৩) ১৯৪৭ সাল থেকে গড়ে উঠা “সংরক্ষিত শিশু শিল্প” নামের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা প্রাপ্ত শিল্প কারখানাগুলো সংরক্ষিত বাজার হারিয়ে অস্তিত্বের সংকটে পড়েছে। আর যে সব শিল্প শুধু



কর্মসংস্থান সৃষ্টির যুক্তিতে আমদানি বিকল্প শিল্পায়ন দর্শনের ছত্রছায়ায় উদার রাষ্ট্রীয় সহায়তা প্রাপ্ত হয়ে গড়ে উঠেছিল সেগুলো রপ্তা হয়ে মরতে বসেছে, আমদানিকৃত বা চোরাপথে আনীত বিদেশী পণ্যের কাছে বাজার হারিয়ে।

- ৪) রপ্তানি বাণিজ্যে Multi-Fiber Arrangement (MFA) এবং Generalized System of Preferences (GSP) এর কোটা ব্যবস্থার ফায়দাভোগী হয়ে এদেশের গার্মেন্টস শিল্প ২০০১ সাল পর্যন্ত চমকপ্রদ সাফল্য অর্জন করেছিল। অনেকে এ সাফল্যকে বিশ্বায়ন প্রক্রিয়ার সুফল হিসেবে দেখাতে চাইলেও

বাস্তবতা হলো, ২০০৫ সালে WTO এর উদ্যোগে পোষাক শিল্পের জন্য প্রযোজ্য Agreement on Textile and Clothing (ATC) চালু হলে বাংলাদেশের পোষাক শিল্প বিপদে পড়বে, কারণ এই শিল্পের ফরওয়ার্ড লিংকেজ এবং ব্যাকওয়ার্ড লিংকেজ কোনটার ব্যাপারেই আজো আমাদের অগ্রগতি উল্লেখযোগ্য নয়। বরং, দেশীয় বস্ত্রশিল্প ভারতীয় চোরাচালানে যেমনি পর্যুদস্ত হচ্ছে, তেমনি ক্ষতিগ্রস্ত হয়ে চলেছে গার্মেন্টস শিল্পের “লিংকেজ” সমস্যার কারণে। চিংড়ী রপ্তানিও ইদানিং দাম এবং উৎপাদন বিপর্যয়ে পড়েছে। পাট, চা ও চামড়ার মত বাংলাদেশের ঐতিহ্যবাহী রপ্তানি পণ্যের অবস্থাও ভাল যাচ্ছেনা।

- ৫) জনশক্তি রপ্তানি থেকে প্রাপ্ত রেমিট্যান্স পুরো অর্থনীতিকে ভাসিয়ে রেখেছে বলা চলে। কিন্তু “হুন্ডি” প্রক্রিয়ায় রেমিট্যান্সের বড় অংশটাই চোরাচালান, Capital Flight, বিদেশে পড়াশোনা ও চিকিৎসার খরচ মেটানোর মত কাজে হারিয়ে যাচ্ছে। অদক্ষ ও আধা দক্ষ জনশক্তির পরিবর্তে দক্ষ ও প্রযুক্তি-জ্ঞান সমৃদ্ধ শিক্ষিত ও প্রশিক্ষিত মানব সম্পদ রপ্তানি করতে পারলে এক্ষেত্রে বাংলাদেশের সাফল্য ঈর্ষণীয় হতে পারতো। কাঠামোগত সংস্কারের প্রেসক্রিপশন মানব উন্নয়নে অপরিহার্য শিক্ষা ও স্বাস্থ্য খাতকে বাজারের হাতে সোপর্দ করতে বাধ্য করছে আমাদেরকে। পুরো শিক্ষা খাত এখন বৈষম্য, দুর্নীতি ও সন্ত্রাসের কাছে জিম্মি হয়ে গেছে। স্বাস্থ্য খাতের বাজারীকরণ জনগণকে দেউলে করার মহাযজ্ঞে পরিণত হয়েছে।
- ৬) মুক্ত বাজার অর্থনীতির প্রেসক্রিপশন প্রতিরক্ষা, প্রশাসন কিংবা অভ্যন্তরীণ নিরাপত্তা খাতের মত অনুৎপাদনশীল কার্যক্রমে সরকারী ব্যয় কমানোর পরামর্শ দেয়না। বাজার অর্থনীতির দোহাই দিয়ে কৃষককে ভর্তুকি থেকে খারিজ করছে রাষ্ট্র, অথচ বাজার অর্থনীতির কোন্ তত্ত্ব বা নীতির বলে উপর্যুক্ত খাত গুলোর নানাবিধ ভর্তুকি অব্যাহত থাকছে তার কোন ব্যাখ্যা মিলবে না।
- ৭) বিদ্যুৎ, পানি সরবরাহ, গ্যাস, টেলিযোগাযোগ, রেলওয়ে, সড়ক পরিবহন, নৌ-পরিবহন, বিমান যোগাযোগ--এগুলো সবই প্রাইভেট দ্রব্য ও সেবা, কিন্তু এগুলোর উৎপাদনে স্থির খরচ হিসেবে প্রাথমিকভাবে বিপুল পুঁজি বিনিয়োগ প্রয়োজন হয় বলে বাংলাদেশের মত উন্নয়নশীল দরিদ্র দেশে এগুলোর জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা রাষ্ট্রীয় খাতে গড়ে তুলতে হয়েছে। এসব প্রতিষ্ঠানে দুর্নীতি, অব্যবস্থা ও প্রশাসনিক নৈরাজ্য গেঁড়ে বসায় এদেশে “সিস্টেম লসের” যে মাল্লক প্রাদুর্ভাব অর্থনীতিকে জিম্মি করে ফেলেছে তা থেকে জনগণের পরিত্রাণ মিলছে না। বাজার অর্থনীতির দৃষ্টিকোণ থেকে Public Utilities নামে পরিচিত এসব প্রাইভেট দ্রব্য ও সেবার উৎপাদন এবং বিতরণ রাষ্ট্রীয় খাতে বহাল রেখে দেয়ার জোরালো যুক্তি খুঁজে পাওয়া যাবে না। কিন্তু দুর্নীতিবাজ ও লুটেরা কায়েমী স্বার্থ এসব প্রতিষ্ঠানে মৌরসী পাত্রী গেঁড়ে বসেছে। ভুক্তভোগী জনগণ এসব

প্রতিষ্ঠানের হরির লুটের অসহায় শিকার। অথচ রাষ্ট্রের নীতিপ্রণেতারা ঘন ঘন দাম বা Tariff বৃদ্ধির মাধ্যমে শ্রমিক-কর্মকর্তা-কর্মচারী ও ক্ষমতাসীন মহলের রাজনৈতিক নেতা-কর্মীর দুর্নীতি ও লুটপাটের বোঝাটা বারংবার সুচারুরূপে পার করে দিচ্ছে সৎ ও নিয়মনিষ্ঠ গ্রাহকদের কাঁধে। এসব দ্রব্য ও সেবার উৎপাদন ও বিতরণ ব্যক্তিখাতে ছেড়ে দিলে দক্ষতা বাড়ানো যায়, তা আমাদের প্রতিবেশী দেশগুলোতে ইতোমধ্যে প্রমাণিত হয়েছে।

- ৮) বাজার অর্থনীতি প্রতিষ্ঠার জন্য প্রাইভেটাইজেশনকে উৎসাহ প্রদানের কথা বলা হলেও এদেশে তা প্রধানত বিরাস্ত্রীয়করণ কর্মসূচীতে পর্যবসিত হয়ে গেছে। এমনকি, রুগ্ন হয়ে পড়া অনেক রাষ্ট্রীয়ত্ত কল কারখানা বিরাস্ত্রীয়করণও করা যায়নি উপযুক্ত দাম দিয়ে কেনায় অগ্রহী ক্রেতা না পাওয়ায়। যে সব প্রতিষ্ঠান ইতোমধ্যে বিরাস্ত্রীয়করণ করা হয়েছিল তার মধ্যে দুই-তৃতীয়াংশের বেশি শ্রেফ বন্ধ করে দেয়া হয়েছে এবং অনেকগুলোর যন্ত্রপাতি এবং স্থাবর-অস্থাবর সম্পত্তি বিক্রি করে নব্য-মালিকরা সটকে পড়েছেন। পানির দামে বিরাস্ত্রীয়ত্ত অনেক লাভজনক প্রতিষ্ঠান রুগ্নতার নিশান তুলে কিস্তির টাকা পরিশোধ বন্ধ করে দিয়েছে। অতএব, বাংলাদেশে শিল্পায়নের সমস্যাকে শ্রেফ প্রাইভেটাইজেশন বনাম রাষ্ট্রীয়ত্ত খাতের মালিকানার বিতর্কে সীমাবদ্ধ করে ফেলাটা অতি সরলীকরণেরই নামান্তর।
- ৯) দেশের ব্যাংকিং ব্যবস্থার খেলাপি ঋণ সমস্যা এবং পুঁজি লুপ্তনের অব্যাহত কেলেংকারি থেকে শিক্ষা নেয়া যেতে পারে যে শুধু ব্যক্তি খাতের ব্যাংকিং দিয়ে বাংলাদেশের ঋণ বাজারে ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের প্রবেশাধিকারও মিলবেনা, প্রাতিষ্ঠানিক দুর্নীতির মাধ্যমে ব্যাংক ঋণ লোপাটের খেলাও বন্ধ করা যাবে না। রাজনৈতিক নিয়ন্ত্রণমুক্ত কঠোর Regulatory System এবং কার্যকর ও দুর্নীতিমুক্ত বিচার ব্যবস্থা গড়ে না তুললে ব্যাংকিং ব্যবস্থার শনিদশা কাটবে না। শেয়ার বাজার শক্তিশালী না করে ব্যাংকিং সিস্টেমকে বিনিয়োগ পুঁজি যোগানোর দায়িত্ব দিলে খেলাপি ঋণ সমস্যা থেকে ব্যাংকিং সিস্টেম মুক্তি পাবে আশা করা বাতুলতা বই কি!
- ১০) বাংলাদেশে মুক্ত বাজার অর্থনীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে আমদানি উদারীকরণই অপেক্ষাকৃত অগ্রসরমান প্রক্রিয়া। আইএমএফ-বিশ্ব ব্যাংক-বিশ্ব বাণিজ্য সংস্থার ত্রিমুখী Overlordship এবং নিরন্তর জবরদস্তিমূলক চাপাচাপির মাধ্যমে শিল্পোন্নত দেশগুলো তৃতীয় বিশ্বের দেশগুলোর অভ্যন্তরীণ বাজার অর্গলমুক্ত করার আয়োজন “মুক্ত বাজার অর্থনীতি”। প্রতিযোগিতার নামে পাহলোয়ানের সাথে শিশুর কুস্তি মোটেও মানায়না। আবার, বছরের পর বছর প্রটেকশন দিয়ে তথাকথিত শিশু শিল্পকে চিরকাল অদক্ষ ও সরকারী সহায়তা নির্ভর করে রাখারও কোন মানে হয় না। বিচার বিশ্লেষণ ব্যতিরেকে যত্রতত্র শুল্ক ও মূসক (VAT) বসিয়ে রাজস্ব আহরণও নিরুৎসাহিত করা উচিত। শুল্ক ও মূসক সংগ্রহে নিয়োজিত আমলা কর্মকর্তা-কর্মচারীর “খাজনা-আহরণের” স্বার্থে আমদানি বাধা-নিষেধ যথেষ্ট আরোপেরও অবসান হওয়া প্রয়োজন। অর্থনীতির যুক্তির প্রতি বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে চোরাচালান উৎসাহিত করার জন্য শুল্ক-VAT-বাধা-নিষেধ-নিয়ম-কানুনের বহর বৃদ্ধির পুরানো রোগটাও সারাতে হবে। কিন্তু তারপরও বলবো, এদেশের আমদানিতে অপ্রয়োজনীয় ও বিলাস দ্রব্যের যে সমারোহ, তা বাংলাদেশকে মানায় না।
- ১১) ব্যক্তি খাতকে উৎপাদনে উৎসাহিত করতে চাইলে আইনের শাসন দৃঢ়মূল করা এবং শাসন ব্যবস্থা ও প্রশাসনের স্বচ্ছতা একেবারেই প্রাথমিক শর্ত। পরপর দু’বছর বাংলাদেশ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের জরিপে সবচে’ দুর্নীতিগ্রস্ত দেশের উপাধিতে ভূষিত হয়েছে। সন্ত্রাস-মাস্তানি-

চাঁদাবাজি এবং সর্বগ্রাসী দুর্নীতি এদেশের অর্থনীতি, রাজনীতি ও সমাজকে মহা-দুর্যোগের পানে ধাবিত করেছে। রাজনৈতিক প্রশ্নে সারা জাতি আজ দ্বিধা-বিভক্ত। ঝগড়াটে রাজনীতি গণতন্ত্রকে উপহাসে পরিণত করেছে। বিচার ব্যবস্থা থেকে জনগণ আর সুবিচার আশা করতে পারছে না। দুর্নীতির প্রতিযোগিতায় পুলিশ বিভাগ জাতীয় চ্যাম্পিয়ন হয়েছে, TIB এর গবেষণা মোতাবেক। রাষ্ট্র এবং রাজনীতির ব্যর্থতার কারণে সুশাসনের সংকট এখন অর্থনৈতিক উন্নয়নের পথে সবচে' বড় অন্তরায় হয়ে দাঁড়িয়েছে।

### বাজার সম্পর্কে দৃষ্টিভঙ্গি কী হওয়া উচিত ?

উপরের আলোচনা থেকে বোঝা উচিত, মুক্ত বাজার অর্থনীতির নীতিমালাকে আমাদের অর্থনীতির “সর্বরোগহর বটিকা” হিসেবে বিবেচনা করা আমাদের জন্য বিপজ্জনক হয়ে যাচ্ছে। উৎপাদনে দক্ষতা অর্জনের ক্ষেত্রে রাষ্ট্রীয় প্রতীষ্ঠান ও সরকারী খাতের ব্যর্থতা যেমনি প্রমাণিত সত্য, তেমনি বন্টনে সামাজিক ন্যায়বিচার ও শ্রমজীবী জনগণের অর্থনৈতিক নিরাপত্তা বিধানকল্পে রাষ্ট্রীয় ভূমিকার কোন বিকল্প নেই।

বাংলাদেশের মত পরনির্ভরতা-জর্জরিত স্বল্পোন্নত দেশের অর্থ-নির্ভর উন্নয়ন অর্জনের জন্য অর্থনীতির “কাঠামোগত রূপান্তর” (Structural Transformation) অপরিহার্য, কিন্তু এই রূপান্তরের বিষয়টি আমাদের দাতা-প্রভুদের চাপিয়ে দেয়া প্রেসক্রিপশনের চাইতে অনেকাংশেই আলাদা। বরং, প্রেসক্রিপশনে অন্তর্ভুক্ত অধিকাংশ নীতিই এদেশের অর্থ-নির্ভরতা (Self-reliance) অর্জনের একবারেই পরিপন্থী। একথা মানতেই হবে, এক্ষণে উন্নয়নের কোন পরীক্ষিত সফল “মডেল” আমাদের সামনে নেই। কিন্তু, বিশ্বের বিভিন্ন দেশের উন্নয়ন অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে কিছু চিন্তাভাবনা তুলে ধরা যেতে পারে।

বাংলাদেশের মত নব্য-ঔপনিবেশিক মুৎসুদ্দী চরিত্রের আমলাতান্ত্রিক রাষ্ট্রে রাষ্ট্রীয় চরিত্রই উন্নয়নের পথে সবচে' বড় বাধা হিসেবে চিহ্নিত হওয়া উচিত মনে করি। কারণ, এদেশের রাষ্ট্র উৎপাদনশীল জনগণের স্বার্থের পাহারাদার না হয়ে রাষ্ট্রক্ষমতা নিয়ন্ত্রণকারী অধিপতি গোষ্ঠী হিসেবে চিহ্নিত “রাজনীতিক-মিলিটারী ও সিভিল আমলা-মুৎসুদ্দী পুঁজিপতি” এর গ্র্যান্ড এলায়েন্সের খাজনা ও মুনাফা আহরণের হাতিয়ারে পরিণত হওয়ার পরিণামে “উদ্বৃত্ত” অর্থস্বত্বের প্রধান ধারাটির পৃষ্ঠপোষকের ভূমিকা গ্রহণ করেছে। অথচ, এর সমাধান হিসেবে উৎপাদন ও বন্টন থেকে রাষ্ট্রের ভূমিকাকে গুটিয়ে নিয়ে বাজার অর্থনীতিকে বিকল্প হিসেবে Pre-dominance দিয়ে আঁকড়ে ধরতে চাইলে তা আরো ক্ষতিকর ফলাফল বয়ে আনতে পারে। নিউ-ক্লাসিক্যাল অর্থনীতির বাজার ব্যর্থতা তত্ত্ব (Theory of Market Failure) বলছে :

- ১) বাজার অর্থনীতি শ্রমজীবী জনগণকে ক্রমবর্ধমান বৈষম্যের শিকার করবে।
- ২) বাজার অর্থনীতি ভবিষ্যৎ বংশধরদের জন্য অনবায়নযোগ্য সম্পদ (যেমন, গ্যাস), পরিবেশ ও প্রতিবেশ অপচয়মূলকভাবে নিঃশেষ করে দেবে।
- ৩) বাজার অর্থনীতিতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি সরবরাহ, সেনিটেশন, অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামো নির্মাণ, পরিবেশ উন্নয়ন, সামাজিক নিরাপত্তা বিধান, ইত্যাদি দ্রব্য ও সেবা সামাজিকভাবে কাম্য পরিমাণে উৎপাদিত হবে না এবং সমাজের দরিদ্রতম জনগোষ্ঠীকে এগুলো থেকে অধিকতর হারে বঞ্চিত করবে।

- ৪) বাজার অর্থনীতির তথাকথিত প্রতিযোগিতা আমাদের মত দেশে অদূর ভবিষ্যতে অলীক স্বপ্নই থেকে যাবে। কারণ, প্রান্তীয় পুঁজিবাদে বাজারের প্রতিযোগিতা এক ধরনের “মাৎস্যন্যায়” প্রতিষ্ঠাই করে থাকে, যেখানে বৃহৎ পুঁজিপতিরা ছোট ও মাঝারি উদ্যোক্তাদের বিকাশকে পদে পদে বিঘ্নিত করতে থাকবে।
- ৫) বাজার অর্থনীতি মাদকদ্রব্য ও মদ উৎপাদন, অশ্লীল ছায়াছবি, অপসংস্কৃতি, জুয়াখেলা, ঘোড়দৌড়, ক্যাসিনো-ক্লাব-পতিতালয়ের মত ক্ষতিকর দ্রব্য উৎপাদন ও সেবা প্রতিষ্ঠানের পেছনে সামাজিক সম্পদ অপচয় করে।
- ৬) বাজার অর্থনীতি সামাজিক ন্যায় বিচারকে সমন্বত রাখতে ব্যর্থ বিধায় গণদারিদ্র, বেকারত্ব, জনসংখ্যা সমস্যা, নিরক্ষরতা, বুভুক্ষা ও পুষ্টিহীনতা সমস্যার অবসান ঘটাতে অপারগ, কারণ বাজার ব্যবস্থা বৈষম্য বৃদ্ধি ও লালন করেই শক্তিশালী হবে।

অতএব, উৎপাদনে রাষ্ট্রীয় ব্যবস্থাপনা ব্যর্থ হয়েছে একথা প্রমাণিত হওয়ার মানে এই নয় যে, সামাজিক ন্যায় বিচার ও নিরাপত্তা বিধান, মানব উন্নয়নের জন্য পর্যাপ্ত ও আধুনিক শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলা, ভৌত অবকাঠামো উন্নয়ন, সামাজিক অবকাঠামোর বিকাশ, সংস্কৃতি ও ক্রীড়া উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন বাজারের হাতে পুরোপুরি ছেড়ে দেয়া যাবে। রাষ্ট্র যদি প্রতিরক্ষা, অভ্যন্তরীণ নিরাপত্তা, সিভিল আমলাতন্ত্র, প্রভৃতি অনুৎপাদনশীল খাতে সরকারী ব্যয় ন্যূনতম প্রয়োজনীয় পর্যায়ে নামিয়ে আনতে সমর্থ হয়, তাহলে যে ব্যয় সাশ্রয় হবে তা দিয়ে উপরে উল্লিখিত সামাজিকভাবে কাম্য কার্যক্রমগুলোতে রাষ্ট্র অর্থবহ সাফল্য অর্জন করতে সমর্থ হবে, তা নির্দিধায় বলা চলে।

এশিয়ার “সফল” দেশগুলোর অভিজ্ঞতা সাক্ষ্য দিচ্ছে, শিল্পায়নে সাফল্য অর্জনের পূর্বশর্ত হিসেবে এসব দেশে রাষ্ট্রের উদ্যোগে সুদূর প্রসারী কৃষি সংস্কার কর্মসূচী সফলতার সাথে বাস্তবায়িত হয়েছিল। জাপান, দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, চীন ও ইসরাইলের দৃষ্টান্ত এক্ষেত্রে জাজ্বল্যমান নক্ষত্রের মত দেদীপ্যমান।

উন্নয়নের পথে সফল দেশগুলোর ইতিহাস আরো সাক্ষ্য দিচ্ছে, মানব উন্নয়নে সত্যিকার সফল কোন দেশ বেশি দিন উন্নয়নের দৌড়ে পিছিয়ে থাকে না। অতএব, এদেশে সর্বজনীন, বিজ্ঞান ও প্রযুক্তিজ্ঞান নির্ভর, বৈষম্যহীন ও সকল নাগরিকের জন্য অভিন্ন মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা এবং ন্যূনতম সময়ে নিরক্ষরতা নির্মূল করার জন্য রাষ্ট্রীয় উদ্যোগে যুদ্ধকালীন প্রস্তুতি ও প্রয়াস চালানো জাতীয় উন্নয়ন ভাবনার কেন্দ্রবিন্দুতে স্থান লাভের দাবী রাখে।

ভর্তুকি প্রত্যাহারের প্রশ্নটিও সুচিন্তিত বিবেচনার দাবী রাখে। রাষ্ট্র এদেশে ভর্তুকি প্রত্যাহার করছে কৃষিখাত থেকে, আর ভর্তুকি বহাল রাখছে বিভিন্ন বাহিনীর রেশনে, আমলা কর্মকর্তা-কর্মচারীর নানান কিসিমের “ফ্রি” বা সস্তা সুবিধেগুলোতে -বিদ্যুৎ, পানি, গ্যাস, ফার্নিশড কোয়ার্টার, শোফার চালিত গাড়ী, টেলিফোন, জমির প্লট, ইত্যাদিতে।

ব্যাংক ঋণ নিয়েও কঠোর চিন্তা-ভাবনা প্রয়োজন। ব্যাংক থেকে ঋণ নিয়ে তা সময়মত ফেরৎ দেয়ার অঙ্গীকার করে যে ঋণ গ্রহীতা সে অঙ্গীকার রক্ষা করবেন, তাঁকে মাক্কাতা আমলের বস্তাপঁচা সহ-জামানত বা বন্ধকী প্রথার অজুহাতে ব্যাংক ঋণ থেকে বঞ্চিত রাখার কী যুক্তি থাকতে পারে? বাংলাদেশের ধনাঢ্য ঋণ গ্রহীতার এখনো প্রায় চব্বিশ হাজার টাকার খেলাপি ঋণের পাহাড়ে বসে রয়েছেন, অন্যদিকে বাংলাদেশের গ্রামীণ ভূমিহীন ও বিত্তহীন পরিবারের নারী সমাজ তাঁদের গৃহীত ঋণ ফেরৎ দেয়ার রেকর্ড অক্ষুণ্ন রেখে চলেছেন। অথচ, বাংলাদেশের প্রাতিষ্ঠানিক (Formal) ঋণ-বাজার

এসব উৎপাদনশীল নারীকে অবহেলা করে চলেছে। পাশাপাশি, ঐতিহ্যবাহী কুটির শিল্পের প্রতি, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের প্রতি এবং গ্রামীণ কৃষি বহির্ভূত কার্যক্রমের প্রতি ব্যাংকিং সিস্টেমের অনীহা দিন দিন বেড়েই চলেছে। তাই, রাষ্ট্রীয় উদ্যোগে ব্যাংক ঋণকে এসব ক্ষুদ্র অথচ উৎপাদনশীল উদ্যোক্তাদের দিকে ফেরাতে হবে। বড়র পীরিতি থেকে মুক্ত করে ব্যাংককে জনগণের পুঁজির জন্য হাহাকারকে মেটানোর লক্ষ্যে নিয়োজিত করতে হবে।

বৈদেশিক ঋণ ও অনুদান গ্রহণের ব্যাপারেও সাহসী সিদ্ধান্ত গ্রহণের সময় এসেছে। ১৯৮০-৮১ অর্থ বছরে বাংলাদেশের বৈদেশিক ঋণ/সাহায্য এবং জিডিপি'র অনুপাত ১৩.২ শতাংশে গিয়ে দাঁড়িয়েছিল। আজ তা জিডিপি'র ৪ শতাংশের নীচে নেমে এসেছে। তাই বাংলাদেশকে এখন ঋণ নির্ভর দেশ না বলে বাণিজ্য নির্ভর দেশ বলাই সমীচীন। একটা বোগাস্ আশংকা জাতিকে পেয়ে বসেছে যে বৈদেশিক ঋণ/সাহায্য বন্ধ হয়ে গেলে বাংলাদেশের অর্থনীতি ভেঙ্গে পড়বে। এই অমূলক আশংকাকে আমরা চ্যালেঞ্জ করছি। অবশ্য, এটাও বলা প্রয়োজন, ঋণ নির্ভর উন্নয়নের ধারণা বৈদেশিক ঋণ ও অনুদান গ্রহণকে সম্পূর্ণ নাকচ করে দেয় না। ঋণ গ্রহণে বা বর্জনে রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণের সার্বভৌমত্ব অর্জনই গুরুত্বপূর্ণ। বৈদেশিক বিনিয়োগের ব্যাপারেও একই কথা খাটে। বর্তমানে প্রাপ্ত বৈদেশিক ঋণ ও অনুদানের ধরন এবং অর্থনীতির জন্য এর উপযোগিতা গভীরভাবে মূল্যায়নের মাধ্যমে এমন প্রতীতিই জন্মায় যে, অধিকাংশ প্রকারের বৈদেশিক ঋণ সহায়তা প্রাপ্ত প্রকল্প অর্থনীতির প্রবৃদ্ধির হারে তেমন কোন হেরফের ঘটায় না। বরং এই প্রকল্পগুলো অর্থনীতিতে কতগুলো পুঁজি-লুটেরা গোষ্ঠীকে লালন করছে। এ প্রসঙ্গে এনজিও কার্যক্রমেরও একটি পূর্ণাঙ্গ মূল্যায়নের আবশ্যিকতা অনুভব করছি।

ঋণ নির্ভর উন্নয়নের অশেষায় শ্রমজীবী জনগণের ক্ষমতায়নের এবং তাঁদের কার্যকর প্রতিনিধিত্বের প্রশ্নটি বারবার সামনে চলে আসবে। এক্ষেত্রে অত্যন্ত জরুরী পদক্ষেপ হিসেবে জনগণের কাছে সরাসরি জবাবদিহিমূলক ও নির্বাচিত স্থানীয় সরকার ব্যবস্থাকে শক্তিশালী ও কার্যকর করে গড়ে তোলা অপরিহার্য মনে করি। শ্রমজীবী জনগণের নিজেদের উদ্যোগে গঠিত ব্যবস্থায় সমবায় এবং অংশগ্রহণমূলক স্ব-ব্যবস্থাপনা পদ্ধতির উপযোগিতাও আজো হারিয়ে যায়নি। বিশ্ব ব্যাংকের বর্তমান প্রধান অর্থনীতিবিদ নিকোলাস স্টার্ন গণচীনের চমকপ্রদ অর্থনৈতিক প্রবৃদ্ধি ব্যাখ্যা করতে গিয়ে চীনের Township and Village Enterprise (TVE) গুলোর ভূমিকাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মূল্যায়ন করেছেন। বাংলাদেশের শিল্পায়নে অংশগ্রহণমূলক ব্যবস্থাপনার এই মডেলের শিক্ষা সরাসরি গ্রহণ করা যেতে পারে।

তথ্য ও টেলিযোগাযোগ প্রযুক্তির চলমান বিপ্লব থেকে বাংলাদেশ উল্লেখযোগ্য কোন ফায়দা তুলতে পারছেন, অথচ এখানেই হয়তো বাংলাদেশের জনগণের দারিদ্র মুক্তির স্বর্ণ-সম্ভাবনা লুকিয়ে রয়েছে।

উপরের করণীয়গুলোতে রাষ্ট্র এবং বাজার উভয়েরই যথাযথ ভূমিকা পালন অপরিহার্য। মুক্ত বাজার অর্থনীতি তো আসলে পুঁজিবাদই। পুঁজির শোষণ ও লুণ্ঠন কি মিথ্যে হয়ে গেছে? বৈষম্যের যে ক্রমবর্ধমান ধারা মানুষকে মানবের প্রাণীর মত অস্তিত্ব রক্ষার দৈনন্দিন সংগ্রামে ঠেলে দিয়ে নিরন্তর দারিদ্র সৃষ্টি করে চলেছে তারই ধারক ও লালনকর্তা তো এই পুঁজিবাদ। বৈষম্য, শোষণ ও পুঁজি-লুণ্ঠন ভিত্তিক পুঁজিবাদই কি মানব সভ্যতার ভবিষ্যৎ? বিশ্বের সকল দেশেই শ্রমজীবী জনগণ পুঁজির শোষণ থেকে মুক্তির আকাঙ্ক্ষা বৃদ্ধি লালন করে। বিকল্পের সন্ধান না পেয়ে তাঁরা কি পুঁজিবাদকেই নিয়তি হিসেবে বরণ করে নেবে? উপরের প্রশ্নগুলোর জবাব খুঁজতে গেলেই নিজের বিবেক থেকে জবাব মিলবে, বিকল্প সমাজের অশেষা কখনোই থামতে পারেনা।

একুশ শতকে বিশ্ব পুঁজিবাদ তৃতীয় বিশ্বকে পুনঃউপনিবেশকরণের (Re-colonisation) প্রয়াস আরো পোক্ত করবে। ভোটের রাজনীতিকেও এই নয়া সাম্রাজ্যবাদী মডেল অপব্যবহার করছে। রাজনীতির বৈশ্যকরণ (Commercialisation) এবং দুর্বৃত্তায়নের (Criminalisation) প্রক্রিয়ার মাধ্যমে যে সব তথাকথিত জনপ্রতিনিধি এহেন ভোটের গণতন্ত্রে রাষ্ট্রক্ষমতায় আসীন হচ্ছেন তাঁরাও বিশ্ব পুঁজিবাদের বিশ্বস্ত সেবাদাসের ভূমিকা পালন করবেন এটা প্রায় নিশ্চিত। তাই প্রগতিশীল সামাজিক রূপান্তরের প্রয়াস রাষ্ট্র চরিত্র বদলানোর সংগ্রামকে ধারণ করতেই হবে। এই পরিপ্রেক্ষিতকে সামনে রেখেই উপসংহারে বাংলাদেশে রাষ্ট্র ও বাজার সম্পর্কে নীচের কয়েকটি প্রস্তাব উপস্থাপন করা হলো :

### বাংলাদেশের রাষ্ট্র ও বাজারের দায়িত্ব বন্টন : কিছু প্রস্তাব

বাংলাদেশের রাষ্ট্র ও বাজারের ভূমিকার সঠিক বিভাজন ও সমন্বয়ের দিক নির্দেশনা হিসেবে নিচে উল্লিখিত ইস্যুগুলোর অপারিসীম গুরুত্ব অনস্বীকার্য :

- ১) অর্থনীতির বৃহত্তম ব্যক্তি মালিকানাধীন উৎপাদনী খাত কৃষিতে ব্যক্তি মালিকানাধীন ভূমি ব্যবস্থা অব্যাহত রেখে প্রগতিশীল ভূমি সংস্কার এবং কৃষি সংস্কার কর্মসূচীর বাস্তবায়নকে রাষ্ট্রীয় অগ্রাধিকার তালিকার শীর্ষে গুরুত্ব দিতে হবে। জমির মালিকানার সিলিং অবনমনের মাধ্যমে উদ্বৃত্ত জমির পুনর্বন্টন যেমনি একরূপ সংস্কারের অন্তর্ভুক্ত হবে, তেমনি বর্গা প্রথার সংস্কার, খেতমজুরদের অধিকার সংরক্ষণ, কৃষি ঋণ ব্যবস্থার সংস্কার, কৃষিপণ্য বাজারজাতকরণ ব্যবস্থার সংস্কার, কৃষিপণ্যের ন্যায্য দাম নিশ্চিতকরণ ব্যবস্থা জোরদারকরণ, কৃষি উপকরণে ভর্তুকি প্রদান, খাস জমিতে সমবায় খামার বা যৌথ খামার গঠন এসবও কৃষি সংস্কারের কর্মসূচীতে অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ২) অর্থনীতির সকল উৎপাদন ক্ষেত্রে রাষ্ট্রীয় উদ্যোগ এবং ব্যক্তি উদ্যোগের যৌক্তিকতার সঠিক বিশ্লেষণের ভিত্তিতে পরিমিত মাত্রায় বাজার ব্যবস্থাকে উৎপাদন সংগঠনে ব্যবহার করা। উৎপাদনের দক্ষতা অর্জনে রাষ্ট্রীয় খাতের ব্যর্থতার আলোকে রাষ্ট্রকে বাজার ব্যবস্থার নিয়ন্ত্রক (Regulator), সহায়ক (Facilitator) এবং শাসকের (Governor) ভূমিকায় প্রতিস্থাপিত করতে হবে। রাষ্ট্র উৎপাদকদের পথের বাধা হয়ে দাঁড়াবে না। বাজারের প্রতিযোগিতা বৃদ্ধির জন্য রাষ্ট্র নিয়ম-নিষ্ঠ রেফারির ভূমিকায় অবতীর্ণ হতে হবে।
- ৩) উৎপাদন থেকে উদ্ভূত উদ্বৃত্তের গন্তব্যকে রাষ্ট্র দিক নির্দেশনা দেবে। পুঁজির কেন্দ্রিকরণ বা পুঞ্জিভবনকে রাষ্ট্র প্রতিরোধ করবে, কিন্তু সঞ্চয়কে বিনিয়োগে রূপান্তরে অর্থ বাজার এবং পুঁজি বাজারকে রাষ্ট্রীয় কিংবা রাজনৈতিক জবরদস্তির শিকার করবেনা। ক্ষুদ্র এবং মাঝারি পর্যায়ের ব্যক্তি খাতের উদ্যোগকে রাষ্ট্র কার্যকর সহায়তা দেবে, বড় এবং ভারী শিল্প রাষ্ট্রায়ত্ত্ব থাকবে।
- ৪) অর্থনৈতিক পরিকল্পনায় কেন্দ্রীয় এবং স্থানীয় পর্যায়ের পরিকল্পনার সমন্বয় সাধনের জন্য স্থানীয় সরকার ব্যবস্থাকে সর্বতোভাবে জনপ্রতিনিধিত্বমূলক এবং জনগণের অংশগ্রহণমূলক প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। বাজার ব্যবস্থাকে অর্থনৈতিক পরিকল্পনার বিকল্প হিসেবে না দেখে পরিপূরকের ভূমিকা পালনের উপযোগী করে ঢেলে সাজাতে হবে (Structured বা Governed Market)।

- ৫) একুশ শতকে শিল্পোৎপাদন এমন পর্যায়ে পৌঁছে গেছে, যেখানে বৃহদাকার শিল্প-কারখানার ধারণা প্রায় পরিত্যক্ত হয়ে যাচ্ছে। Components ভিত্তিক আধুনিক প্রযুক্তিগত ধারায় শিক্ষা, প্রশিক্ষণ, দক্ষতা, প্রযুক্তিজ্ঞান সমৃদ্ধ “মানব পুঁজি” এ সবই একটি দেশের তুলনামূলক সুবিধের প্রধান নির্ধারক হয়ে গেছে। তাই একক মান সম্পন্ন বিজ্ঞান ভিত্তিক আধুনিক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করবে রাষ্ট্র। মতাদর্শিক বা ধর্মীয় জোয়াল যেন শিক্ষার মানকে কোনভাবেই ব্যাহত করতে না পারে তা নিশ্চিত করতে হবে। সর্বশেষ বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত জ্ঞানের সাথে যেন শিক্ষা ব্যবস্থার কোন দূরত্ব সৃষ্টি না হয় সে ব্যাপারে সদা সতর্ক থাকতে হবে উচ্চ শিক্ষার অঙ্গনগুলোকে।
- ৬) অর্থনীতির যাবতীয় কর্মক্ষেত্রে দক্ষতা ও মেধার যথাযথ প্রণোদনা কাঠামো গড়ে তুলতে হবে প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থাকে ভিত্তি করে। একই সাথে জবাবদিহিতার ও প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা বিধানের ব্যবস্থাকে কার্যকর করার জন্য রাষ্ট্র আইনের শাসন প্রতিষ্ঠাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে।
- ৭) রাষ্ট্রকে অবশ্যই ধর্ম নিরপেক্ষতার আদর্শকে ধারণ ও লালন করতে হবে। একের ধর্ম পালন অপরের ধর্মীয় স্বাধীনতাকে যেন কোনভাবেই বিঘ্নিত না করে, তারই সজাগ প্রহরীর ভূমিকা পালন করবে রাষ্ট্র। এমনকি, আন্তিকতা-নাস্তিকতা প্রশ্নেও কোন পক্ষাবলম্বন করবে না রাষ্ট্র। একই সাথে, ধর্মকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারের অপপ্রয়াসকে কঠোরভাবে দমন করবে রাষ্ট্র।
- ৮) দেশের বিচার ব্যবস্থাকে নির্ভেজাল স্বাধীনতা দিতেই হবে। বিচার ব্যবস্থা যেন সাধারণ জনগণের নাগালের মধ্যে থাকে তারও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তুলতে হবে।
- ৯) আমলাতন্ত্রের দুর্নীতি, রাষ্ট্রীয় নিপীড়ক সংস্থার ছড়াছড়ি, রাষ্ট্রীয় আমলাতন্ত্রের (সিভিল ও মিলিটারী উভয় প্রকারের) বিশেষ সুবিধেভোগী গোষ্ঠী হিসেবে গণবিরোধী “শ্রেণীতে” রূপান্তর, স্বজনপ্রীতি, দলীয়করণ-এগুলোকে পরিহার করার প্রয়োজনে রাষ্ট্রীয় ক্ষমতার বিকেন্দ্রীকরণের লক্ষ্যে শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থাকে গড়ে তোলার কোনই বিকল্প নেই।
- ১০) একক মানসম্পন্ন আধুনিক, সর্বজনীন স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা পরিচালনা করবে রাষ্ট্র। স্বাস্থ্য ব্যবস্থার জবাবদিহিতা নিশ্চিত করবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো।
- ১১) সংবাদপত্র - রেডিও - টেলিভিশনের মতো মতপ্রকাশের মাধ্যমগুলোকে সম্পূর্ণ স্বাধীনতা দিতে হবে। বুদ্ধিবৃত্তি চর্চা, সাহিত্য, সিনেমা ও নাটককে সম্পূর্ণ নিয়ন্ত্রণের অর্গলমুক্ত করতে হবে।
- ১২) উৎপাদনকে দক্ষ ও গতিশীল করার প্রয়োজনে রাষ্ট্র ভৌত অবকাঠামো গড়ে তুলবে, তবে সেগুলোর পরিচালনায় মাঠ পর্যায়ে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রেও স্থানীয় সরকার ব্যবস্থা এবং সংগঠিত ব্যক্তি খাতের উদ্যোগ কার্যকর এজেন্ট হতে পারে। Public Utilities সরবরাহে ব্যক্তি খাত এগিয়ে এলে রাষ্ট্র নিয়ন্ত্রকের ভূমিকা পালনই যথাযথ হবে দক্ষতা ও ক্রেতাস্বার্থ সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে।
- ১৩) রাষ্ট্র প্রতিরক্ষার জন্য বৃহদাকার সশস্ত্র বাহিনীর উপর নির্ভরশীল না হয়ে সমগ্র জনগণের অংশগ্রহণমূলক গণ বাহিনীকে প্রস্তুত করে তুলবে, যাতে বৈদেশিক আগ্রাসনের আশংকা দেখা দিলে পুরো জাতিকে ন্যূনতম সময়ে মাঠে নামিয়ে দেয়া যায়। উপর্যুক্ত ব্যবস্থা অবলম্বনে প্রতিরক্ষা খাতে যে সরকারী ব্যয় সাশ্রয় হবে রাষ্ট্র তা বরাদ্দ করবে শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা এবং পরিবেশ উন্নয়ন খাতগুলোতে।

- ১৪) রাজনৈতিক ও আমলাতান্ত্রিক দুর্নীতি দেশের পুরো উৎপাদন ব্যবস্থাকে যেভাবে তছনছ করে দিচ্ছে তাতে বিশ্বের এক নম্বর দুর্নীতিগ্রস্ত দেশের বদনাম ঘোচানোর জন্য রাষ্ট্র অবিলম্বে স্বাধীন দুর্নীতি দমন কমিশন গড়ে তুলবে এবং সংবিধানে বিধৃত ন্যায়পাল ব্যবস্থা কায়েম করবে। সন্ত্রাস ও দুর্নীতি রাষ্ট্রের জন্য ফ্রাংকেনস্টাইন হয়ে 'রাষ্ট্র ব্যর্থতা'কে (State Failure) সংকটজনক পর্যায়ে উন্নীত করেছে। জনগণ পরিত্রাণ চায়। কিন্তু, তার জন্য জনগণকেই রুখে দাঁড়াতে হবে। বাংলাদেশ অর্থনীতি সমিতি জনগণকে এই সম্মেলন থেকে এ-গণপ্রজাতন্ত্রে নিজেদের মালিকানা প্রতিষ্ঠার লক্ষ্যে মুক্তিযুদ্ধের চেতনায় জেগে ওঠার আহ্বান জানাচ্ছে।

**সুধী মন্ডলী,**

ধৈর্য সহকারে বক্তব্য শোনার জন্য আমার ধন্যবাদ গ্রহণ করুন। সম্মেলনের সকল কর্ম-অধিবেশনে সক্রিয় অংশগ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

খোদা হাফেজ। বাংলাদেশ চিরজীবী হোক।



## ধন্যবাদ জ্ঞাপন

আবুল বারকাত  
সাধারণ সম্পাদক  
বাংলাদেশ অর্থনীতি সমিতি

সম্মানিত সভাপতি, অধ্যাপক মইনুল ইসলাম;  
পরম শ্রদ্ধেয় সম্মেলন উদ্বোধক, মাননীয় বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান;  
সম্মেলন অভিভাষক, আমাদের সকলের শ্রদ্ধাভাজন শিক্ষক অধ্যাপক রেহমান সোবহান;  
সম্মেলন প্রস্তুতি কমিটির সম্মানিত আহবায়ক, অধ্যাপক সৈয়দ আব্দুল হাই;  
উপস্থিত সম্মানিত সুধীবৃন্দ;  
সুপ্রিয় ছাএ-ছাত্রী :

- ০১। আজকের এই সুন্দর সকালে আমাদের চতুর্দশ দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে মূল্যবান সময় দিয়ে উপস্থিত থাকার জন্য আপনাদের প্রতি আমরা কৃতজ্ঞ। এবারের সম্মেলনের প্রতিপাদ্য “রাষ্ট্র ও বাজার: বাংলাদেশের পরিপ্রেক্ষিতে” বিষয়ক সম্মেলন উদ্বোধক ও অভিভাষক-এর দার্শনিক বক্তব্যসমূহ গভীর মনোযোগের সাথে শোনার জন্য আপনাদের আন্তরিক ধন্যবাদ।
- ০২। এদেশে গণতন্ত্র প্রক্রিয়ার চর্চা ত্বরান্বিত ও সুসংহত করার ক্ষেত্রে অবদানের পাশাপাশি আজকের “বিষন্ন বিষয় ও বাংলাদেশ” শিরোনামে গভীর মর্মবস্ত্তসম্পন্ন অসাধারণ উদ্বোধনী ভাষণ প্রদান করে সম্মানিত উদ্বোধক মাননীয় বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান আমাদেরকে তার কাছে আবারও চিরকৃতজ্ঞ করলেন।

পরম শ্রদ্ধেয় মাননীয় বিচারপতি হাবিবুর রহমান—আপনাকে সমিতির পক্ষ থেকে অশেষ শ্রদ্ধা ও ধন্যবাদ। বিচারকের মেধা, দেশপ্রেম ও জ্ঞান-সমৃদ্ধ মানুষের বিচার-বিবেক দিয়ে আপনি অর্থনীতিবিদদের জন্য একটি নতুন পথ নির্দেশনা দিয়েছেন। আপনি আমাদের উদ্দেশ্যে বলেছেন “সমস্যার কেন্দ্রবিন্দুতে যে মানুষ ব্যক্তিটি আছেন তিনি কঠিন মহাশয়। তাকে পুরো বুঝা যায় না।.....। অর্থনীতিশাস্ত্র সেই মানুষকে বাদ দিয়ে নয়।.....। বাজার অর্থনীতিতে অসফলের স্থান নেই।.....। মানুষকে কোন অর্থনীতিবিদ বলতে পারেন না, ‘তুমি দেউলিয়া হয়ে যাও।’.....।..... এবং দারিদ্র্যের কদমে কমল প্রস্ফুটিত হলেও হতে পারে...” এ কয়েকটি গভীর যোগসূত্র সম্পন্ন বক্তব্য আমাদেরকে অর্থনীতি শাস্ত্রের সাথে ব্যক্তি মানুষের সম্পর্ক নিরূপনে নূতন করে ভাবিত করবে। মানব-কেন্দ্রিক নূতন-ভাবনা উদ্ভবে আপনার

“বিষন্ন বিষয় ও বাংলাদেশ” আমাদের কাছে প্রুপদী সাহিত্য হিসেবে বিবেচিত হবে। আপনাকে আবারও ধন্যবাদ।

- ০৩। আমাদের সকলের পরম শ্রদ্ধেয় শিক্ষক ও পথ নির্দেশক, অধ্যাপক রেহমান সোবহান “বাংলাদেশে রাষ্ট্র ও বাজারের রাজনৈতিক-অর্থনীতি” (The Political Economy of the State and Market in Bangladesh) শীর্ষক গভীর চিন্তা উদ্রেককারী সংকট ও উত্তরণ সংক্রান্ত সম্মেলন অভিভাষণ প্রদান করে আমাদের রাজনৈতিক-অর্থনীতি সাহিত্যে যে নবতর যুক্তি কাঠামো সংযোজন করলেন—সে জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতিসহ এদেশের মানব-উন্নয়নকামী সাধারণ মানুষ ও সুশীল সমাজ আপনার কাছে অপরিশোধনব্য খণী হয়ে থাকবে। ‘মানব উন্নয়ন দর্শনের’ — এই পথ নির্দেশনা দেবার জন্য, স্যার, আপনাকে ধন্যবাদ।
- ০৪। আমাদের সমিতির সভাপতি ও উদ্বোধনী এই অধিবেশনের সভাপতি, আমাদের সকলের অত্যন্ত প্রিয়, সাহসী-শ্রদ্ধাভাজন অধ্যাপক মইনুল ইসলামকে চতুর্দশ দ্বিবার্ষিক সম্মেলনের মূল প্রতিপাদ্য “রাষ্ট্র ও বাজার: বাংলাদেশের পরিপ্রেক্ষিতে” বিষয়ে গভীর বিশ্লেষণ-ভিত্তিক রাষ্ট্র ও বাজারের দায়িত্ব বন্টন সম্পর্কে সুচিন্তিত উপস্থাপনার জন্য ধন্যবাদ।
- ০৫। উদ্বোধনী অনুষ্ঠান পরবর্তী কর্ম অধিবেশন সমূহের সভাপতি: অধ্যাপক এ আর খান, অধ্যাপক মুশাররফ হোসেন, অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক সিকান্দার খাঁন, অধ্যাপক মুহম্মদ ইউনুস, অধ্যাপক মোজাফফর আহমেদ ও অধ্যাপক সনৎ কুমার সাহা - সবাইকে আন্তরিক ধন্যবাদ। সেই সাথে কৃতজ্ঞতা স্বীকার করছি সকল বিশিষ্ট অর্থনীতিবিদ স্মারক বক্তাদের। যাদের মধ্যে আছেন অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ, অধ্যাপক সান্তার মন্ডল, ডঃ আসাদুজ্জামান, ডঃ আতিউর রহমান, ডঃ হোসেন জিল্লুর রহমান, অধ্যাপক এইচ কে দে এবং ডঃ দেবপ্রীয়া ভট্টাচার্য। সেই সাথে অভিনন্দন সেই চল্লিশ জন প্রবন্ধ রচয়িতাদের যারা প্রবন্ধ উপস্থাপন করবেন।
- ০৬। সম্মেলনের বিভিন্ন কার্যক্রমে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য আমরা যাদের কাছে কৃতজ্ঞ তাদের মধ্যে আছে Bangladesh Bank, Sonali Bank, Agrani Bank, City Bank N.A, Dutch-Bangla Bank, Janata Bank, Mercantile Bank, One Bank Ltd.
- ০৭। আজকের উদ্বোধনী অনুষ্ঠানসহ তিনদিনব্যাপী দ্বিবার্ষিক সম্মেলন আয়োজনে সমিতির কার্যনির্বাহক কমিটিসহ বিভিন্ন কমিটি-উপকমিটির সকল সদস্য এবং সমিতির সীমিত সংখ্যক কর্মচারী-কর্মকর্তা যারা অক্লান্ত পরিশ্রম করেছেন — সবাইকে ধন্যবাদ। ঢাকা, জাহাঙ্গিরনগর, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ছাত্র-ছাত্রীরা সম্মেলন সার্থক করার জন্য আজকের মহা-বাজার অর্থনীতিতে দিন-রাত যে স্বেচ্ছাশ্রম দিয়েছেন সেজন্য সবাইকে সমিতির পক্ষ থেকে ধন্যবাদ।
- ০৮। সুবিশাল এই সম্মেলন-এর সকল প্রস্তুতিতে সফল নেতৃত্ব দিয়ে সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক অধ্যাপক সৈয়দ আব্দুল হাই সমিতিকে তাঁর কাছে ঋণবদ্ধ করলো।
- ০৯। এই মিলনায়তনের শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে অনুপস্থিত অথচ সম্মেলন কর্মকাণ্ড সুন্দর ও সার্থক করা যাদের অবদান ছাড়া অসম্ভব সেই দরিদ্র রাত-জাগা মুদ্রণ-কর্মী, ভোর বেলার ভ্যান চালক,

হোটেলের বাবুর্চি, বাইরের খাদ্য পরিবেশক — সবাইকে আন্তরিক ধন্যবাদ (যদিও তারা এ ধন্যবাদের কথা জানবে না, জানলেও খুব লাভ হবে কি'না-জানিনা) ।

- ১০ । সবশেষে, ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স-এর কতৃপক্ষকে বিশেষ করে ইনস্টিটিউট সভাপতি, দেশের প্রখ্যাত ইঞ্জিনিয়ার জনাব কামরুল ইসলাম সিদ্দিকিকে আমাদের সম্মেলন সার্থক ও সুন্দরভাবে করার ব্যাপারে তার ব্যক্তিগত উদ্যোগ ও সহায়তার জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ।

সম্মানিত সুধীমশ্রী,

আপনাদের সবাইকে আবারও ধন্যবাদ । আজসহ আগামী তিনদিন বিভিন্ন কর্ম অধিবেশনে আমন্ত্রণ রইলো ।

ধন্যবাদ ।

## **Part II**

### **Memorial Lectures**

Professor M. N. Huda Memorial Lecture  
Session: *State, Market and Institutional Transformation*

## **National Budgets and Public Spending Patterns in Bangladesh: A Political Economy Perspective**

Wahiduddin Mahmud\*

### **Abstract**

This exploratory study looks at the factors shaping the formulation and implementation of national budgets in Bangladesh with an emphasis on the determinants of public social spending. By considering the actual budgetary outcomes as the “revealed” public choice, the deviations from the stated economic policy objectives are examined. While few generalisations can be made, the study highlights the complex interactions of economic, political and bureaucratic incentives and institutions underlying the budgetary processes. One finding is that, given the weaknesses of the democratic institutions in Bangladesh, there seem to be at work some non-institutional mechanisms for ensuring public accountability, such as through civic activism, a free press and widespread political awareness among the people at large. This probably explains why, in spite of many perverse political incentives embedded in the system, there has been considerable progress in many areas of social development in Bangladesh and the budgetary process portrays, at least in pretence, a “benevolent social guardian role” of the government.

### **1. INTRODUCTION**

National budgets are the most potent instrument of the government’s economic management and can thus have a profound effect on the well being of the people. Both the methods of revenue collection and patterns of expenditure adopted in the

---

\* Professor, Department of Economic, University of Dhaka

budget go a long way in determining the growth and distribution of income in the economy. This is particularly true when one considers the cumulative effects of budgetary policies pursued over a period of time. There are of course many important areas of economic policymaking that lie outside the purview of the budget - for example, monetary and exchange rate policies, labour market policies, and a whole range of policies and institution-building activities that are intended to regulate and facilitate the functioning of a market economy. But these policies largely complement and get reflected in the budgetary processes in one way or the other.

The scope of budgetary policies in a poor developing country like Bangladesh is, however, closely related with what developmental role is envisaged for the government vis-à-vis the private sector. On this, the development thinking has undergone profound changes over time and is still evolving, with no clear-cut consensus (the so-called 'Washington consensus' itself being continuously modified by its own proponents). This debate, while relevant, is not the major concern for the present study. Public policy discussions are usually about what *ought to be* done, rather than what *actually is* done. The former is about the economic arguments regarding policy choices, while the latter is concerned with the economic-political-institutional interactions that shape the actual formulation and implementation of policies. This study is mainly concerned with analysing those interactions and their outcomes - what may preferably be called 'public choice' involved in budgetary decisions.

Why does a government conduct its budgetary policies (or, for that matter, the entire economic management) in the way it does? There is not much guidance available from the economics or public administration literature on this issue. Many authors have discussed the political economy aspects of implementing market-oriented liberalising policy reforms in developing countries, but the discussions hardly cover the government's behaviour regarding public finance (excepting certain issues that are directly relevant to those reforms, such as the elimination of subsidies or cuts in import tariffs).<sup>1</sup> On the other hand, the so-called "public choice" school of economics founded by James Buchanan and Gordon Tullock among others, does provide a framework for analysing the determination and efficiency of public policies, including budget-making processes (Buchanan and Tullock 1962, Downs 1957). Following their work, there has now emerged a sizeable literature attempting to explain economic policymaking by democratic governments; but there is yet little consensus on empirical evidence or on mode of analysis (Mueller 1997, Persson and Tabellini 2002). Moreover, this literature deals with only Western industrialised economies having mature democratic

---

<sup>1</sup> See, for example, Krueger (1993); Haggard and Kaufman (1992).

systems, and has, therefore, very limited applicability to developing countries.<sup>2</sup> As such, this paper makes only some occasional reference to this literature

The point of departure for this paper will be to see how far there exists a coherent stated economic policy framework for the budget, particularly regarding the priorities of public spending and their envisaged contribution towards social well-being. If the actual budgetary outcomes are considered as the “revealed” public choice, one can then examine how far these deviate from the stated policy framework.<sup>3</sup> The deviations may occur when the budget is proposed as well as at the implementation stage. Some of the deviations may be due to lack of analytical and administrative capacities in the formulation and implementation of the budget, but more important in explaining the deviations are likely to be the political compulsions. It need not be, however, assumed that the stated policy framework is conceived in a political vacuum on the basis of economic rationale alone, as in the so-called “benevolent social guardian” model of governmental objectives and decision making. Such a model implicitly underlies most public policy discussions. In reality, economic policy making is likely to incorporate political responses and feedback, thus making a full circle of political-economic interactions.

The empirical analysis will be based on the fiscal policies pursued during the decades of the 1980s and the 1990s, with more emphasis on the later years. The analyses of the fiscal trends during this period can be enriched by capturing the effects of several factors relevant for this study:

- large-scale fiscal adjustment taking place as part of macroeconomic reforms initiated in the mid-1980s, mostly under donor conditionalities (thus showing donor influence as well as changes that were more than ‘incremental’);
- increased reliance on domestic financing of public development spending in the face of declining foreign aid availability, thus providing more scope for the government to ‘reveal’ its own priorities;
- transition to parliamentary democracy in the beginning of the 1990s.

---

<sup>2</sup> Public choice theories challenged the Keynesian welfare-state ideas to substitute a much more critical view of the capacities and integrity of the democratic governments. These theories have been criticised for their narrow interpretation of political motivation and their ideological bias for excessively restricting the scope of public sector responsibilities. However, these theories do provide some useful insights and help to understand political behaviour in some limited contexts; see, for example, Self (1993). Also, for a discussion in a developing country context, see Mahmud (2002), Chapter 17.

<sup>3</sup> The term “public choice” is used here in preference to, say, public policy or public action, in order to better convey the idea of public decision-making as discussed in this paper.

On the last point, it may be noted that the 1980s saw the semi-autocratic rule of General Ershad, starting with a martial law regime, followed by a semblance of presidential form of democracy with a multi-party parliament. The government failed to gain credibility as a representative one because of its repressive measures and rigged elections. Parliamentary democracy was introduced in the beginning of the 1990s, after the Ershad regime had fallen through a mass movement. Since then, the elections held under the neutral caretaker governments (for which, provision has been made under the constitution) have been widely acclaimed as free and fair. However, none of the elected parliaments could function effectively because of frequent boycotts by whichever parties were in the opposition.

The empirical analyses presented in this paper are mainly based on official data relating to the government's fiscal operations. In order to assess the actual outcomes of the stated budgetary policies, it also draws upon the results of various studies on the evaluation of public service delivery mechanisms and implementation of development projects. The findings of some recent studies on economic policy reforms, conducted with a 'participatory' approach, are also found helpful in understanding the perceptions of stakeholders, and thereby, the political economy of the budgetary process.

## **2. BUDGETARY TRENDS AND STRATEGIES: WHAT DO THEY REVEAL?**

### **2.1 The Economic Policy Framework**

Achieving equitable economic growth for poverty alleviation is generally accepted to be the overriding goal of the government's developmental efforts in Bangladesh. In this context, poverty alleviation is broadly defined to include social development, particularly in terms of improvements in health and education indicators. The policy statements regarding the budgetary measures, in order to have political legitimacy, must conform to these broad welfare objectives. While these statements may have a populist stance to an extent (e.g. well justified measures for increased tax coverage are underplayed, while not-so-justified writing-off of agricultural loans is highlighted), at least they show the compulsion on the part of the government to portray the so-called 'benevolent social guardian' image. In other words, any deviant political motives or compulsions have to remain as a hidden agenda .

These policy statements, which are made in the Finance Minister's budget speech and come as a preamble to the main budget documents, can hardly be said to provide a well-articulated policy framework for the budget. While some policy justifications are given for the budgetary measures representing only



**ভারত:** ভারতের মধ্যপ্রদেশ, গুজরাটসহ অনেক রাষ্ট্রের বন ব্যবস্থাপনা নিয়ে স্থানীয় জনগণের সংগে সরকারি কর্মচারীদের মধ্যকার ভয়াবহ সংঘর্ষ অর্থনীতিতে নিশ্চল অবস্থা সৃষ্টি করেছিল। কিন্তু যখন সম্প্রদায়গুলো একত্রিত হল এবং যৌথ বন ব্যবস্থাপনা প্রতিষ্ঠিত হল তখন সংঘর্ষ কমে গেল। জমির উৎপাদনশীলতা ও গ্রামীণ আয় বেড়ে গেল। এক্ষেত্রে সামাজিক পুঁজিতে বিনিয়োগ ছিল স্থানীয় সরকার ও জনসম্প্রদায়ের যৌথ প্রচেষ্টার ফল।<sup>১৮</sup>

**বাংলাদেশ:** 'উনিশশ' আটানব্বই সালে বাংলাদেশে যে ভয়াবহ ও দীর্ঘস্থায়ী বন্যা হয় তাতে অন্তত: দু'মাসের জন্য থমকে গিয়েছিলো বাংলাদেশের অর্থনীতি। নিশ্চল হয়ে উঠেছিলো মানুষের জীবনযাত্রা। সেসময় বাংলাদেশ অর্থনৈতিক ও সামাজিক বিপর্যয়ের হাত থেকে বেঁচে যায় অসংখ্য সামাজিক ও স্বেচ্ছামূলক সংগঠনের ত্রাণকাজে অংশগ্রহণের কারণে। বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ঢাকার রাস্তায় নেমেছে, গান গেয়ে ত্রাণ সামগ্রী সংগ্রহ করে দুর্গত মানুষের পাশে দাঁড়িয়েছে। সামাজিক পুঁজির এই স্বতঃস্ফূর্ত উদ্দীপনা সে সময়কালের জাতীয় আয়ের প্রবৃদ্ধি স্বাভাবিক রেখেছে।

ওপরের আলোচনা থেকে দেখা যায় যে পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে সামাজিক পুঁজির রূপ ভিন্ন ভিন্ন হয়, তা স্বতন্ত্র রূপে জেগে ওঠে এবং আলাদা আলাদা সত্তা নিয়ে অর্থনৈতিক উন্নয়নে ও মানব কল্যাণে অবদান রাখে, মানুষ ও পরিবেশ সহায়ক উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে।

<sup>১৭</sup> H, p. 79.

<sup>১৮</sup> Serageldin, I. and C. Grootaert, op. cit., p. 44-5.

এ প্রেক্ষিতে আমরা সামাজিক পুঁজির কিছু সাধারণ বৈশিষ্ট্যকে চিহ্নিত করতে পারি।

- সামাজিক পুঁজি নানারকম নেটওয়ার্ক ও চুক্তির সাপেক্ষে সেই সম্পর্কসমূহের ওপর আলোকপাত করে যেগুলো সামষ্টিক ও ব্যক্তিগত উভয় দিক থেকেই কার্যকর ও দক্ষ পদক্ষেপকে উৎসাহিত করে। সামাজিক পুঁজি সমাজের ব্যক্তিবর্গের মধ্যকার পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়াকে উন্নত রূপ দেয় এবং তাদেরকে দক্ষভাবে পদক্ষেপ গ্রহণে সহায়তা করে।
- সামাজিক পুঁজি এমন একটি গুরুত্বপূর্ণ সম্পদ যা অন্যান্য সম্পদ লাভে সহায়তা করে।
- একে এমন সব উপায়ে অর্জন করা যায় যেগুলোকে সৃষ্টি ও শক্তিশালী করা সম্ভব।
- সামাজিক পুঁজির মধ্যে প্রত্যাশিত ও অপ্রত্যাশিত উভয় ধরনের সামাজিক সম্পর্কই রয়েছে। এর একটি গণদ্রব্যের রূপও বিদ্যমান।
- সামাজিক পুঁজির অনুমিতি হচ্ছে সামাজিক সম্পর্কগুলো অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে সমান গুরুত্বপূর্ণ। এটা বাজার ও রাষ্ট্রের কর্মকাণ্ডকে প্রভাবিত করে এবং নিজেও এদের দ্বারা প্রভাবিত হয়।
- সামাজিক সম্পর্কগুলোর মধ্য দিয়ে সামাজিক পুঁজির প্রভাব উন্নয়ন, জীবনযাপন ও জীবনের গুণের ওপর ইতিবাচক। কারণ এটা আস্থা ও আদর্শ সৃষ্টি করে যা পারস্পরিক সম্পর্ক তৈরি করে এবং সুযোগ-সম্মানী মনোভাব কমায়।<sup>১৯</sup>
- স্থান, কাল ও পরিস্থিতি ভেদে সামাজিক পুঁজির প্রকৃতি ভিন্ন ভিন্ন হয়।

### ২.১ সামাজিক পুঁজির সূচক

বৈষয়িক পুঁজি পুরোপুরি পরিমাপযোগ্য, কারণ এটা বস্তুগত রূপে মূর্ত থাকে। মানবিক পুঁজি কম পরিময়ে কারণ এটা ব্যক্তির অন্তর্গত দক্ষতা ও জ্ঞান হিসেবে বিমূর্ত থাকে। আর সামাজিক পুঁজির পরিমাপ আরও কষ্টসাধ্য, কারণ এর অস্তিত্ব সমাজের ব্যক্তিবর্গের মধ্যকার সম্পর্কের ভেতর। তবে বৈষয়িক ও মানবিক পুঁজির মতোই সামাজিক পুঁজি উৎপাদনশীল কর্মকাণ্ডকে সহজসাধ্য করে তোলে।<sup>২০</sup>

সামাজিক পুঁজির সূচক প্রধানত তিনটি: এক. সরকারের ওপর আস্থা, দুই. নাগরিক সহযোগিতা, এবং তিন. সাংগঠনিক কর্মকাণ্ড।

সরকারের ওপর আস্থাকে পরিমাপ করা হয় চারটি সরকারি প্রতিষ্ঠানের ওপর প্রশ্ন রেখে: শিক্ষা, আইন কাঠামো, সিভিল সার্ভিস ও পুলিশ। অন্যদিকে, নাগরিক সংস্কৃতি ও সামষ্টিক আদর্শ যেমন — সামাজিক নীতি, সততা ও পারস্পরিক আস্থা; ব্যক্তিগত ও সামাজিক লক্ষ্যের বিন্যাস; কর ফাঁকি দেবার প্রবণতা এবং সামাজিক লাভ বন্টনের ধরনের ওপর ভিত্তি করে নাগরিক সহযোগিতাকে পরিমাপ করা হয়।<sup>২১</sup>

<sup>১৯</sup> Khan, M.I.A., op. cit., p. 134.

<sup>২০</sup> Coleman, J.S., op. cit., p. 19.

<sup>২১</sup> de Mello, L. (2000:9); *Can Fiscal Decentralization Strengthen Social Capital*; IMF Working Paper 129.

আর নাগরিক সংগঠনের কর্মকাণ্ডে ব্যয় করা সময়ের ওপর ভিত্তি করে সাংগঠনিক কর্মকাণ্ডকে পরিমাপ করা হয়। এর মধ্যে রয়েছে ট্রেড ইউনিয়ন, চ্যারিটি ও রাজনৈতিক এবং/ অথবা সামাজিক সংগঠনসমূহ। সংগঠনগুলো হচ্ছে: (১) বয়স্ক, অক্ষম বা বঞ্চিত জনগণের জন্য সমাজকল্যাণমূলক সংগঠন, (২) ধর্মীয় সংগঠন, (৩) শিক্ষামূলক ও সাংস্কৃতিক সংগঠন, (৪) ট্রেড ইউনিয়ন, (৫) রাজনৈতিক দল, (৬) দারিদ্র্য, বেকারত্ব, গৃহায়ন ও লৈঙ্গিক বৈষম্যের মতো বিষয় নিয়ে কর্মরত সংগঠন, (৭) উন্নয়ন ও মানবাধিকার সংগঠন, (৮) পরিবেশবাদী সংগঠন, (৯) পেশাজীবী সংগঠন, এবং (১০) যুব সংগঠন (যেমন — স্কাউট, গালস গাইড ইত্যাদি)।<sup>২২</sup>

সামাজিক পুঁজির কয়েকটি বিকল্প সূচকও রয়েছে :

- বিচার ব্যবস্থার দক্ষতা
- আইনের শাসন এবং
- লৈঙ্গিক ক্ষমতায়ন এর আবার দুটো সূচক রয়েছে: সংসদে নারী এবং সরকারে নারী। এ দুটো সূচক তৈরি করেছে ইউএনডিপি। দ্বিতীয় সূচকে সরকারি পদে নারীর অবস্থান নির্দেশ করা হয় যার মধ্যে সরকার-প্রধান এবং কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর পদও অন্তর্ভুক্ত।<sup>২৩</sup>

## ২.২ সামাজিক পুঁজির ব্যবহার

বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বাস্তবতায় মানুষের নানাবিধ প্রয়োজনে ও সার্বিক কল্যাণে সামাজিক পুঁজিকে ব্যবহার করা যায়।

- দল মত নির্বিশেষে সকলে একত্রিত হয়ে একটি কল্যাণকর সমাজ (good society)<sup>২৪</sup> নির্মাণ করা যায়। তবে এজন্য দরকার সমাজে পর্যাপ্ত গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও গণতান্ত্রিক পরিবেশ, পরমত সহিষ্ণুতা (habituation), মত প্রকাশের স্বাধীনতা এবং মুক্ত ও স্বাধীন গণমাধ্যম। আবার এসব সামাজিক শর্ত অর্জনে দরকার সামাজিক পুঁজি।
- দারিদ্র্য বিমোচনে সরকারি অর্থব্যবস্থা ব্যর্থ হলেও জনসংগঠন ইতিবাচক ভূমিকা পালন করতে পারে। সমাজের দরিদ্র মানুষের সচেতনতা বাড়িয়ে এবং সৃজনশীলতাকে উদ্দীপ্ত করে গণদারিদ্র্যের বোঝা লাঘব করতে পারে সামাজিক পুঁজি।
- দুর্নীতির মতো সামাজিক ও রাষ্ট্রীয় ব্যাধি নিরাময়ে সামাজিক সংগঠন ও নেটওয়ার্ক এবং সামাজিক প্রতিরোধ (social resistance) কার্যকর ভূমিকা পালন করতে পারে।
- বর্তমান যুগ তথ্যের। অর্থনৈতিক এজেন্টগণ যেহেতু প্রায়শই প্রয়োজনীয় তথ্যের অভাবে অদক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেন তাই আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে তথ্য সংশ্লিষ্ট বাজার ব্যর্থতা এড়াতে সহায়তা করতে পারে।

<sup>২২</sup> ibid., p. 24.

<sup>২৩</sup> ibid., p. 20.

<sup>২৪</sup> Knight, B. et. al.,(2002:63); *Reviving Democracy: Citizens at the Heart of Governance*; Earthscan, London.

- কর্মকাণ্ডের সমন্বয়ের অভাবে সুযোগসন্ধানী অর্থনৈতিক এজেন্ট বাজার ব্যর্থতা সৃষ্টি করতে পারে বলে সামাজিক পুঁজি ব্যবহার করে এ ব্যর্থতা দূর করা যায়। বিভিন্ন সেচ প্রকল্পে এরকম ব্যর্থতা দেখা যায়। নানান আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সামাজিক উপায় ব্যবহার করে পানির ন্যায্য বন্টন ও অপচয় রোধ নিশ্চিত করা যায়।
- গণদ্রব্যের সুযোগ ও বাইরের প্রভাবের (externality) ব্যবস্থাপনায় সামষ্টিক সিদ্ধান্ত দরকার হয়। গণদ্রব্যের সুযোগ যাতে কতিপয় ব্যক্তি ভোগ না করে এবং বাজারের তৈরি নেতিবাচক প্রভাবের (negative externality) যাতে কাম্য বন্টন ঘটে সেক্ষেত্রে সামাজিক পুঁজি ব্যবহার করা যায়।
- রাজস্ব কর্মকাণ্ডের বিকেন্দ্রায়ন সামাজিক পুঁজি বাড়ায়। এই বর্ধিত সামাজিক পুঁজি সরকারকে জনগণের আরো কাছে নিয়ে আসে (de Mello, 2000: 22)। এই পুঁজিকে দারিদ্র্য নিরসন ও উন্নয়ন কৌশলে ব্যবহার করা যায়।
- জনসংগঠনে কার্যকর সম্পৃক্ততা মানবীয় পুঁজির উন্নয়ন ঘটায় বিশেষত: ব্যক্তির দক্ষতা বৃদ্ধির মধ্য দিয়ে।
- পরিবেশ রক্ষায় জনসচেতনতার বিকল্প নেই। আমাদের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ রক্ষা এবং তার লালন ও বিকাশে নেটওয়ার্কিং সবচেয়ে জরুরি।
- প্রাকৃতিক ও জাতীয় দুর্যোগ মোকাবিলায় সামাজিক পুঁজিকে সহজেই ব্যবহার করা যায়।
- সুশাসন ও প্রাতিষ্ঠানিক গণতন্ত্র প্রতিষ্ঠায় সামাজিক পুঁজি অত্যাবশ্যিক।

### ২.৩ সামাজিক পুঁজির সীমাবদ্ধতা

সামাজিক পুঁজির প্রধানত: চারটি সীমাবদ্ধতা রয়েছে।

- বিভিন্ন সামাজিক সুযোগ সমাজের সকল মানুষ গ্রহণ করতে পারে না। যেমন - বাংলাদেশের এনজিওগুলো সমবেত কর্মকাণ্ডকে সহজ করে বহু মানুষকে এর আওতায় এনেছে বটে, তবে অনেক মানুষই এই সামষ্টিক কর্মকাণ্ডে অংশ নিতে পারে না। দারিদ্রদের মধ্যে দরিদ্রতম এবং আগামী দিনের দরিদ্রেরা এই প্রক্রিয়া থেকে বাদ পড়ে যায়<sup>২৫</sup>।
- সামাজিক বন্ধন শিথিল হলে ব্যক্তি দায়িত্ব নিয়ে তথ্য সরবরাহ করে না এবং যথাযথ পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে সে উদাসীন থাকে। আমিন (১৯৯৩) দেখিয়েছেন যে ঢাকায় শিল্পোদ্যোগ বিকাশের অন্যতম প্রধান বাধা হচ্ছে চাকরিতে আত্মীয়স্বজনকে নিয়োগ করা। এর ফলে দক্ষ জনশক্তি নিয়োজিত হতে পারে না।

<sup>২৫</sup> Rahman, A. and A. Razzaque; *On Reaching the Hardcore Poor: Some Evidence on Social Exclusion in the NGO Programmes*; The Bangladesh Development Studies, March 2000, p. 31.

- সাম্প্রদায়িক সংহতি ও ব্যক্তিস্বাধীনতার মধ্যকার দ্বন্দ্ব দীর্ঘদিনের। হালে উন্নয়ন প্রক্রিয়ায় সামষ্টিক অংশগ্রহণের ওপর জোর দেয়া হলেও রক্ষণশীল সমাজে তাকে ভালো চোখে দেখা হয় না।
- সামাজিক আদর্শের নিম্নুখী প্রবণতাকে সামাজিক পুঁজির নেতিবাচক প্রভাব হিসেবে বিবেচনা করা হয়। রাষ্ট্রব্যবস্থা দুর্নীতিগ্রস্ত হলে এর প্রভাব সমাজে পড়ে। সামাজিক আদর্শ নিম্নুখী হয়। ফলে সামাজিক পুঁজি ক্ষতিগ্রস্ত হয়। সমাজে সন্ত্রাস এবং নারী ও শিশুর প্রতি অপরাধ ও সহিংসতা বাড়লে, সেই সঙ্গে রাজনৈতিক প্রতিপক্ষ দমনের মনোভাবের বিস্তার ঘটলে সমাজ বিভক্ত হয়, সমাজের ভেতরের স্বাভাবিক প্রতিরোধ ক্ষমতা কমে যায়। ফলে সামাজিক পুঁজি লোপ পায়। সমাজের আত্মা ভাগ হয়ে যায়।<sup>১৬</sup>

## ২.৪ বাংলাদেশের সামাজিক পুঁজির সাম্প্রতিক প্রবণতা: ‘দুষ্কালের দিবানিশি’

বহুকাল আগে থেকেই বাংলাদেশের মানুষের বৈশিষ্ট্য হচ্ছে সমাজের অন্যান্য সদস্যদের সুখ-দুঃখ ভাগ করে নেয়া, বিপদে-আপদে পরস্পর পাশাপাশি দাঁড়ানো, সবাই মিলে জাতীয় দুর্যোগ মোকাবিলা করা কিংবা যে কোনো সামাজিক সমস্যা পরস্পর আলাপ করে সকলের মত নিয়ে সমাধান করা। নদীমেখলা বাংলাদেশ যখন গঙ্গাঋদ্ধি ছিল, জলকাদার ভেতর থেকে উঠে আসা প্রাকৃতজনকে তখন ভয় করতো জ্ঞান-বিজ্ঞানে সর্বোচ্চ শিখরে আরোহন করা গ্রীক। যুদ্ধবিদ্যার পৃথিবীর সবচেয়ে পারদর্শী গ্রীক বাহিনী ও মহাবীর আলেকজান্ডার। প্রাকৃতজনদের একতার ভয়ে তারা গঙ্গাঋদ্ধি আক্রমণ করতে সাহস করেনি।<sup>১৭</sup> পরবর্তীতে বিভিন্ন আমলে বাংলা পুন্ড্র, বঙ্গ, সমতট কিংবা সুবর্ণ গ্রামের মতো বারো ভূঁইয়াদের রাজত্ব অর্থাৎ পারতপক্ষে একেকটি স্বাধীন প্রজাতন্ত্র হিসেবে নিজস্ব সত্তা বজায় রেখেছে। একতার শক্তি দিয়ে ক্ষুদ্র সত্তাকে বড়ো বড়ো শক্তিগুলোর বিরুদ্ধে টিকিয়ে রেখেছে। দেশ ইংরেজদের হাতে চলে যাবার পর প্রাথমিক ও শক্তিশালী বিদ্রোহগুলোও দেখা গেছে এখানেই। পাকিস্তান প্রতিষ্ঠার আন্দোলনে চল্লিশের দশকে এদেশের আপামর জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশ নিয়েছে একটি গণতান্ত্রিক, শোষণমুক্ত ও মানবিক সমাজ নির্মাণের জন্য। পাকিস্তান প্রতিষ্ঠিত হবার পর প্রথমেই এদেশের মানুষের ওপর আঘাত আসে মাতৃভাষার ওপর। বায়ান্নতে জুড়ে ওঠে বাংলার ছাত্র-জনতা, তবে আটচল্লিশ-বায়ান্ন পর্বে তাদেরকে ভাষার প্রশ্নে জাগিয়ে রেখেছে তমুদ্দুন মজলিশ, রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ, প্রগতিশীল রাজনৈতিক দল, ছাত্রসংগঠন, সাংস্কৃতিক সংগঠনসহ অনেক গণ সংগঠন। এদের নেটওয়ার্কিং ও কর্মকাণ্ড গোটা জাতিকে ঐক্যবদ্ধ করার মতো সামাজিক আদর্শ তথা সামাজিক পুঁজির উন্মেষ ঘটাতে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ভূমিকা পালন করেছে। এক বলিষ্ঠ জাতীয়তাবাদের ভিত শক্তিশালী করেছে।<sup>১৮</sup> উনসত্তরে দেশের মানুষ সামরিক একনায়ক-লৌহমানব আইয়ুব খানের কজা থেকে গণতন্ত্র উদ্ধারের জন্য রাজপথে নেমে আসেন। তখন সামাজিক পুঁজির আরো উদ্দীপ্ত রূপে দেখা গিয়েছে। কৃষক, শ্রমিক, ক্ষুদ্রে ব্যবসায়ী, সরকারি কর্মচারি, আইনজীবী, শিক্ষক সকলেই রাজপথে নেমে এসেছিলেন গণতন্ত্রের জন্য। তবে এদেশের ইতিহাসে সামাজিক পুঁজির সবচেয়ে সুন্দর রূপ দেখা গেছে

<sup>১৬</sup> দেখুন, Schism in the Soul. অধ্যায়টি Arnold Toynbee এর A study of History (1962), Oxford University Press, London -এর পঞ্চম ও ষষ্ঠ খণ্ডে রয়েছে।

<sup>১৭</sup> রহমান, মু.হা.; গঙ্গাঋদ্ধি থেকে বাংলাদেশ; বাংলা একাডেমী, ঢাকা ১৯৮৯, পৃ. ১৫-১৬।

<sup>১৮</sup> রহমান, আ. ও লে. আজাদ; ভাষা আন্দোলন: অর্থনৈতিক পটভূমি; ইউপিএল, ঢাকা, ১৯৯০, পৃ. ১৩৬।



একান্তরে। তখন বাংলাদেশ সামাজিক পুঁজির এক উর্বর ভূমিতে রূপান্তরিত হয়। সারা দেশ জুড়ে আত্মীয়তার বন্ধন এসব সুদৃঢ় হয়েছে যে মুক্তিযোদ্ধারা খুব সহজেই যে কোনো বাড়িকেই নিজের বাড়ি ভাবতে পারতেন, যে কোনো মাকে বা বোনকে নিজের মা বা বোন ভাবতে পারতেন।<sup>৯৯</sup> এই সামাজিক পুঁজির ঘনিষ্ঠত প্রকাশের কারণেই দ্রুত আমাদের মুক্তিযুদ্ধ জনযুদ্ধে রূপান্তরিত হতে পেরেছিল। কিন্তু স্বাধীনতার পর আমরা আমাদের এই বিপুল সামাজিক পুঁজিকে ধরে রাখতে পারিনি। সুন্দর একটি সংবিধান, চমৎকার একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করেও গণতন্ত্র, উন্নয়ন, শোষণমুক্ত ও মানবিক সমাজ নির্মাণ এবং দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্তির জন্য আমরা আমাদের সৃজনশীল সম্মিলিত উদ্যোগকে সফলভাবে কাজে লাগাতে পারিনি। দেশের উদ্বৃত্ত শ্রমশক্তি ও কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদেরকে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কাজে লাগানোর উদ্যোগ নেবার জন্য প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৭৩-৭৮) সরকারকে পরামর্শ দেয়া হয়েছিল বটে,<sup>১০০</sup> কিন্তু তা আর পরে সেইভাবে বাস্তবায়িত হয়নি। তবে সেই সময়ের বৈরি বিশ্ব পরিস্থিতি, বিপর্যস্ত অবকাঠামো, অতি উঁচু প্রত্যাশা নির্ভর ছটফটে তারুণ্য এবং মুক্তিযুদ্ধ বিরোধী শক্তির অশুভ তৎপরতা, প্রশাসনের অদক্ষতার মতো গুরুত্বপূর্ণ প্রতিবন্ধকতাসমূহের কথাও মনে রাখা ভালো। একইভাবে পরবর্তীতে খালকাটা কর্মসূচি দেশের গ্রামীণ জনগণের মধ্যে প্রথমদিকের উদ্দীপনা সৃষ্টি করলেও শেষ পর্যন্ত তার অপমৃত্যুই ঘটেছে। উলসী যদুনাথপুর প্রকল্পটি তার বড় সাক্ষী। এরপর সামাজিক পুঁজির একটি অভূতপূর্ব সমাবেশ দেখা যায় আটাশির বন্যার সময়। তখন মধ্যবিভূতের ঘরে ঘরে রুটি বানানোর ধুম পড়েছিল, শিক্ষাঙ্গনে ছেলেমেয়েরা রুটি ও স্যালাইন তৈরির কাজে সম্পৃক্ত হয়েছিল। বন্যা মোকাবিলায় নিবেদিত ছিল বহু পেশাজীবী, স্বচ্ছাসেবী, এনজিও, ব্যবসায়ী ও সামাজিক সংগঠন।<sup>১০১</sup> নব্বইয়ের স্বৈরাচার-বিরোধী গণ-অভ্যুত্থানে রাজপথ পরিণত হয় ছাত্র, জনতা, রাজনীতিবিদ এবং পেশাজীবী ও গণসংগঠনের মিলনমেলায়। বাংলাদেশের সামাজিক পুঁজি তার স্বভাবসুলভ রূপ নিয়ে জেগে ওঠে গণতন্ত্রের আকাজক্ষায়। সেই আকাজক্ষার প্রতিফলন ঘটে তিন জোটের সমঝোতা স্মারকে। সেই চেতনায় প্রতিফলন ঘটে সংবিধানের দ্বাদশ সংশোধনীতে। ফিরে আসে সংসদীয় শাসন ব্যবস্থা। তা সত্ত্বে দেশে গণতন্ত্রায়নের প্রক্রিয়া গভীরতর হয়নি। নির্বাচনের দিন ছাড়া প্রতিদিনের, প্রতিফলের গণতন্ত্রের স্বাদ পাবার স্বপ্ন স্বপ্নই থেকে গেছে। আটানব্বইয়ের ভয়াবহ বন্যার সময়ও আটাশির মত রূপ গ্রহণ করে সামাজিক পুঁজি। দুর্যোগের এই দুঃসময়ে আবার সামাজিক পুঁজির ঘনিষ্ঠত রূপ আমরা দেখতে পাই। দুর্যোগ কেটে যাবার পর আবার তা ফিকে হয়ে আসে।

কিন্তু সাম্প্রতিক বাংলাদেশে সামাজিক পুঁজির একটি উদ্বোধনক নেতিবাচক প্রভাব লক্ষ্য করা যাচ্ছে। দেশের সর্বস্তরের মানুষ সন্ত্রাসের আতঙ্কের মধ্যে বাস করছে। ধর্ষণ, হত্যা, অপহরণসহ নারীর প্রতি বিবিধ সহিংসতার মাত্রা বেড়ে গেছে অস্বাভাবিক হারে। শিশুর প্রতি অপরাধের গতিও বেড়েছে সমান তালে। সারাদেশের অভিব্যক্তিগণ তাদের শিশুদের নিয়ে আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। অন্যদিকে শিশুদের মনোজগতে ভয় প্রতিনিয়ত হানা দিয়ে বেড়াচ্ছে এবং তাদের স্বাভাবিক বিকাশ ব্যাহত হচ্ছে বলে দেশের ভবিষ্যত সামাজিক পুঁজি (future social capital) ক্ষতিগ্রস্ত হচ্ছে। নিচের তালিকায়

<sup>৯৯</sup> রহমান, আ.: বাংলাদেশের মুক্তিযুদ্ধ: আর্থ-সামাজিক পটভূমি; প্রকাশিতব্য।

<sup>১০০</sup> *The Fifth Five Year Plan: 1973-78*; Planning Commission, GoB, Dacca, Nov. 1973, chap. 4.

<sup>১০১</sup> রহমান, আ.: চলমান প্রাকৃতিক দুর্যোগ ও নাগরিক সমাজ; ভোরের কাগজ, ঢাকা, ২৫ আগস্ট ১৯৯৮।

<sup>১০২</sup> শিশুর প্রতি অপরাধ বাড়ছেই; সংবাদ, ৯ সেপ্টেম্বর ২০০২।

গত এক বছরে শিশুর প্রতি সংঘটিত বিভিন্ন অপরাধের চিত্র তুলে ধরা হয়েছে।<sup>১৩২</sup>

তালিকা ১: শিশুর প্রতি অপরাধ

সন	২০০১			২০০২			২০০১-০২						
ধরণ	সে:	অক্টো:	নভে:	ডিসে:	জানু:	ফেব্রু:	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	মোট
হত্যা	২৭	৩৬	৫২	৪৭	৫৫	৩৪	৫৭	৫৩	৩৯	৪৯	৫৯	৫৬	৫৭৮
অপহরণ	২৬	১৮	২৭	৩১	৪৪	২৯	৫২	৯৫	৪২	৪১	৩১	৪৯	৪৮৬
ধর্ষণ	২১	৩৮	২২	২৭	৩৮	৩৬	৯৪	৭৩	৪৭	৮৪	৩৮	৪৭	৫৬৫
হারিয়েছে	২৮	৪০	২৮	৩৮	৬৫	৬১	৯৭	১০০	৬৩	৭৭	১০৩	৭১	৭৭১

সূত্র: বাংলাদেশে শিশু অধিকার ফোরাম, (২০০২)।

লক্ষণীয়, প্রতিটি অপরাধের ক্ষেত্রেই গত বছরের সেপ্টেম্বর মাসের পরিসংখ্যানটির চেয়ে এ বছরের আগষ্ট মাসের অংকটি প্রায় ক্ষেত্রেই দ্বিগুণ কিংবা তার কাছাকাছি পৌঁছে গেছে। পাশাপাশি নারীর ওপর আক্রমণের মাত্রা যে কোনো সময়ের চেয়ে বেড়ে গেছে। মহিলা পরিষদের বিন্যস্ত তথ্য ছাড়াও প্রতিদিনের সংবাদপত্র এই দুঃখজনক প্রবণতা সমর্থন করছে। হালের ব্যবসা বানিজ্য ও শিল্পায়নও চাঁদাবাজির নির্মম শিকার। ব্যবসায়ী ও শিল্পপতিদের সংগঠনসমূহ এমন দাবি করছে।

সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বে প্রণীত PRSP দলীলে দাবি করা হয়েছে যে দেশে মাস্তানতন্ত্র (mastanocracy) প্রতিষ্ঠিত হয়েছে।<sup>১৩৩</sup> সন্ত্রাসীরা একটি সার্বভৌম নেতিবাচক সামাজিক শক্তি হিসেবে আবির্ভূত হয়েছে। দেখে শুনে মনে হচ্ছে সন্ত্রাসই যেন এসময়ের সবচেয়ে সফল শিল্প। মানবাধিকারের পরিস্থিতিও তাই নাজুক। প্রচলিত সামাজিক মূল্যবোধে ভাংগন ধরেছে। নাগরিক অধিকারগুলোকে লংঘন করা হচ্ছে। শাসন ব্যবস্থা দুর্বল হয়ে পড়ছে, রাজনীতিতে সহনশীলতা নেই বলে চলে।<sup>১৩৪</sup> প্রতিপক্ষকে ঘায়েলই রাজনৈতিক মোকাবিলার উপায় হয়ে দাঁড়িয়েছে। প্রতিহিংসাই যেন রাজনৈতিক সংস্কৃতির মূল কথা এখন। রাষ্ট্রীয় ও সামাজিক দুর্নীতি এত বেশি বিস্তৃত ও গভীর হয়ে পড়েছে যে সামাজিক আদর্শের নিম্নমুখী প্রবণতা প্রকট হয়ে উঠেছে। আইন ও বিচার ব্যবস্থার প্রতি মানুষের আস্থা নেতিবাচক। মোট কথা, দেশের মানুষ আজ হতাশা ও অন্ধকারের মুখোমুখি।<sup>১৩৫</sup> বাংলাদেশের হৃদয় ভেঙ্গে খানখান হয়ে যাচ্ছে। সমাজের আত্মার ভাঙন রোধের জন্য তাই ঐক্যের শক্তি এখন অতি জরুরি। যে কোনোভাবে সামাজিক পুঁজির পুনরুত্থান অপরিহার্য হয়ে পড়েছে। গণতন্ত্রকে গভীরতর

<sup>১৩৩</sup> I-PRSP বলছে: The growing violence against women, both in rural and urban areas, has been identified as a major concern as well as the emergence of *mastanocracy* (local terrorism) imposing considerable “transaction cost” on normal economic activity; *Bangladesh: A National Strategy for Economic Growth and Poverty Reduction (Draft)*; MoF, GoB, April 2002, p. 15.

<sup>১৩৪</sup> I-PRSP আরো বলছে: Law and order has been identified as a critical concern. This has been attributed to weakening of governance, criminalization of politics, corruption, violation of citizen rights, break-down of traditional moral order, and intolerant political culture; p.15.

<sup>১৩৫</sup> ..... the nature of breakdowns of civilizations can be summed up in the three points: a failure of creative power in the minority, an answering withdrawal of mimes on the part of the majority, and a consequent loss of social unity in the society as a whole. – Toynbee, A.J. (1962:6), Vol 4.

করার জন্যে তা খুবই জরুরি বলে মনে হচ্ছে ।

### ৩. মানব উন্নয়ন: চাই মানুষের জন্য উন্নয়ন

শুধু যে জাতীয় আয়ের পরিধি ও প্রবৃদ্ধি কিংবা মাথাপিছু আয় মানুষের কপালে উন্নয়ন ঘটানোর নির্দেশ করে না তা হালের অর্থনীতিবিদগণ ভালোভাবেই টের পাচ্ছেন । তাই তারা উন্নয়নকে মানবমুখী করতে এর সূচকগুলো বদলে ফেলছেন । শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, বাসস্থান কিংবা সামাজিক ন্যায় বিচারের মতো বিষয়কে তারা উন্নয়নের সূচক হিসেবে সংজ্ঞায়িত করছেন । মানব দারিদ্র্যহ্রাসকে উন্নয়নের দিকে যাত্রা হিসেবে নির্দেশ করা হচ্ছে । উন্নয়নের এ নতুন ধারণায় মানব উন্নয়নের জন্য অপরিহার্য বিষয়গুলো হচ্ছে আত্মমর্যাদাবোধ, নৈতিকতা, স্বাধীনতা, সাম্য, পরিবেশ সচেতনতা, পারস্পরিক আস্থাবোধ ইত্যাদির মতো পরস্পরসংযুক্ত বিষয়গুলো । এসব আর্থ-সামাজিক বিষয় অর্জন করার জন্য মানুষের উদ্ভাবনী শক্তি তথা সৃজনশীলতাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া হচ্ছে । বাজার অর্থনীতির দ্রব্য, অর্থ ও শ্রম বাজারই উন্নয়ন সমস্যার সমাধান দেবে যান্ত্রিক ও স্বয়ংক্রিয়ভাবে (mechanically and automatically) – এরকম প্রতিষ্ঠিত ধারণার প্রতি দ্বি-মত পোষণ করছেন অনেক উন্নয়ন বিশেষজ্ঞ । অমর্ত্য সেন, মাহবুবুল হক, আনিসুর রহমান এঁদের দলে । এঁদের বাইরেও আরো অনেকে রয়েছে ।

গতানুগতিক উন্নয়ন ভাবনায় বহুমত, সাধারণের প্রজ্ঞা, লৌকিক জ্ঞান ও পুনর্ভাবনার সুযোগ খুব কম । কিন্তু জীবনের বাস্তবতা সরলরৈখিক ও নিপুন নয় বলে উন্নয়নকে হতে হয় বহুমাত্রিক, জটিল ও মানবস্পর্শী । এই সত্য উপলব্ধি করতে পেরে জাতিসংঘ দাবি করেছে যে প্রচলিত উন্নয়ন ভাবনা নিয়ে আরো প্রশ্ন তোলা হোক এবং নিচের কয়েকটি বিষয় এর সঙ্গে সম্পৃক্ত করা হোক ।

- প্রকৃতি ও সমাজের বহুমুখী প্রবণতা;
- ইতিহাস, ঐতিহ্য, সংগ্রাম ও অর্জন;
- সমাজের মানুষের হৃদয়ের গভীরতম প্রকোষ্ঠের মানবিকতা, সম্প্রীতি ও সহমর্মিতা;
- পরিবেশ ও প্রতিবেশ বান্ধব উন্নয়ন;
- মানুষে মানুষে আন্তঃসংযোগ;
- সুশাসন ও সমতা ।<sup>৩৬</sup>

উল্লেখ্য এ বিষয়গুলো মানব উন্নয়নের শর্ত ও বটে । বাংলাদেশের মানব উন্নয়ন গবেষণায় তাই এ বিষয়গুলোর ওপর জোর দেয়া চাই ।

বাংলাদেশের মানব উন্নয়ন সূচকগুলোর দিকে তাকালে দেখা যায় যে এদেশের মানব দারিদ্র্য উত্তরণমুখী । তা সত্ত্বেও এদেশের প্রায় চারভাগের এক ভাগ মানুষের জীবন খুবই কঠিন: তারা চরম দরিদ্র । তাদের অধিকাংশের জমিজমা বা ঘরবাড়ি নেই । নেই নিয়মিত আয়ের উৎস ।<sup>৩৭</sup> তবে তাদের দুটো হাত আছে, যা দিয়ে তারা জীবন সংগ্রামে জয়ী হবার স্বপ্ন দেখে । তাই নিচের তালিকা গত বিশ

<sup>৩৬</sup> রহমান, আ.; আগামীদিনের বাংলাদেশ: একুশ শতকের উন্নয়ন ভাবনা; পাঠক সমাবেশ, ঢাকা ২০০১, পৃ. ৬৯-৭১ ।

<sup>৩৭</sup> Toufique, K.A. and C. Turton, op. cit.

বছরে দেশের মানব দারিদ্র্যের ক্রমহ্রাসমান ধারাকে নির্দেশ করে।

তালিকা ২: মানব দারিদ্র্যের ধারা				
চলক	১৯৮১-৮৩	১৯৯৩-৯৪	১৯৯৫-৯৭	১৯৯৮-০০
দীর্ঘায়ুর ক্ষেত্রে বঞ্চনা (P <sub>1</sub> )	২৮.০	২০.০	১৮.০	১৬.৮
জ্ঞান অর্জনে বঞ্চনা (P <sub>2</sub> )	৬২.৬	৪৬.৪	৪২.৭	৩০.৮
অর্থনৈতিক সংস্থানে বঞ্চনা (P <sub>3</sub> )	৭৫.১	৫৯.৩	৫০.৯	৪৫.২
মানব দারিদ্র্য সূচক (HPI)*	৬১.৩	৪৭.২	৪১.৬	৩৪.৮

\* HPI কে নির্ণয় করা হয়েছে নিচের সূত্রের ভিত্তিতে:

$$HPI = [1/3 (P_1^3 + P_2^3 + P_3^3)]^{1/3}$$

সূত্র: বিআইডিএস (২০০১)<sup>৩৩</sup>

তালিকা ৩: মানব উন্নয়নে উন্নতির ধারা	
সন	মানব উন্নয়ন সূচক
১৯৬০	০.১৬৬
১৯৭০	০.১৯৯
১৯৮০	০.২৩৪
১৯৯২	০.৩০৯
১৯৯৪	০.৩৬৮
১৯৯৫/৯৭	০.৪২৬
১৯৯৮/৯৯	০.৪৮৫

সূত্র: বিআইডিএস (২০০১)<sup>৩৩</sup>

ওপরের তালিকা থেকে এটা পরিষ্কার যে বাংলাদেশের মানুষের দারিদ্র্য বহুমাত্রিক, জটিল ও গভীর হলেও তা উদ্ভরণশীল। তবে মাত্র গুটিকয়েক সূচকের উন্নতি দেখেই আত্মতুষ্টিতে ভোগার কোনো কারণ নেই। সম্প্রতি আইন শৃংখলার চরম অবনতির পাশাপাশি বিশেষভাবে দুর্বল ও দরিদ্রজনদের নিরাপত্তাহীনতা প্রকট হয়েছে, বেকারত্ব বেড়ে যাবার কারণে সমাজে সন্ত্রাস ও অস্থিতিশীলতা বাড়ছে, শক্তিশালী স্থানীয় সরকারের অনুপস্থিতিতে গণ সেবার গুণগত মান নিম্নমুখী হচ্ছে, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বৈষম্য বেড়েই চলেছে, উন্নয়ন সংগঠন ও সরকারের কাজ কর্মে সমন্বয় না থাকায় অর্থের অপচয় হচ্ছে, সরকারি উন্নয়ন কাজে সীমাহীন দুর্নীতি বেড়েই চলেছে। এসব সীমাবদ্ধতা সত্ত্বেও প্রচলিত মানব উন্নয়ন সূচকের উন্নতিকে খাটো করে দেখার উপায় নেই। বরং সাংগঠনিক সক্রিয়তা আরো বাড়তে পারলে সামাজিক পুঁজির প্রসার ঘটবে। আর তা করতে পারলে মানবিক পুঁজি, এমন কি বৈষয়িক পুঁজির

<sup>৩৩</sup> Fighting Human Poverty: Bangladesh Human Development Report 2000, BIDS, Dhaka, p. 31.

<sup>৩৪</sup> ঐ, p. 29.

ভিত্তি প্রসারিত হবে।

এ বাস্তবতায় দেশের জনগণ, তাদের সংগঠন ও সরকার যৌথ প্রচেষ্টা গ্রহণ করলে শিক্ষা, স্বাস্থ্য, অর্থনৈতিক সুযোগ, অংশগ্রহণ, সুশাসন, সামাজিক ও লৈঙ্গিক বৈষম্য হ্রাস, গণতন্ত্র, জবাবদিহিতা, ন্যায় বিচার ও মানবাধিকারের মত আর্থ-সামাজিক চলকগুলোর মান বাড়বে। গণ-দারিদ্র্যের বোঝা হালকা হবে। উন্নয়ন হয়ে উঠবে মানবিক। এ জন্য চাই সমাজের সকলের সহযোগিতা ও দৃঢ় ঐক্য।

#### ৪. বাংলাদেশের সাম্প্রতিক পরিবেশ : সংকট ও উত্তরণের উপায়

আমরা দিন দিন পরিবেশ সম্পর্কে সচেতন হয়ে উঠছি। তবে যতটা সচেতন হচ্ছি, প্রকৃতির প্রতি সদয় হচ্ছি তার চেয়ে ঢের কম। নিত্যকার ভোগ ও বিনিয়োগের বিনিময়ে চরম ক্ষতি করছি পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার, বাজার অর্থনীতির দাম ব্যবস্থা প্রকৃতির যে পরিমাণ ক্ষতি করছে তার ক্ষতিপূরণ করছে না কেউ। পৃথিবীর দাপটশীল বাজারপন্থী অর্থনীতিগুলো সুনির্দিষ্ট কোনো ঐকমত্য ছাড়াই এবারের ধরিত্রী সম্মেলন সমাপ্ত করে স্পষ্ট বুঝিয়ে দিয়েছে যে পরিবেশ প্রশ্নে তারা দশ বছর আগে রিওতে যে প্রতিশ্রুতিগুলো করেছিল তা ছিল নিছক ভান্ডামী। ফলে গত দশ বছরে তারা আরো পশ্চাৎমুখী, আরো রুঢ় হয়ে উঠেছে পরিবেশের প্রতি। এর প্রতিকূল প্রভাব তাদের নিজেদের পাশাপাশি, বিশেষ করে, বিশ্বের দরিদ্র দেশগুলোর ওপর প্রকটভাবে পড়ছে। ইতোমধ্যে আমাদের ওপর প্রকৃতি প্রতিশোধ নিতে শুরু করেছে। তবে আশার কথা এই, আমরা সচেতন যেমন হচ্ছি, কাজও করছি। পলিথিন বন্ধ করেছি সবাই মিলে। দুইস্ট্রোক ইনজিনের পরিবহণ খানিকটা নিয়ন্ত্রণ করা যাচ্ছে। কিন্তু বকেয়ার তালিকা এখনও অনেক বড়ো। এখনও নগরীর বায়ু বিষাক্ত। বুড়িগঙ্গার পানি বিষাক্ত। চট্টগ্রামের পাহাড় কাটা পুরোপুরি বন্ধ করা যায়নি। নদী দখল, লেক দখল হরহামেশাই হচ্ছে।

পরিবেশের কোনো ক্ষতি হলে প্রথমেই তার শিকার হয় সাধারণ মানুষ। কেননা তারা সাধারণত কম সচেতন থাকে। তাই পরিবেশ রক্ষার সাধারণ মানুষের অংশগ্রহণ (people's participation) সবচেয়ে জরুরি। সেইসঙ্গে সরকার নাগরিক সংগঠনগুলোর জনগণের কাতারে নেমে আসা। একসাথে কাজ করা। রাষ্ট্রের শাসন ব্যবস্থা দুর্বল হলে এই অংশগ্রহণ আরো শক্ত ভিত্তি পায়। কার্যকর নাগরিক অংশগ্রহণ এমনিতেই হয় না। এর জন্য সরকার উন্নত প্রাতিষ্ঠানিক কাঠামো ও সুচিন্তিত সরকারি হস্তক্ষেপ। অবশ্য স্থানীয় জনগণ নিজেরাই তাদের পরিবেশের প্রতি দরদী হলে ঐ সম্প্রদায়ের পরিবেশগত উন্নয়ন আরো ভালো হবার সম্ভাবনা থাকে। তাই নাগরিক পদক্ষেপ পরিবেশের উন্নতিতে এত গুরুত্বপূর্ণ। পরিবেশ রক্ষায় অনেক দেশের নাগরিক সংগঠনগুলো দৃষ্টান্ত স্থাপন করেছে। আমাদের দেশেও ঢাকা ও চট্টগ্রামসহ দেশের নানা স্থানে স্বতঃস্ফূর্তভাবে নাগরিক সমাজের পরিবেশ সংরক্ষণের বেশ কিছু উদ্যোগ হালে লক্ষ্য করা গেছে।

নাগরিক পদক্ষেপের পক্ষে কতগুলো মৌলিক যুক্তি আছে।

- প্রায়শই নাগরিক অংশগ্রহণের সুবিধা না নিয়ে পরিবেশগত সিদ্ধান্তগুলো নেয়া হয়। এতে জনসম্প্রদায়ের অনিষ্ট হয়।
- সিদ্ধান্ত নেবার জন্য নাগরিকেরা যখন আলোচনার টেবিলে বসেন, তখন সিদ্ধান্তগুলো আরো পোক্ত হয়।
- যে এজেন্সিগুলোকে কোনো সম্প্রদায়ের পরিবেশের দেখভাল করার দায়িত্ব দেয়া হয় তাদের

চেয়ে সেখানকার মানুষেরাই তাদের পরিবেশ সম্পর্কে ভালো জানেন।

- অনেক এলাকায় জনগণ স্থানীয় পরিবেশ রক্ষায় তাদের প্রতিবেশীদের সাহায্য করে থাকে। সাহায্য নিয়েও থাকে।
- জনগণের বেঁচে থাকার জন্য এমন উপায় জানা দরকার যার মধ্যে দিয়ে তারা যুগের পর যুগ টিকে থাকতে পারে।

বিভিন্ন উপায়ে সাধারণ মানুষ পরিবেশের সংগে জড়িয়ে আছেন:

- প্রাকৃতিক সম্পদ ব্যবহারের মধ্যে দিয়ে
- উন্নয়ন উদ্যোগের শিকার তারাই
- তারাই প্রকৃতিকে লালন পালন করেন
- প্রতিবেশ ব্যবস্থায় বিপর্যয় ও সংকটের মোকাবিলা করেন তারাই<sup>৪০</sup>

বিভিন্নভাবে, নানা মহল থেকে ইতোমধ্যে বাংলাদেশের পরিবেশের অনেক ক্ষতি করে ফেলা হয়েছে। এর সাথে যুক্ত হয়েছে বৈশ্বিক পরিবেশ সংকটের প্রতিকূল প্রভাব। আমরা আমাদের সোনাফলা কৃষি জমির উর্বরতা ধ্বংস করছি রাসায়নিক সার ও কীটনাশক প্রয়োগে বাড়াবাড়ি করে, যা আবার মৎস্য সম্পদ উজাড় করতেও ইন্ধন যোগাচ্ছে। নির্বিচারে গাছ কেটে শ্যামল ভূমিকে মরু করেছি, পাহাড় কেটে ভূমিবৈচিত্র্য ধ্বংস করেছি। জীববৈচিত্র্যের ভারসাম্যও নষ্ট করেছি। অপরিষ্কৃত নগরায়ন ও অন্যান্য উপায়ে ফি-বছর এক শতাংশ করে ধানী জমি গ্রাস করেছি।<sup>৪১</sup> শিল্প ও নগরীর বর্জ্য জলাশয় দূষিত করছি, দখল করছি নদী, লেক। বায়ু ও শব্দ দূষণ করছি নির্বিচারে।

তবে যে ক্ষতি হয়ে গেছে তা আংশিকভাবে পূরণ করা গেলেও পরিবেশ রক্ষায় আমাদের এখনই উদ্যোগ নেয়া উচিত। সকলের সম্মিলিত প্রচেষ্টায় পরিবেশের প্রতি যে কোন ধরনের অবিচারের চেষ্টা প্রতিহত করতে হবে। এজন্য আমাদের সুনির্দিষ্টভাবে কতগুলো জরুরি কাজ করতে হবে।

- পরিবেশ সম্পর্কে গণসচেতনতা গড়ে তুলতে হবে। এজন্য শুধু কিছু পরিবেশবাদী সংগঠন নয় বরং দারিদ্র্য, লৈঙ্গিক বৈষম্য বা অন্যান্য সামাজিক সমস্যা নিয়ে যেসব সংগঠন এদেশে কাজ করে তাদের প্রত্যেককেই এ কর্মকাণ্ডে অংশ নিতে হবে।
- তরুণদেরকে পরিবেশ রক্ষার কর্মকাণ্ডে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। শিক্ষাগ্রনে, শহরে, গ্রামে তরুণদেরকে পরিবেশ ক্লাব গড়ে তুলতে হবে। অবশ্য স্বতঃস্ফূর্তভাবে তরুণরা পরিবেশ সচেতনতামূলক কর্মকাণ্ডে যে আগ্রহ ও উদ্দীপনা দেখাচ্ছে তাকে প্রাতিষ্ঠানিক চ্যানেলে প্রবাহিত করতে পারলে তা নিশ্চয় টেকসই হবে। তরুণদের ভালোভাবে বেঁচে থাকার এই আগ্রহকে

<sup>৪০</sup> *People's Report on Bangladesh Environment 2001*, A. Rahman et al (ed.), vol. 1, UPL and Unnayan Shamannay, Dhaka, 2001, p. 5.

<sup>৪১</sup> *Ecofile*, ed. by A. Rahman, Unnayan Shamannay, Dhaka, Oct.-Dec. 2001, p. 30 (interview of M.A. Sattar Mondal).

<sup>৪২</sup> পরিবেশপত্র; আতিউর রহমান সম্পাদিত, উন্নয়ন সমন্বয়, ঢাকা, এপ্রিল-জুন ২০০২, পৃ.৪ (সম্পাদকের পাতা)।

আমাদের যে কোনো মূল্যে ধরে রাখতে হবে।<sup>৪২</sup>

- পরিবেশ রক্ষা আন্দোলনে লোকজ জ্ঞানের সমাবেশ ঘটাতে হবে। দেশের প্রত্যেক এলাকায় স্থানীয় বয়স্ক ব্যক্তিদের অর্জিত জ্ঞান পরিবেশ রক্ষার ব্যবহারের জন্য তাদেরকে সংগঠিত করতে হবে। তাদের সংগে আধুনিক জ্ঞানের বিনিময় করতে হবে।
- গণমাধ্যমগুলোকে পরিবেশ সংক্রান্ত জ্ঞান ও তথ্যের একেকটি ভান্ডার হতে হবে।
- পরিবেশ সংক্রান্ত প্রত্যেকটি সরকারি সিদ্ধান্ত গ্রহণের আগে সরকারকে নাগরিকদের সংগে আলোচনার টেবিলে বসতে হবে। স্থানীয় জনগণকে এই আলোচনায় আনতে হবে।
- পরিবেশ সহায়ক বাজেট তৈরি করতে হবে। তবে এজন্যও চাই নাগরিক সংলাপ। অঙ্গীকার।
- কৃষকদেরকে পরিবেশ বান্ধব কৃষি সম্পর্কে প্রয়োজনীয় প্রায়োগিক জ্ঞান দিতে হবে যাতে তারা তাদের লৌকিক জ্ঞানের সমন্বয়ে আমাদের উর্বর ভূমি ও কৃষিকে টেকসই (sustainable) করে তুলতে পারে।
- পাহাড়কাটা, জলাশয় দখল ও দূষণ, ইটভাটায় কাঠ পোড়ানো প্রভৃতির বিরুদ্ধে নাগরিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।
- বৃক্ষরোপনকে সামাজিক আন্দোলনে পরিণত করতে হবে।

রবীন্দ্রনাথ বলেছিলেন:

লুক্ক মানুষ অরণ্যকে ধ্বংস করে নিজেরই ক্ষতিকে ডেকে এনেছে; বায়ুকে নির্মল করবার ভার যে গাছপালার উপর, যার পত্র মরে গিয়ে ভূমিকে উর্বরতা দেয়, তাকেই নির্মূল করেছে। বিধাতার যা-কিছু কল্যাণের দান, আপনার কল্যাণ বিস্মৃত হয়ে মানুষ তাকেই নষ্ট করেছে।

আজ অনুতাপ করবার সময় হয়েছে।

— ‘অরণ্যদেবতা’, রবীন্দ্র-রচনাবলী, চতুর্দশ খণ্ড, পৃ. ৩৭৩

বিধাতার কল্যাণের দানকে আমরা নষ্ট করেছি। পরিবেশের প্রতি অবিচার করেছি। নিজেদের সর্বনাশ নিজেরাই ডেকে এনেছি। তাই এখনই আত্মোপলব্ধিতে অনুপ্রাণিত হয়ে সবাই মিলে তার কাছে ক্ষমা চাইতে হবে। পাশে গিয়ে দাঁড়াতে হবে। যথার্থ আচরণ করতে হবে তার সংগে। আমাদের নিজেদের প্রয়োজনেই পরিবেশ সহায়ক উন্নয়ন নীতি গ্রহণ করতে হবে।

## ৫. উপসংহার

উন্নয়নকে ঘিরে বিশ্বব্যাপী যে ত্রিসংকট দেখা দিয়েছে তার ছোঁয়া বাংলাদেশেও লেগেছে। এই সংকটের পরিণতি হিসেবেই আমাদের সমাজ ও রাজনীতিতে ভরসার সংকট দানা বাঁধছে।

শুধুমাত্র বৈষয়িক পুঁজি নির্ভর একচোখা উন্নয়ন করতে গিয়ে আমরা মানব ও সামাজিক পুঁজিকে বড়ই

হেনস্তা করেছি। সমাজের ভেতরের বিভিন্ন অংশের মধ্যে ঐতিহ্যগতভাবেই যে আত্মীয়তার সম্পর্ক বিরাজ করছিল তা আমরা নিজেরাই উদ্যোগী হয়ে ভেঙ্গে ফেলছি। বৈষয়িক ও মানব পুঁজি চোখে দেখা যায়। কিন্তু সামাজিক পুঁজি প্রায়ই অদৃশ্য থাকে। সম্পর্ক অনুভব করা যায়। দেখা যায় না। ব্যক্তির স্বার্থ খানিকটা পরিত্যাগ করে হলেও সমাজের অন্য দশজনের কল্যাণের ভিত্তি প্রসারিত করার অপর নাম সামাজিক পুঁজি। প্রত্যেক মানুষ শুধুমাত্র তার ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করতে চায় এ ধারণাকে চ্যালেঞ্জ করে সামাজিক পুঁজির ধারণা। যে সমাজে মানুষ স্বেচ্ছায় তথ্য দিতে আগ্রহী, অন্যের উপকারে আসে এমন কাজে উৎসাহী মানুষের সংখ্যা বিপুল, সেই সমাজে অন্য দু'ধরনের পুঁজির কমতি থাকলেও সামাজিক পুঁজির কল্যাণে নানা ধরনের গণ-উদ্যোগ নেয়া সম্ভব। মূলত: স্বেচ্ছায় সমাজের কাজ করার দৃষ্টিকোণ থেকে এই পুঁজির সন্ধান করতে হবে। যান্ত্রিকভাবে প্রতিষ্ঠান গড়ে তুললেই এর প্রসার ঘটবে না। মানুষে মানুষে সম্পর্কায়নের বিষয়টি সামাজিক পুঁজির ধারণায় খুবই গুরুত্বপূর্ণ। অনেক সমাজ তার সদস্যদের ওপর জোর খাটিয়েও যৌথ সিদ্ধান্ত নিয়ে থাকে। সেই সমাজে সামাজিক পুঁজির বিকাশ ঘটে না। আসলে প্রয়োজন কার্যকরী মানবিক সম্পর্কায়ন বা বোঝাপড়া। সমঝোতা। উন্নত বিশ্ব সব সময় বড় কিছুর পক্ষে। আর সামাজিক পুঁজির ব্যবহার সর্বোচ্চ হতে পারে ছোট ছোট উদ্যোগের চৌহদ্দিতে। তবে বড় উদ্যোগেও সামাজিক পুঁজির প্রসার ঘটানো সম্ভব। তবে তার পেছনে নাগরিক সমাজের নানা গ্রুপ, সংগঠনের সক্রিয়তার মাত্রাও বেশি বেশি হতে হবে। যে রাষ্ট্রের এমন সংগঠন, গোষ্ঠী তথা নাগরিক সমাজের সঙ্গে আত্মিক সম্পর্ক গড়ে ওঠেনি তার পক্ষে উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করা মোটেই সহজ নয়। সেজন্যেই নাগরিক সচেতনতা সক্রিয়তার প্রসঙ্গটি এতোটা গুরুত্বপূর্ণ। আইন করে, চুক্তি করে এই নাগরিক বোঝাপড়া সৃষ্টি করা সম্ভব নয়। শুধুমাত্র স্বেচ্ছায় গড়ে ওঠা সংগঠনগুলো সক্রিয় হয়ে যদি নাগরিকদের মাঝে দেশপ্রেম বা এমন তরো ইতিবাচক সচেতনতা গড়ে তোলে তাহলে সমাজের উন্নয়নের জন্যে যৌথ সিদ্ধান্ত নেয়া শুধু যে সহজই হবে তাই নয়, এসব সিদ্ধান্ত টেকসইও হবে। আর তখন মানব উন্নয়নের পথ সুগম হবে। একই সঙ্গে তখন বর্তমান প্রজন্মকে ভবিষ্যত প্রজন্মের জন্যে ত্যাগ স্বীকারেও উদ্বুদ্ধ করা সম্ভব হবে। আমাদের পূর্ব দেশীয় সমাজের পরিবার, পড়শি, আত্মীয়-স্বজনদের জন্যে কিছু করার এই প্রবণতাকে উন্নয়নের কাজে লাগাতে চাইলে বহুমাত্রিক সংস্কৃতির শক্তিকেও হিসেবে নিতে হবে। জাতি হিসেবে গড়ে ওঠার পেছনে আমাদের সম্মিলিত ভাবে দুঃখ ভাগ করে নেবার অভিজ্ঞতা এবং গৌরব বোধ করার মতো ঐতিহ্যকে (ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ) দেশ গড়ার উপকরণ করতে পারলে সমাজে, অর্থনীতিতে সৃজনশীলতার স্ফূরণ ঘটবেই। আমাদের মতো সমাজের জন্যে আমাদের স্থানীয় বুদ্ধিমত্তা, প্রতিষ্ঠানের সক্ষমতা এবং জনগণের পছন্দের কথা মনে রেখে উন্নয়ন কৌশল নির্ধারণ করতে পারলে জাতি হিসেবে আমাদের ইতিবাচক উত্তরণ না ঘটে পারে না। সেজন্যে প্রচুর সামাজিক নিরীক্ষার প্রয়োজন। বাংলাদেশ এদিক থেকে সৌভাগ্যবানই বলা চলে। নানামুখী উন্নয়ন নিরীক্ষা করে দেশটিকে আমরা এরই মধ্যে একটি সামাজিক ল্যাবরেটরি করে ফেলেছি। এখন আসলে এসব পরীক্ষা নিরীক্ষার নির্যাস নিয়ে সামনে এগিয়ে যাবার পালা। সেজন্যে চাই উপযুক্ত নেতৃত্ব। সমাজ, রাজনীতি, অর্থনীতি সকল ক্ষেত্রে নেতৃত্ব। বৈচিত্রপূর্ণ্য এই সমাজের জন্যে আমাদের সক্ষমতার নিরিখে চাই স্থানীয় সমস্যা সম্পর্কে বহুমাত্রিক সমাধান। বাইরে থেকে চাপিয়ে দেয়া বা ধার করা সমাধান আমাদের গণচাহিদা পূরণ করতে পারবে না। সে কারণেই চাই স্ব-উন্নয়ন। মোটা দাগে সামাজিক পুঁজি-নির্ভর দেশজ সেই উন্নয়ন কৌশলের কয়েকটি দিক উল্লেখ করা যেতে পারে।

- সমাজের হৃদয়ের যে নিরন্তর ভাঙন চলছে তা ঠেকাতে হবে যেকোনো মূল্যে। এজন্য দেশের



ভেতর কার্যকর বিভিন্ন সংগঠন, পেশাজীবী গোষ্ঠী, বুদ্ধিজীবী, লেখক, কবি সকলকে একত্রিত হতে হবে এবং যারা এই ভাঙনের জন্যে দায়ী তাদের ওপর নৈতিক চাপ সৃষ্টি এবং প্রয়োজনে প্রতিরোধ গড়ে তুলতে হবে। আমাদের ছাড়া ছাড়া এই ভাব ত্যাগ করতে হবে। প্রধান রাজনৈতিক দলগুলোকে অবশ্যই দেশের ভবিষ্যতের কথা ভেবে আলোচনার টেবিলে বসতে হবে। প্রধান দুই নেত্রীকে সরাসরি কথা বলতে উৎসাহী করতে হবে। কথায় কথায় মুখোমুখি অবস্থান ত্যাগ করতে হবে। দুর্বলের ওপর সবলের আক্রমণ বন্ধ করতে হবে। যারা বর্তমানে দেশ পরিচালনা করছেন বা ভবিষ্যতে করবেন তাদেরকে দেশের জনগণের দীর্ঘমেয়াদী কল্যাণ ও উন্নয়নের স্বার্থেই মৌলিক কিছু জাতীয় প্রশ্নে এক হতে হবে। সেই ইস্যুগুলো নিয়ে জনগণের সংগে সংলাপে বলতে হবে। তবে এক্ষেত্রে সরকারকেই আগ্রণী ভূমিকা পালন করতে হবে। সর্বত্র দলীয়করণ এবং প্রতিহিংসার মনোভাবে ত্যাগ করতে হবে। দুর্নীতি ও সন্ত্রাসের চাপে সমাজের নাভিস্বাস উঠে গেছে। এ অবস্থার অবসানে চাই সার্বিক ঐকমত্য এবং মাইন্ডসেটের পরিবর্তন।

- শিক্ষাকে কার্যকর হতে হবে যাতে তা সামাজিক মূল্যবোধ ও আদর্শের বাহন হয়ে উঠতে পারে। বিবেকবান মানুষ তৈরির নৈতিক অনুপ্রেরণা শিক্ষা থেকেই আসতে হবে। দেশপ্রেম যেন শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব পায়। সমাজকে মানবিক করার জন্যে শিক্ষার কোনো বিকল্প নেই। খোলা মনে বিশ্বকে দেখার চোখ শুধু শিক্ষাই তৈরি করতে পারে। ইতিহাসের সবরকম বিকৃতি ও সুবিধাবাদ যেন পাঠ্যসূচিতে আশ্রয় না পায়। আমাদের এমন একটি শিক্ষা ব্যবস্থা চাই যাতে তা সামাজিক ন্যায়বিচার ও আদর্শ প্রতিষ্ঠার সহায়ক হয়। ব্যক্তি নিজেকে ও সমাজকে প্রশ্ন করতে শেখে। সকলে মিলে আত্মনির্ভর জাতি গঠনে উদ্যোগী হয়। আমাদের দেশ আমরাই আমাদের মতো গড়বো — এই মনোভাব তৈরিতে শিক্ষাকে এগিয়ে আসতে হবে।
- এনজিও আন্দোলন বিভক্ত হয়ে যাচ্ছে। এটা সামাজিক পুঁজির জন্য খুবই ক্ষতিকর। এ বিভক্তি রোধ করতে হবে সমাজের সকলের প্রয়োজনেই। সমাজের বৃহত্তর কল্যাণের কথা ভেবে উন্নয়ন সংগঠনগুলোকে সর্বদাই স্বচ্ছ, জবাবদিহিমূলক এবং ঐক্যবদ্ধ থাকতে হবে।
- স্থানীয় সরকার ব্যবস্থা সার্বভৌম ও শক্তিশালী করতে হবে। এ ক্ষেত্রে জন অংশগ্রহণ আরো বাড়াতে হবে। তাদের জাতীয় বাজেট প্রণয়নে সংগী করতে হবে। স্থানীয় সরকারের সিদ্ধান্ত গ্রহণে জনগণকে সাথে নিতে হবে, তাদের সাথে আলাপ করতে হবে। স্থানীয় উন্নয়ন ও সামাজিক সংগঠনকেও তাদের সঙ্গে একযোগে কাজ করতে হবে।
- জনগণের প্রযুক্তিপ্রীতি বাড়াতে হবে। আমরা খুব বেশিদূর এগুতে পারবো না যদি সমাজের সকলের মধ্যে প্রযুক্তি ছড়িয়ে না দিই। এখনও দেশের নব্বইভাগ মানুষ তথ্য প্রযুক্তির ব্যবহার থেকে বিযুক্ত। মাত্র ২০ভাগ মানুষের ঘরে বিজলি বাতি জ্বলে। ভারতের অনেক রাজ্যেই গ্রাম পর্যায়ে তথ্যপ্রযুক্তির অবকাঠামো গড়ে উঠেছে। জ্ঞান নির্ভর বিশ্ব অর্থনীতিতে নিজেদের অবস্থান ভালো করতে চাইলে তথ্য ও জীব প্রযুক্তির প্রসার দ্রুতই করতে হবে। শিক্ষা ও টেলিযোগাযোগ খাতকে সেই লক্ষ্যে টেলে সাজাতে হবে।
- চীন এবং পূর্ব এশিয়ার অনেক দেশের সাম্প্রতিক অগ্রগতিতে ঐ সব দেশের প্রবাসী নাগরিকদের পুঁজি, বুদ্ধি ও যোগাযোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আমাদের দেশের বিদেশী মুদ্রা ভান্ডার মজবুত করার ক্ষেত্রে প্রবাসীদের ভূমিকা উল্লেখ করার মতো। তাছাড়া, প্রবাসে আমাদের একটি

নবীন প্রজন্ম তৈরি হয়েছে যারা দেশের জন্যে কিছু একটা করতে চায়। শিল্প, ব্যবসায়, সংস্কৃতি, তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য সকল ক্ষেত্রেই তাদের আধুনিক চিন্তা, দক্ষতাকে কাজে লাগানো সম্ভব। সেজন্যে দেশের ভেতরে সামাজিক শান্তি এবং উৎসাহব্যঞ্জক সরকারি নীতিগত সমর্থনের প্রয়োজন রয়েছে।

- উন্নয়নকে প্রতিবেশের চোখে দিয়ে দেখতে হবে। প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের সকল উপাদান যে পরস্পরসংযুক্ত সেকথা উন্নয়ন পদক্ষেপ গ্রহণের সময় মনে রাখতে হবে। মানুষের উন্নয়ন করতে গিয়ে যেন আমরা প্রতিবেশের অন্যান্য উপাদানের ক্ষতি না করি। সেজন্যে চাই সমন্বিত উন্নয়ন। চাই আগামী দিনের প্রজন্মের হিস্যানুকূল উন্নয়ন।
- রাষ্ট্রকে চালকের ভূমিকা ত্যাগ করে নির্দেশক হতে হবে। সংবিধান অনুযায়ী রাষ্ট্রের মালিক জনগণ। তারাই একে চালনা করবেন। রাষ্ট্র শুধু দিক নির্দেশনা দেবে। ব্যক্তিখাত, লাভজনক খাত এবং রাষ্ট্রীয় খাতকে হাতে হাতে মিলিয়ে এগিয়ে যাবার পরিবেশ রাষ্ট্রকেই তৈরি করে দিতে হবে। সকলকেই 'রুলস্ অব গেম' মেনে চলতে হবে।
- ব্যক্তি ও সমাজের সিদ্ধান্তের মধ্যে সুসমন্বয় ঘটতে হবে। ব্যক্তি যেন তার ঘরকে স্বপ্নের সমান উঁচু করতে গিয়ে জনগণের আকাশ ঢেকে না ফেলে। লেকের পাড়ে সুন্দর বাড়ি গড়লাম। কিন্তু ঢাকার বাতাস বিষাক্ত। ঐ সুন্দর ঘরেও আমার সন্তানেরা তখন আর নিরাপদ নয়। তাই ঘরে বাইরে নিরাপদ জীবন চাই। ব্যক্তি আর সমাজের পারস্পরিক নির্ভরতা চাই।
- সুশাসন প্রতিষ্ঠার জন্য সন্ত্রাস ও দুর্নীতির মতো সামাজিক ব্যাধি নির্মূল করতে হবে। এজন্য প্রধান প্রধান রাজনৈতিক দলের উদ্যোগ ও নাগরিক চাপ প্রয়োগের বিকল্প নেই। এই ক্ষেত্রেই সামাজিক পুঁজির সর্বোচ্চ বিনিয়োগ চাই।
- রাজনীতিতে জবাবদিহিতার প্রক্রিয়া চালু করতে হবে। রাজনীতি যাতে ব্যক্তি বা গোষ্ঠীস্বার্থে ব্যবহৃত না হয়ে জনগণের স্বার্থে ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে হবে। গণমাধ্যম, গণ সংগঠন, শিক্ষা, সংস্কৃতি সকল ক্ষেত্র থেকেই রাজনীতির দূর্বৃত্তায়নের বিরুদ্ধে আওয়াজ তুলতে হবে।
- উন্নয়নের মূলধারায় দেশের ব্যাপক নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। নিশ্চিত করতে হবে তার শিক্ষা, স্বাস্থ্য, মানবাধিকার, ব্যাপক রাজনৈতিক ও সামাজিক অংশগ্রহণ। বিশ্বায়নের প্রতিকূল প্রভাব থেকে দেশের কর্মজীবী নারীসহ সমাজের দুর্বল অংশকে রক্ষা করতে হবে। ইতোমধ্যে বাংলাদেশের নারী সমাজ স্ব-উদ্যোগে যথেষ্ট সম্ভাবনার ক্ষেত্র তৈরি করেছে। সমাজকে তাদের এই অবদান স্বীকার করতে হবে। তাদের জন্যে আরো গণতান্ত্রিক space করে দিতে হবে।
- নারী, শিশু, সংখ্যালঘু ও আদিবাসীদের ওপর সকল রকম অনাচার ও বৈষম্য দূর করতে হবে। তাদের কারণেই যে সাংস্কৃতিক বৈচিত্র্যপূর্ণ বাংলাদেশ পেয়েছি তাকে আরো সহনশীল ও সমৃদ্ধ করতে হবে।
- এ দেশের জনগণ তাদের সৃজনশীলতার গুণে দ্রুততম সময়ে স্বাধীনভাবে বেঁচে থাকার পথ সৃষ্টি করেছে। তাদের সেই সৃজনশীলতাকে দারিদ্র্য নিরসন ও স্ব-উন্নয়নের কাজে লাগাতে হবে। দেশে মিলে সেই উন্নয়ন প্রয়াসে অগ্রসর হলে জাতি নিশ্চয় মাথা তুলে দাঁড়াতে পারবে। কৃষি, বস্ত্র, নারীর

ক্ষমতায়ন ইত্যাদি ক্ষেত্রে তারা সৃজনশীলতার পরিচয় রেখেছে। তাদের এই অগ্রযাত্রার গতি অব্যাহত রাখার জন্যে যা যা দরকার তাই আমাদের করতে হবে।

রবীন্দ্রনাথের কথা দিয়ে শেষ করতে চাই। সমবায়নীতিতে তিনি বলেছিলেন:

মানুষ খাটো হয় কোথায়। যেখানে সে দশ জনের সঙ্গে ভালো করিয়া মিলিতে পারে না। পরস্পরে মিলিয়া যে মানুষ সেই মানুষই পুরা, একলা- মানুষ টুকরা মাত্র। এটা তো দেখা গেছে, ছেলেবেলায় একলা পড়িলে ভূতের ভয় হইত। বস্ত্রত এই ভূতের ভয়টা একলা-মানুষের নিজের দুর্বলতাকেই ভয়। আমাদের বারো-আনা ভয়ই এই ভূতের ভয়। সেটার গোড়ার কথাই এই যে, আমরা মিলি নাই, আমরা ছাড়া-ছাড়া হইয়া আছি। ভালো করিয়া ভাবিয়া দেখিলেই দেখা যাইবে, দারিদ্র্যের ভয়টাও এই ভূতের ভয়, এটা কাটিয়া যায় যদি আমরা দল বাঁধিয়া দাঁড়াইতে পারি। বিদ্যা হলো, টাকা বলো, প্রতাপ বলো, ধর্ম বলো, মানুষের যা-কিছু দামি এবং বড়ো, তাহা মানুষ দল বাঁধিয়াই পাইয়াছে। বালি-জমিতে ফসল হয় না, কেননা, তাহা আট বাধে না, তাই তাহাতে রস জমে না, ফাঁক দিয়া সব গলিয়া যায়। তাই সেই জমির দারিদ্র্য ঘোচাইতে হইলে তাহাতে পলিমাটি পাতা-পচা প্রভৃতি এমন-কিছু যোগ করিতে হয় যাহাতে তার ফাঁক বোজে, তার আটো হয়। মানুষেরও ঠিক তাই, তাদের মধ্যে ফাঁক বেশি হইলেই তাদের শক্তি কাজে লাগে না, থাকিয়াও না থাকার মতো হয়।

‘সমবায়নীতি’, রবীন্দ্র রচনাবলী, চতুর্দশ খন্ড, বিশ্বভারতী, ১৩৯৮, পৃ. ৩১৩

তাই আমাদের সকলকে যে কোনো মূল্যে এক হতে হবে। সকলের সম্মিলিত প্রয়াসে সামাজিক পুঁজি বিনিয়োগ করে মানব উন্নয়ন দ্রুততর করতে হবে। দরিদ্র্য নামের ভূতটিকে তাড়াতে হবে। শিক্ষা, স্বাস্থ্য দিতে হবে। নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ করতে হবে। সকলে মিলে সমাজকে দারিদ্র্য নামের ভূতের ভয় থেকে মুক্তি দিতে হবে। পরিবেশকে আপন জীবনের অংশ ভাবে হবে। তার প্রতি সকল অবিচার বন্ধ করতে হবে। একুশ শতকে সবাই মিলে আলোকিত উন্নয়ন পথে এগিয়ে যাবো এই হোক আমাদের অঙ্গীকার।

Professor Abu Mahmood Memorial Lecture  
Session: **Poverty and Disparity**

## **Poverty and its New Challenges**

Hossain Zillur Rahman

### **1. POVERTY: A NEW GROUND REALITY?**

#### **1.1 A Macro – Micro Paradox ?**

Bangladesh's economic record is often misunderstood by observers both national and international. When the focus is on the impact at the micro level, the balance of opinions tend to note unmistakable success. There have been remarkable gains in the areas of seasonal hunger, primary schooling, immunization, female empowerment, birth control and physical mobility. However, when the focus is on macro aggregate trends, the balance of opinions is equally clear on the modesty of progress. Throughout the 1990s, the rate of poverty reduction, understood in headcount ratios, has remained under one percentage point a year. This has left nearly forty-five per cent of the population within the traditional economic definition of poverty.

Is there than a macro-micro paradox? Resolving this question is important because it impinges crucially upon the appropriateness of the “lessons” to be drawn on our economic record to-date. If, as some would have it, the micro evidence is to be dismissed, the lesson is a purely pessimistic one, namely that the current strategy is producing no results. If, as an alternative view would the other view would have it, the problem is with the incompleteness of macro statistics, the lesson as regards strategy is perhaps one of ‘more of the same’. The reality of the evidence, however, permits neither a purely pessimistic lesson nor an unduly optimistic one. But this, of course, begs the strategic lesson to be drawn.

\* Executive Chairman, Power and Participation Research Centre

## 1.2 Reading the Economic Record Right

Since the famine of 1974, the over-riding theme around which all national efforts, conscious or otherwise, have been engaged in have been to take the country out of the shadow of famine. This is the theme which has provided the continuity among the ups and downs of regimes and the comings and goings of donors and which has galvanized the efforts of the common people in their roles as producers and economic actors. And the country has been signally successful in this goal. The aftermath of the flood of 1998 provides the most definitive recent proof of this success. Bangladesh today is definitively out of the shadow of famine.<sup>1</sup> But this has not just been today's outcome; it has been a long series of achievements in which successive regimes, NGOs, international donors and most critically the common people in their role as economic actors have played their part.

While the spectre of famine dominated our mental landscapes for the better part of the preceding quarter-century, the economic paradigm before the nation is now shifting to a new one, indeed has been shifting for a while. Poverty continues to be the dominant concern but the nature of this concern and the concomitant world of aspirations has undergone a sea-change. Indeed, macro perceptions of slow progress in poverty reduction masks rather far-reaching changes in the livelihood systems of the poor in Bangladesh. There is a new ground reality which has several strategically significant features:

- *Qualitative change in the extreme manifestations of poverty*

Though per capita income levels have climbed only so modestly, there has been a qualitative change in the *experience of poverty* itself: i.e. the intensity of seasonal deprivations have marked a significant decline, percentage of population going without three meals a day has been substantially reduced, access to basic clothing has become near-universal, proportion of population living in extreme vulnerable housing has also registered a noticeable decline. Current strategies have thus been clearly successful in closing the gaps in certain extreme manifestations of poverty including the provision of safety nets.

- *Declining Centrality of Land*

Land used to be the source both of wealth and income and of power and status in rural Bangladesh. This centrality has undergone drastic changes. Land is no longer the principal basis of power and status; neither does it

---

<sup>1</sup> Raisuddin Ahmed et al, 2000, *Out of the Shadow of Famine*, John Hopkins University Press

serve to limit the livelihood opportunities for the rural population. By a most recent estimate, agriculture as a component of household income has dropped to under 50 percent.<sup>2</sup>

The subsistence orientation of production too has given way to a more complex and fluid livelihood strategy. However, while the trends as noted above are clear enough, a word of caution is necessary in interpreting the same. In particular, any immediate sectoral conclusion in terms of a focus away from agriculture is clearly unwarranted. What the observed decline in the centrality of land puts the spotlight on is on the *multiple* livelihood systems of the poor embracing both agriculture and non-agriculture and the changing dynamics of the pursuit of these multiple avenues. The critical conclusion to be drawn is thus not a sectoral one per se, but of the need to adopt a holistic view of the *local* economy and its changing mix of livelihood opportunities. Land assumes a new multi-functionality within such a perspective, away from its earlier connotations of power and dominance towards a new mix of economic rationalities.

▪ *An Emerging Rural – Urban Continuum*

The dramatic expansion of all-weather rural infrastructure which began from the late 1980s has brought about a qualitatively new degree of connectedness between the rural and urban. Migration and remittances have emerged as dominant factors in household dynamics; the recent study cited earlier shows nearly a quarter of rural households participating in this process with the share of remittance in household incomes rising from 3.7 per cent in 1987-88 to 18.5 per cent in 2000.<sup>3</sup>

The pattern of migration too is not restricted to uni-directional flows to international or metropolitan centres; migration of various duration to a variety of destinations both rural and urban as well as near and far is increasingly a critical part of the picture. Initial fears that migration was fuelling an export of poverty from rural to urban areas has now been dispelled by poverty trend statistics; in general urbanisation appears to have been a force for poverty reduction with urban poverty declining much faster than rural poverty.<sup>4</sup>

---

<sup>2</sup> Mahabub Hossain et al, 2001, *Changes in Agriculture and Economy in Bangladesh, 1988-2000: Insights from a Repeat Survey of 16 villages*, IRRI

<sup>3</sup> Ibid

<sup>4</sup> Household Expenditure Survey, BBS

The critical issue thus has not been about the spatial re-location of poverty but of a structural transformation whereby the rural-urban divide is increasingly giving way to a rural-urban continuum.

- *Labour Market Transformations*

Labour market transformations have been the third key process impinging on the livelihood possibilities of the poor. There is a trend towards an occupational hierarchy for the poor in which casual daily labour is the least preferred employment. The competition is for piece-rate labour contracts and fixed-rent tenancies in the farm sector and for non-farm employment in rural construction activities, transport operations and in the lower end of trade and service activities. Within the context of such an occupational hierarchy, the 'capacity to shift' becomes the key livelihood concern for the poor. Correspondingly, there is a great emphasis on the finance access, social networking and human capital factors which generate this 'capacity' at the level of the individual household. The 'capacity to shift' is increasingly becoming a new dividing line within the ranks of the poor with those unable to negotiate such shifts emerging as new categories of poor. Examples here are rural artisan groups and nature-dependent ethnic minorities whose traditional occupations are disappearing but for many of whom compensatory entry into new occupations is uncertain at best. A contrasting example is that of women labourers who lost their traditional employment in *dheki* (home-based manual rice milling) but found compensatory entry into milling work in the *chatahs* (mechanised rice mills).

- *An attitudinal shift towards acceptance of women's economic role*

There has been an unmistakable shift in social attitudes towards an acceptance of *women's economic role* even if the road remains long and tortuous for their economic empowerment<sup>5</sup>

- *A deepening in market orientation*

There has been a far-reaching deepening in *market orientation* among all classes of economic actors, rural and urban, formal and informal, producer and consumer, large players and small players.

---

<sup>5</sup> Hossain Zillur Rahman, 1998, 'Social Dimensions of Rural Change' in *1987-94: Dynamics of Rural Poverty*, BIDS

- *An upsurge in people's agency*

On the institutional front, there has been a major upsurge in *people's agency* vis-à-vis the earlier hegemony of the state and elites; no single actor whether it be the state, the NGOs or the donors can now realistically aspire to control the world of initiatives and institutional action.

### **1.3 Resilience versus Graduation**

To come back then to the macro-micro paradox, its resolution lies not in a futile debate over whether the glass is half empty or half full. A more meaningful resolution of the paradox lies in understanding that the contrasting micro and macro evidence may be referring to qualitatively different dynamics at work. The issue here indeed is not so much of micro and macro but of contrasting paradigms of change. I call these the economics of *resilience* and the economics of *graduation*. Resilience means coping, of facing up to disasters, of mitigating the worst features of poverty. Resilience is about building durable floors, of not slipping through. Its time horizon is more immediate and less strategic. Graduation on the other hand is about building ever-soaring roofs, of quantum increase in average income levels, of an irreversibility in the economic gains accruing to the average citizen. Its time horizon is decidedly a strategic one. This contrast of resilience and graduation to my mind captures the essence of the challenges which has absorbed the nation's energies and also where our success and failures lie.

Unquestionably, Bangladesh has scored signal success in the economics of resilience. The rapidity with which Bangladesh society was able to cope with the devastating floods of 1998 is but the latest expression of this resilience. Today, the nation is out of the shadow of famine. If we look around the world at large, this is by all standards a major achievement, one for which all actors across the spectrum - government, NGOs, common citizenry - can rightly feel proud. But in 2001, the aspiration of society has moved on even as we secure more firmly the gains of the past decades. Having come out of the shadow of famine, the nation is faced with a new strategic challenge, a challenge of graduation.

However, while the economics of resilience has been robust, the economics of graduation has not taken root. In many ways the problem here is one of mind-sets. While ground realities have changed, our ruling mind-sets have lagged behind. Economists in particular have been remiss in taking account of this quiet attitudinal revolution within Bangladesh society. Today, we have arguably a situation where the concern for poverty has become trapped in an ideology of poverty alleviation, a mind-set afflicting both the policy and academic discourses.



## 2. POVERTY DISCOURSES: AN UNORTHODOX READING

Conventional reading of the evolution of the poverty agenda in Bangladesh often miss out some key turning points in the discourse.

### 2.1 The Reform Initiatives of the 60s

বর্তমান বিশ্ব পরিস্থিতিতে বোদ্ধামহলের মতে, প্রযুক্তিগত ক্ষেত্রে মানব সভ্যতা যতোই অগ্রসর হচ্ছে, আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ সম্মান- আর তারই ধারাবাহিকতায় দুর্নীতিও ততোই ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। সেপ্টেম্বর ১১ ট্যাজেডি সাময়িক ভাবে অনিশ্চয়তা, অস্থিরতা বাড়ালেও এখন আমরা নিত্যই নতুন নতুন দুর্নীতির সংবাদ পাচ্ছি। পৃথিবীর সব বিখ্যাত রাজনীতিক, বড় বড় খেলোয়াড়ের নাম জড়িয়ে চমকপ্রদ দুর্নীতির কথা আমরা অহরহই শুনে আসছি। সেই 'ওয়াটার গেট' থেকে শুরু করে সাম্প্রতিক 'এনরন ও ওয়ার্ল্ডকম' কেলেংকারী কিংবা সেই 'কম্বল-কাহিনী' থেকে শুরু করে অধুনা 'ফেরী বা গম কেলেংকারী' ইত্যাদি অনেক বড় বড় দুর্নীতির ঘটনা অনেক বার অনেক দেশেই ঘটেছে, ঘটছে, এবং অদূরভবিষ্যতেও ঘটবে। বিশ্ব সভ্যতার এই মাহেন্দ্রক্ষণে অবস্থা এমন দাঁড়িয়েছে যে, কোন প্রকার দুর্নীতি না করে সুষ্ঠু অর্থনৈতিক ব্যবস্থাপনা অনেকাংশেই অসম্ভব। বৈশ্বিক প্রেক্ষাপটে এখন একথা বলা যেতে পারে যে, দুর্নীতি, রাষ্ট্রনীতি, অর্থনীতি, রাজনীতি ইত্যাদি বিষয়গুলো প্রায় সর্বজনীন তথা সমন্বিত রূপ পরিগ্রহ করেছে। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও বাংলাদেশই এখন দুর্নীতিতে বিশ্ব-চ্যাম্পিয়ন। হাস্যকর হলেও পরীক্ষিত সত্য হলো এই যে, আমরা, অর্থাৎ বাংলাদেশীরা দুর্নীতিকে মোটামুটি একটি নিপুণ শিল্পের পর্যায়ে উপনীত করতে সক্ষম হয়েছি।

আলোচ্য প্রবন্ধে উপর্যুক্ত বিষয়গুলোর বিশ্লেষণী পর্যালোচনার প্রয়াস চালানো হয়েছে। প্রবন্ধটিতে 'দুর্নীতি' ধারণাটির তাত্ত্বিক দিকগুলো মূল্যায়নের মাধ্যমে বাংলাদেশে দুর্নীতির স্বরূপ উন্মোচনের উদ্দেশ্যে ব্যবহারিক ভাবে বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতির ধরন-ধারণ পর্যালোচনার চেষ্টা করা হয়েছে। সামগ্রিক জনগণের ওপরে যারা কোন ভাবেই এসব দুর্নীতির সাথে সংশ্লিষ্ট নম্ব দুর্নীতি ও তার প্রভাব কতোটা ব্যয়বহুল (costly) তা নির্ণয় শেষে প্রবন্ধটিতে দেখানো হয়েছে যে, অন্তত রাষ্ট্রীয় অপচয় রোধ করতে হলেও দুর্নীতির দ্রুত অবসান বাঞ্ছনীয় নয় বরং অনিবার্য। রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় অর্থনৈতিক স্বচ্ছতা নিশ্চিত করত: জবাবদিহিতার বাধ্যবাধকতা বলবৎ করা গেলে দুর্নীতির লাগাম যে ভালো ভাবেই আয়ত্তে রাখা যায়, আলোচ্য প্রবন্ধ সেই সাক্ষ্যই বহন করে। আর এক্ষেত্রে তথ্যের তুলনামূলক অবাধ প্রবাহ বা অন্য যে কোন কারণেই হোক, দুর্নীতি সম্পর্কে সাধারণের মনে সম্প্রতি যে সচেতনতা সৃষ্টি হয়েছে, তাকে কাজে লাগাতে পারাটাই মূল চ্যালেঞ্জ। দুর্নীতির বিরুদ্ধে বাংলাদেশে ইদানিং ব্যাপক জনমত সৃষ্টি হতে শুরু করেছে; আর এই মূল্যবান জনমতকে ভিত্তি করে সরকারকেই সামনে থেকে দুর্নীতির বিরুদ্ধে লড়াইটা শুরু করতে হবে। আবার লড়াইটা সমন্বয় ও নিয়ন্ত্রণের দায়িত্বও সরকারকেই নিতে হবে। আর একথা বলার অপেক্ষা রাখেনা যে, কোন রাজনৈতিক সরকার যদি সত্যিই দুর্নীতি বন্ধের মতো জটিল কাজটি করে ফেলতে পারে, তবে তার সুফলও সর্বপ্রথম সেই সরকারণ ভোগ করবে।

## ২. দুর্নীতি - তত্ত্বগত মূল্যায়ন

যে কোন বিষয়ের ওপর আলোচনা করতে হলে প্রথমেই বিষয়টির একটি প্রায়োগিক সংজ্ঞা প্রতিষ্ঠা করা বাঞ্ছনীয়।

### ২.১ দুর্নীতি কি?

দুর্নীতির ওপর পরিচালিত গবেষণার সংখ্যা যতো বাড়ছে ‘দুর্নীতি’ বিষয়টির সংজ্ঞাগত জটিলতাও ততোই বাড়ছে। দুর্নীতি গবেষক ও লেখকগণ অধিকাংশ ক্ষেত্রেই তাঁদের রচনার সিংহভাগ অংশই দুর্নীতির সংজ্ঞায়নে ব্যয় করে আসছেন। তথাপি, এখন পর্যন্ত দুর্নীতির এমন কোন সংজ্ঞা প্রতিষ্ঠা করা সম্ভব হয়নি যা স্থান, কাল, প্রেক্ষিত নির্বিশেষে প্রয়োগ করা যায়। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, কেবল OXFORD LEARNERS অভিধানেই দুর্নীতির নয়টি সংজ্ঞা রয়েছে। দুর্নীতির এ সংজ্ঞা সংকটের একটা অন্যতম কারণ হলো সমাজ বা দেশ ভেদে দুর্নীতির স্বরূপ ও প্রয়োগিক ভিন্নতা।

যাহোক, দুর্নীতি বিষয়টির সাথে তিনটি বিষয় যথা: বিনিময় (exchange), কাজ (activity) এবং আচরণ (behavior) ওতপ্রোত ভাবে জড়িত (জান্নাতুল, ২০০১)<sup>১</sup>। মূলত দুর্নীতি স্বতন্ত্র, সমাজবিচ্যুত, নৈর্ব্যক্তিক কোন বিষয় নয়, বরং তা একটি বিশেষ মানব আচরণ ও অন্যান্য কিছু জটিল সামাজিক চলকের সমন্বয়, যার কোনটি পুরোপুরি বিমূর্ত বা আংশিক দুর্বোধ্য। কোন কোন গবেষক দেখিয়েছেন, ‘দুর্নীতি এমন ব্যবহার যা ব্যক্তিগত স্বার্থের কারণে কোন বিশেষ দায়িত্বে মনোনীত বা নির্বাচিত ব্যক্তিকে যথাযথ কর্ম সম্পাদন থেকে বিরত রাখে’ (যোসেফ নাস্ট, ২০০১)<sup>২</sup>। তবে এখন পর্যন্ত দুর্নীতির সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞাটি দিয়েছে বিশ্ব ব্যাংক। বিশ্ব ব্যাংকের মতে, ‘ব্যক্তিগত লাভালাভ অথবা গোষ্ঠির স্বার্থের জন্যে (যে গোষ্ঠির কাছে ব্যক্তিটি কর্তব্য হিসেবে কিছু দিতে বাধ্য থাকে) সরকারী ক্ষমতার অপব্যবহারই হচ্ছে দুর্নীতি।’ যাহোক, দুর্নীতির সংজ্ঞা সংক্রান্ত উপর্যুক্ত সীমাবদ্ধতা সমূহ বিবেচনায় রেখে বর্তমান প্রবন্ধে বাংলাদেশে দুর্নীতির সামগ্রিক বিষয়গুলো অন্তর্ভুক্তির উদ্দেশ্যে ‘দুর্নীতি’ কে কিছুটা ব্যাপক ভাবে সংজ্ঞায়িত করা হয়েছে এভাবে: ‘ব্যক্তি বা সমষ্টিগত কোন লাভের আশায় (যা সাধারণ ভাবে অর্জনযোগ্য নয়) প্রাতিষ্ঠানিক ক্ষমতা ও কর্তৃত্বের অপব্যবহার বা অপপ্রয়োগ করাই হলো দুর্নীতি।’

### ২.২ আমরা কেন দুর্নীতিবাজ হলাম?

দুর্নীতি, বিশেষ করে দুর্নীতির বাংলাদেশী স্টাইল নিয়ে আলোচনার সর্বাগ্রেই যে প্রশ্নটি আসে তা হলো: “আমরা, মানে বাংলাদেশীরা, কেন ও কিভাবে এতোটা দুর্নীতিবাজ হলাম?” অর্থাৎ বাংলাদেশে দুর্নীতি এমন সর্বগ্রাসী রূপ নেয়ার পেছনে প্রভাবক হিসেবে যে বিষয়গুলো সক্রিয় ছিলো সে গুলোর বিচার-বিশ্লেষণ অত্যাাবশ্যিক। আর দুর্নীতির প্রধান কারণ এবং সেই কারণের কার্যকরণ গুলো চিহ্নিত করা গেলে, সেগুলো দূরীকরণের মাধ্যমে একটি দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার বিষয়টি সহজতর হবে বৈকি। এবং দুর্নীতির সার্বিক ধরনগুলো সঠিক ভাবে চিহ্নিত করা গেলে বিভিন্ন প্রকার দুর্নীতির মূলে কি কি কারণ নিহিত রয়েছে তা অনুসন্ধান করার কাজটি অনেকটাই সহজতর হবে। আর বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিভিন্ন প্রকার দুর্নীতির যথাযথ কারণ গুলো চিহ্নিত করতে পারার অর্থ হচ্ছে, সেই কারণ গুলো সাফল্যের সাথে দূরীকরণের পথে অনেকটাই এগিয়ে যাওয়া। এহেন প্রেক্ষাপটে, প্রবন্ধটির এ পর্যায়ে বাংলাদেশে প্রচলিত দুর্নীতি ব্যবস্থার বিভিন্ন দিক নিয়ে সামান্য আলোকপাত করা অনিবার্য ভাবেই বাঞ্ছনীয়।



## ২.৩ বাংলাদেশে দুর্নীতির প্রকার ভেদ

সাধারণভাবে দুর্নীতি বলতে আমরা কেবল নানান রকম অবৈধ আর্থিক লেনদেন (যথা: ঘুষ ইত্যাদি) কে বুঝিয়ে থাকলেও ইতিমধ্যে দুর্নীতি নামক বিষবৃক্ষের শেকড় এতো গভীরে বিস্তৃত হয়েছে যে, সমাজ কাঠামোর এমন কোন স্তর, অর্থনীতির এমন কোন ক্ষেত্র, রাষ্ট্রের এমন কোন অঙ্গ, কিংবা প্রশাসনের এমন কোন স্তর পাওয়া যাবেনা যেখানে কোননা কোন ভাবেই কোন রকম দুর্নীতির চর্চা হচ্ছে না। মোদ্দাকথা হলো, দুর্নীতির ভয়ঙ্কর তথা সর্বভূক দৈত্য তার হিংস্র থাবা দিয়ে এই দেশটার আপাদমস্তক এমনভাবে গ্রাস করে ফেলেছে যে অচিরেই বিশ্বের কোন দেশ আমাদেরকে দুর্নীতির বিশ্ব চ্যাম্পিয়নের অবস্থান থেকে বিচ্যুত করতে পারবেনা ইন্শাআল্লাহ। কেননা, দুর্নীতির মুষিক দৌড়ে প্রথম স্থান অধিকারের পর আমরা ন্যূনতম আত্মতুষ্টি বা অহংকারী না হয়ে বরং কুশলী পেশাদার খেলোয়াড়ের মতো বিষয়টির ওপর আরো বেশী দক্ষতা অর্জনের জন্য প্রতিনিয়ত বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা ও সযত্ন পরিশ্রম করে যাচ্ছি, যাতে অন্য কোন দেশ বা জাতি আমাদের শ্রেষ্ঠত্বকে এতোটুকু হুমকী দিতে না পারে।

যাহোক, আমাদের দেশে দুর্নীতি নামক অপকর্মটি কতো ভাবে প্রচলিত রয়েছে, তার স্বরূপ উন্মোচন করা যাক। প্রসঙ্গত: উল্লেখ্য যে, বাংলাদেশে দুর্নীতির ওপর বিস্তর গবেষণা হলেও সিংহভাগ গবেষকই দুর্নীতির সর্বনাশা হিমবাহের ১১ ভাগের ১ ভাগের ওপরেই তাদের আলোচনা সীমাবদ্ধ রেখেছেন। ফলত: সে সব গবেষণা থেকে বাংলাদেশে দুর্নীতির ভয়াবহতা সম্পর্কে সম্পূর্ণ ও সম্যক ধারণা লাভ করা সম্ভব নয়; এবং এই দলের গবেষকদেরকে ‘School of Thought-1’ ও দ্বিতীয় চিন্তাধারায় বিশ্বাসী গবেষকদেরকে ‘School of Thought-2’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই রচনার পরবর্তী অংশে বাংলাদেশে দুর্নীতির সামগ্রিক চিত্র তুলে ধরার মাধ্যমে সাধারণের দৃষ্টির অগোচরে লুকায়িত সুবিশাল হিমবাহটির অদেখা সেই ১০ ভাগ উন্মোচনের প্রয়াস চালানো হবে।

### School of Thought-1

এক শ্রেণীর গবেষক দুর্নীতিকে কতিপয় বৈশিষ্টের ভিত্তিতে বিভাজন করেছেন। যথা, স্তর-ভেদে দুর্নীতি, শ্রেণী ভিত্তিক দুর্নীতি, কাঠামোগত দুর্নীতি, সংখ্যাগত ও গুণগত দুর্নীতি প্রভৃতি। এই পাঁচ ধরনের দুর্নীতিকে আরো ক্ষুদ্রতর কতোগুলো শ্রেণীতে বিভাজন করা হয়েছে।

#### ধরন ১ - মাত্রা ভেদে দুর্নীতি

(ক) মামুলি দুর্নীতি (Petty Corruption): এ ধরনের দুর্নীতি সাধারণত নিম্নশ্রেণীর অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীদের দ্বারা সংঘটিত হয়।

(খ) মাঝারি দুর্নীতি (Middling Corruption): সংগঠন পর্যায়ে মূলত শীর্ষ স্থানীয় আমলারা এ ধরনের দুর্নীতির মূল হোতা।

(গ) বৃহৎ দুর্নীতি (Grand Corruption): এ প্রকারের দুর্নীতি রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ে বিশেষ করে বৈদেশিক মুদ্রাকে কেন্দ্র করে সংঘটিত হয়।

#### ধরন ২ - শ্রেণী ভিত্তিক দুর্নীতি

(ক) ব্যক্তিগত দুর্নীতি (Personal Corruption): এ ধরনের দুর্নীতি বিচ্ছিন্ন ভাবে কোন ধারাবাহিকতা ব্যতিরেকে ব্যক্তি আমলা বা রাজনীতিবিদের দ্বারা সম্পাদিত হয়।

(খ) প্রাতিষ্ঠানিক দুর্নীতি (Institutional Corruption): কোন বিশেষ প্রতিষ্ঠান, বিভাগ, সেক্টরে প্রচলিত দুর্নীতি এই শ্রেণীর অন্তর্গত।

(গ) নিয়মতান্ত্রিক দুর্নীতি (Systematic Corruption): পুরো সমাজে ছড়িয়ে পড়ে সকল প্রকার লেনদেনের স্বীকৃত মাধ্যম হিসেবে যখন দুর্নীতি বৈধতা লাভ করে তখন তাকে নিয়মতান্ত্রিক বা সর্বজনীন দুর্নীতি হিসেবে আখ্যায়িত করা হয়।

### ধরন ৩ - কাঠামোগত দুর্নীতি

(ক) আমলাতান্ত্রিক দুর্নীতি (Bureaucratic Corruption): সাধারণ ভাবে দুর্নীতি বলতে যা বুঝায় তাকেই আমলাতান্ত্রিক দুর্নীতি বলে। এ ক্ষেত্রে সরকারী আমলারা ঘুষ, স্বজনপ্রীতি ইত্যাদি কারণে তাদের স্বীয় দায়িত্বে অবহেলা বা উদাসিনতা প্রদর্শন করে।

(খ) রাজনৈতিক দুর্নীতি (Political Corruption): এটি প্রকৃত পক্ষে আমলাতান্ত্রিক দুর্নীতির বিশেষ বর্ধিত রূপ।

### ধরন ৪ - পরিমাণগত দুর্নীতি

(ক) বড়ো অংকের দুর্নীতি (Wholesale Corruption): এ ধরনের দুর্নীতি হয় মোটা দাগে পাইকারি হারে যা সাধারণের কাছে 'পুকুর চুরি' হিসেবে পরিচিত।

(খ) খুচরা দুর্নীতি (Retail Corruption): এ শ্রেণীতে ছোট খাটো পরিসরে অধঃস্তন ব্যক্তিবর্গের মধ্যে অল্প সল্প অর্থ ঘুষ হিসেবে আদান প্রদান হয়।

উদাহরণ: রেলের টিকেট পেতে, লাইসেন্স বিহীন গাড়ি চালাতে, বিনা ভাড়ায় সরকারী পরিবহনে ভ্রমণ করতে, কিংবা অনির্ধারিত স্থানে গাড়ি পার্ক করলে ট্রাফিক সার্জেন্টকে যে পরিমাণ টাকা দিয়ে খুশী করা যায় সে গুলোকেই খুচরা দুর্নীতি হিসেবে চিহ্নিত করা যায়।

### ধরন ৫ - গুণগত দুর্নীতি


(ক) কেন্দ্রীভূত দুর্নীতি (Centralized Corruption): সরকারের উচ্চ পর্যায়ে যে দুর্নীতি হয় সে গুলোই কেন্দ্রীভূত দুর্নীতি। উদাহরণ: ফেরী মেরামত, যুদ্ধ জাহাজ, কিংবা যুদ্ধ বিমানের মতো জব্বুরী জনগুরুত্ব সম্পন্ন সামগ্রী ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে যে সব সাত-পাঁচ হয়ে থাকে, সে গুলো এ শ্রেণীর অন্তর্ভুক্ত।

(খ) বিকেন্দ্রীভূত দুর্নীতি (Decentralized Corruption): রাষ্ট্রের সর্বোচ্চ, কেন্দ্রীয় পর্যায়ের মন্ত্রী, সচিবদের গন্ডি ছাড়িয়ে দুর্নীতির ডেউ যখন ধীরে ধীরে ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান/মেম্বারদের নাগালে চলে যায়, তখন দুর্নীতির বিকেন্দ্রীকরণ হয়েছে বলা যায়।

### School of Thought-2

অন্য আরেক শ্রেণীর গবেষক 'দুর্নীতি'র উপরোল্লিখিত শ্রেণী বিন্যাসকে ব্যাপ্তিক তথা সংকীর্ণ আখ্যা দিয়ে বিষয়টিকে সামষ্টিক দৃষ্টিকোণ থেকে আলোকপাত করার উদ্দেশ্যে দুর্নীতির ভিন্ন রকম একটি ব্যবচ্ছেদ করেছেন। তবে দু'পক্ষের বিবেচ্য বিষয় যেহেতু এক ও অভিন্ন অর্থাৎ দুর্নীতি, তাই দুটো শ্রেণীতে অন্তর্ভুক্ত বিভিন্ন প্রকার দুর্নীতির মধ্যে সাদৃশ্য থাকা অস্বাভাবিক কোন বিষয় নয়। দ্বিতীয় পক্ষের গবেষকগণ

### দুর্নীতির আধুনিক বিন্যাস



দুর্নীতিকে সামষ্টিক দৃষ্টিকোণ থেকে যেভাবে বিশ্লেষণ করতে চেয়েছেন, তাকে গবেষকগণ দুর্নীতির আধুনিক স্বরূপ রূপে আখ্যায়িত করেছেন।

### ২.৪ বাংলাদেশে দুর্নীতির কারণ

বাংলাদেশে দুর্নীতির সাম্প্রতিক প্রাদুর্ভাবের মূলে অসংখ্য কারণ প্রভাবক হিসেবে কাজ করছে। বর্তমান প্রবন্ধটির আকৃতিগত সীমাবদ্ধতার কারণে সেগুলোর বিস্তারিত বিবরণ প্রদান অসম্ভব বিধায় অতি গুরুত্বপূর্ণ কারণ গুলো নিম্নে উল্লেখ করা হলো।

- অদূরদর্শী রাজনীতিক - ভ্রান্ত আত্মঘাতি সিদ্ধান্ত
- রাজনৈতিক সদিচ্ছা ও ঐকমত্যের অভাব
- রাজনীতির দুর্ভ্রায়েন
- দুর্বল আমলাতন্ত্র
- নিম্ন মজুরী (বেতন) কাঠামো
- জবাবদিহিতা ও স্বচ্ছতার অনুপস্থিতি
- সমাজ, বিশেষত সুশীল সমাজের উদাসীনতা
- সুশাসন ও ন্যায় বিচার এর অভাব
- ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক মূল্যবোধের চরমতম অবক্ষয়
- প্রয়োজনাতিরিক্ত শ্রমিক সংখ্যা
- সংবাদ মাধ্যমের অপরিপাক অংশগ্রহণ
- তথ্যের সীমিত(সংরক্ষিত) প্রবাহ।

### ৩. ঐতিহাসিক পটভূমি

কখনো বাংলা, কখনো ভারতবর্ষ, কখনো পূর্ব পাকিস্তান, আর সবশেষে বাংলাদেশ নামে পরিচিত এই ভূ-খন্ডের মানুষ প্রাগৈতিহাসিক কাল থেকেই অসং, দুর্নীতি পরায়ণ ছিলো এমন কোন প্রমাণ ইতিহাসে নেই। এই আঞ্চলের সার্বিক ইতিহাস কে ঐতিহাসিকগণ চারটি সমকালে বিভক্ত করেছেন, যথা প্রথম যুগ (খৃষ্টের জন্মের পূর্ব থেকে ৫০০ খৃষ্টাব্দ পর্যন্ত), দ্বিতীয় যুগ (১২০০ খৃষ্টাব্দ থেকে ১৭৫৭ খৃষ্টাব্দ পর্যন্ত) যা মুসলিম যুগ হিসেবে খ্যাত, তৃতীয় যুগ (ইংরেজ শাসনামল ১৭৫৭-১৯৪৭), এবং চতুর্থ যুগ (১৯৪৭ পরবর্তী)। চারটি যুগের মধ্যে কেবল মুসলিম যুগ অর্থাৎ দ্বিতীয় যুগে এ অঞ্চলে দুর্নীতির সামান্য প্রমাণ পাওয়া যায়। বাংলার সম্পদ বাংলার বাইরে রাজার প্রাপ্য হিসেবে চলে যাওয়ার প্রমাণ এ যুগেই পাওয়া যায়; এর পূর্বের তথ্য অস্পষ্ট। এই যুগে বাণিজ্যিক ধনতন্ত্র এ অঞ্চলে গড়ে উঠতে থাকে এবং এক শ্রেণীর ধনী বনিক টাকা বদলানোর ব্যবসার সাথে সাথে মহাজনী কারবার শুরু করে; এদের সরোফ বলা হতো (Chucherov, ১৯৭১)।

মুসলিম যুগে বাংলাদেশের (তৎকালীন) অর্থনৈতিক জীবনে সরকারি হস্তক্ষেপ ক্রমশ: বাড়ছিলো। টাকার প্রয়োজনে এদেশের শাসনকর্তাগণ দিল্লীর সুলতানদের এক ধরনের ব্যবসা শুরু করে দেয়। এই ব্যবসার নাম ছিল 'সৌদায়ে খাস' অর্থাৎ, আমদানী ও রপ্তানির ব্যাপারে রাজক্ষমতা ব্যবহার করে সরকারি কর্মচারীগণ দেশের অভ্যন্তরে মাল কেনা-বেচা করতো এবং অন্যান্য ব্যবসায়ীদের নিকট হতে ব্যবসা কেড়ে নিয়ে একচেটিয়া মুনাফা করতো। বলা বাহুল্য, এই দুর্নীতি শাসন ব্যবস্থার ক্ষতি করে ও

অর্থনীতির অবনতি হতে থাকে (ফারুক, ১৯৮১)<sup>৪</sup>।

তৃতীয় অর্থাৎ ইংরেজ যুগে নানাভাবে বৃটিশ সরকার এদেশের প্রত্যক্ষ অর্থনৈতিক কার্যবলীর সাথে নিজেকে যুক্ত করতে থাকে। ইতিহাস পর্যালোচনায় দেখা যায়, সাধারণত: বাংলাদেশে পলাশী যুদ্ধের সময় হতে ইংরেজ সাহেবরা যে দুর্নীতি, ঘুষ ও চক্রান্তের প্রবাহ সৃষ্টি করে তা ইংল্যান্ড ও এদেশের উভয় অঞ্চলের জন মানুষের চিন্তারও বাইরে ছিলো। সুতরাং পরবর্তী কালে আমাদের দেশের জনশক্তির উপযুক্ত ব্যবহারের পথে আর একটি বাধা হিসেবে দেখা দেয় সমাজের প্রচলিত দুর্নীতি। আরেকটি গবেষণায় দেখা যায় যে, মূলত ১৭৫৭ সালে ইস্ট-ইন্ডিয়া কোম্পানীর ক্ষমতা গ্রহণের পর পরই এদেশে দুর্নীতি শুরু হয়। এবং এটিই সম্ভবত পৃথিবীর সবচেয়ে দুর্নীতিগ্রস্ত শাসনকাল (জান্নাতুল, ২০০১)।

চতুর্থ অর্থাৎ ১৯৪৭ পরবর্তী সময়ে দুর্নীতি এই ভূ-খণ্ডে অর্থাৎ তৎকালীন পূর্ব-পাকিস্তানে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা লাভ করে। এ যুগ সম্পর্কে সবচেয়ে নিরেট আলোচনা করেছেন অধ্যাপক আবদুল্লাহ ফারুক : “সরকার যদিও ঘোষণা করেছেন যে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্য দূর করিতে হইবে; কিন্তু পর পর তিনটি পঞ্চ-বার্ষিক পরিকল্পনা (১৯৫৬-১৯৭০) বাস্তবায়নের পরও পাকিস্তানে অঞ্চলিক বৈষম্য বাড়িয়াই যায়। সরকারি তথ্যে প্রকাশ, ১৯৫৯-১৯৬০ সনে যদি আঞ্চলিক বৈষম্য থাকে ১০০, তবে ১৯৬৯-১৯৭০ সনে উহা বৃদ্ধি পাইয়া ১৯১ হয় (পাকিস্তান চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা, জুলাই ১৯৭০)। ... .. কিন্তু তৎকালীন পূর্ব পাকিস্তানী সরকারী কর্মচারী ও রাজনৈতিক নেতৃবৃন্দ তৎকালীন নিয়ন্ত্রিত অর্থনীতির সুযোগ লইয়া নামে - বেনামে প্রচুর সম্পদ, জমি, বাড়ি, শিল্প কারখানার পারমিট ও লাইসেন্সের মালিক হইয়া বসে। ফলে দুর্নীতির প্রসার যেমন হইলো, তেমনই পূর্ব-পাকিস্তানের সাধারণ মানুষের দুর্গতি ও বৃদ্ধি পাইতে লাগিলেও বাঙালী রাজনীতিক, আমলা ও শহুরে ধনী শ্রেণী অবশ্য বিদেশী সাহায্যের কল্যাণে ভালোই ছিল।” অর্থাৎ ১৯৪৭ পরবর্তী স্বাধীন পাকিস্তানের দুই অংশের (পূর্ব ও পশ্চিম) মধ্যে বৈষম্য বাড়তে লাগলো। আর এই বৈষম্যের প্রভাবক হলো ক্রমবর্ধমান দুর্নীতি। ফলে পূর্ব-পাকিস্তানের স্বাধীকার থেকে পুনঃস্বাধীনতার প্রেক্ষাপট, অর্থাৎ ভারতবর্ষের ইতিহাসে আরো একটি অধ্যায় - নতুন একটি যুগ সংযোজিত হলো অনিবার্য ভাবে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের জন্ম হলো পৃথিবীর মানচিত্রে। আলোচনার সুবিধার্থে বর্তমান প্রবন্ধে ১৯৭১ পরবর্তী সময়টাকে পঞ্চম যুগ (১৯৭১-২০০২) হিসেবে নির্দিষ্ট করা হলো।

পঞ্চম যুগে অর্থাৎ স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের জন্ম লগ্নে সোপার্জিত স্বাধীনতা অর্জনের পাশাপাশি আমরা আরো পেয়েছি দুর্নীতির অনিবার্য উত্তরাধিকার। মুক্তিযুদ্ধের অব্যবহিত পরেই সরকার সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা কায়েমের লক্ষ্যে অনেকটা অবধারিত ভাবেই সকল গুরুত্বপূর্ণ খাতের রাষ্ট্রীয়করণ করলো। পাশাপাশি কিন্তু বেসরকারি খাতে সঞ্চয়, ব্যক্তিগত সম্পদ আর কালো টাকা বিদেশে পাচার ও চলতে থাকলো। ফলশ্রুতিতে, তিনটি বিষয়ের প্রকট অভাব দেখা দিলো -পশ্চিম পাকিস্তানীদের ফেলে যাওয়া গুটিকতক শিল্প কারখানা গুলোর জন্য দক্ষ পরিচালক, দুর্নীতিমুক্ত দেশপ্রেমিক সরকারি আমলা, আর সমাজতন্ত্রের আদর্শে বিশ্বাসী প্রকৃত রাজনীতিক, যারা সরকারের গৃহীত সমাজতান্ত্রিক ব্যবস্থা কায়েমের জন্য অপরিহার্য অবদান রাখবেন। ফলে সরকারের সামগ্রিক পরিচালন-ব্যয় গেলো বেড়ে; সরকার হলো ঋণগ্রস্ত, শুরু হলো রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠানের লোকসান গাথা। ১৯৭৫ সনের বিয়োগাত্মক পট পরিবর্তনের পর দেশের শাসন কার্য পরিচালনার দায়িত্ব গ্রহণ করা সামরিক সরকার রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠান সমূহের উৎপাদনশীলতার উন্নতি, অপচয় রোধ ও দুর্নীতি দমনের আশ্রয় চেষ্টা (নাকি অভিনয়!) করেও ব্যর্থ হয়। এই অবস্থা পূর্ণ সমাজতন্ত্র অথবা বাজার অর্থনীতি

দুটোর যে কোনটির চেয়েই খারাপ। কারণ সমাজতন্ত্রে প্রতিষ্ঠান পরিচালনা দুর্বল হতে পারে, কিন্তু ঐ অবস্থায় দুর্নীতি করে সম্পদ ব্যক্তিগত অধিকারে রাখা যায়না; আবার বাজার অর্থনীতিতে কিছুটা দুর্নীতি থাকলেও পরিচালনগত দক্ষতা পূর্ণমাত্রায় বজায় থাকে। তৎকালীন বাংলাদেশের পুঁজিবাদী অর্থনীতিতে রাষ্ট্রীয় মালিকানায় শিল্প প্রতিষ্ঠান গুলো থাকায় এদেশে সমাজতন্ত্র ও পুঁজিবাদ উভয় ব্যবস্থার ক্রটি গুলোর যুগপৎ উপস্থিতি লক্ষ্য করা গেলো। ফলশ্রুতিতে, অযোগ্যতা ও দুর্নীতি দুটোই বাড়লো। ফলে দেশকে দুর্নীতিমুক্ত করে সোনার বাটি বানানোর দামামা তুলে আবার ক্ষমতার পরিবর্তন হলো ১৯৮১ সনে। ১৯৮২ সনে পুনরায় মাত্র ১০ বছরের মধ্যেই লোকসানী প্রতিষ্ঠান সমূহ বিরাস্ত্রীয়করণ করা শুরু হলো।

বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর তিন দশকেরও বেশী সময় অতিক্রান্ত হয়েছে। আর এই নাতিদীর্ঘ সময়ের সিংহভাগই এদেশের অর্থনীতি, রাষ্ট্রনীতি, রাজনীতির কাভারী ছিলো সামরিক বাহিনী। সেই বিগত ৩০ বছরে সরকার বস্তুত উৎপাদন বাড়াতে না পারলেও সরকারী প্রতিষ্ঠানের সংখ্যা এবং সরকারী চাকুরের সংখ্যা বিপুলভাবেই বাড়াতে পেরেছিলো। এই সকল লোক নিয়োগ অনেক ক্ষেত্রেই কর্ম কমিশনের মাধ্যমে বা কোন নিরপেক্ষ বোর্ড দ্বারা সম্পন্ন হয়নি। একটি হিসাবে জানা যায়, ১৯৫০ সনে যেখানে সরকারের গেজেটেড অফিসারের সংখ্যা ছিলো মাত্র ৫০০, সে ক্ষেত্রে ১৯৮০ সনে ঐ সংখ্যা প্রায় ২৭,০০০ হয়েছে, অর্থাৎ যদিও প্রকৃত মাথাপিছু আয় প্রায় পূর্বের ন্যায়ই ছিলো, এইটুকু উৎপাদন বজায় রাখতে সরকারের কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করতে হয়েছে প্রায় ৫০ গুণ। যদি দক্ষ ও যোগ্য কর্মচারী না থাকে এবং তাদের কাজের হিসেব নেয়া না হয়, তবে সংখ্যা বৃদ্ধি হলেও দেশের প্রশাসন ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল হবে না। বাংলাদেশে দেখা যায় সরকার অধিক কাজ নিজের হাতে নিয়েছে, অধিক ব্যয় করেছে, কিন্তু বিশ্ব ব্যাংকের হিসেব অনুসারে আমাদের গড় বাৎসরিক প্রকৃত মাথাপিছু আয় ষাটের ও সত্তরের দশকে ক্রমশ হ্রাস পেয়েছে। বিগত ৫০ বছরে উন্নয়নের উপকারীমো গুলোর রক্ষণাবেক্ষণ ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে, যা সরকারের দায়িত্ব ছিলো। অপরপক্ষে, শিল্প কারখানা ইত্যাদির অহেতুক মালিকানা গ্রহণ করে সরকার লোকসান দিয়েছে, যা প্রয়োজন ছিলো না। এই অভিজ্ঞতা ভবিষ্যতে সরকারের সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নকে প্রভাবিত করে।

#### ৪. দুর্নীতি রোধকরা জরুরী কেন?

অর্থনৈতিক বিশ্বায়ন, বিশ্বব্যাপী দীর্ঘ স্থায়ী মন্দা এবং ক্রমবর্ধমান রাজনৈতিক অস্থিরতার এই যুগে দুর্নীতি গ্রস্ত কোন দেশের পক্ষে উন্নয়নের পথে অগ্রসর হওয়া প্রায় অসম্ভব। আর বাংলাদেশের মতো পরার্থপর কোন অর্থনীতির ক্ষেত্রে তা অনেক বেশী কঠিন। বাংলাদেশের জনগণ দুর্নীতি ও সন্ত্রাসের সর্বগ্রাসী তৎপরতায় অতিষ্ঠ হয়ে সভা-সেমিনার, পত্র-পত্রিকায় আলোচনা ও মিছিলে শ্লোগান দিলেও দিনের পর দিন এই দুটি সমস্যা আশঙ্কজনকহারে বৃদ্ধি পাচ্ছে। অনেকেই মনে করে থাকেন অযোগ্য রাজনীতিবিদ ও সন্ত্রাসীদের নেতৃত্বে বিকশিত অসুস্থ রাজনীতিই দুর্নীতি ও সন্ত্রাসের মূল কারণ।

স্বাধীনতার সময় উন্নয়নের সমপর্যায়ে থাকা দেশগুলোর অর্থনৈতিক অগ্রগতির সঙ্গে তুলনা করলে দেখা যাবে যে, গত তিন দশকেরও বেশী সময়ে আমাদের আপেক্ষিক কোন অগ্রগতি হয়নি। কোরিয়া, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনামের দিকে তাকালেই বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে। অর্থনৈতিক প্রবৃদ্ধি, বিদেশী বিনিয়োগ, দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি ও রাষ্ট্র ব্যবস্থা এর সাথে জড়িত। দুর্নীতি না দূর

হলে দারিদ্র্য বিমোচন হবে না, উন্নয়নও হবে না এবং সৎ রাজনৈতিক সিদ্ধান্ত বাস্তবায়ন করা যাবে না।  
যাহোক, বাংলাদেশে দুর্নীতির বিরুদ্ধে জোরালো পদক্ষেপ গ্রহণ করা কেন অনিবার্য তা সংক্ষেপে নিম্নে ব্যাখ্যা করা হলো:

১. দুর্নীতি বিশ্বায়নের সুফল প্রাপ্তির সম্ভাবনা হ্রাস করে।
২. দুর্নীতি বিশ্বায়নের ঝুঁকি বৃদ্ধি করে।
৩. দুর্নীতি দুর্নীতি-পরায়ণ ব্যক্তির নৈতিক মনোবল হ্রাস করে।
৪. দুর্নীতি সামাজিক নৈরাজ্য বৃদ্ধি করে ও সম্প্রীতি বিনষ্ট করে।
৫. সরকারী উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়নে দুর্নীতি বাধা সৃষ্টি করে।
৬. দুর্নীতি প্রশাসনিক অচলাবস্থার সৃষ্টি করে।
৭. দুর্নীতি সামাজিক অনুশাসন ও মূল্যবোধ বিনষ্ট করে।
৮. দুর্নীতি সৃষ্ট ও সুস্থ প্রতিযোগিতা সৃষ্টির পথে বাধা সৃষ্টি করে।
৯. দুর্নীতি সম্ভ্রাস, নৈরাজ্য সৃষ্টিতে সহায়তা করে।
১০. দুর্নীতি আর্থসামাজিক বৈষম্য সৃষ্টি করে।
১১. দুর্নীতি রাষ্ট্রীয় ও অর্থনৈতিক কর্মকাণ্ডে ব্যয় বাড়িয়ে দেয়।
১২. ব্যয় বৃদ্ধির ফলে দুর্নীতি সার্বিক উৎপাদনশীলতা হ্রাস করে।

#### ৪.১ মাস্তানতন্ত্র দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ব্যয় অস্বাভাবিক ভাবে বাড়িয়ে দিচ্ছে

মাস্তানতন্ত্র দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ব্যয় অস্বাভাবিক ভাবে বাড়িয়ে দিচ্ছে। এই মাস্তানতন্ত্রের কারণে দেশে নারী নির্যাতন উদ্বেগজনক হারে বেড়ে চলছে। গ্রামে এবং শহরাঞ্চলে সমহারে বাড়ছে এ নারী নির্যাতন। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিরাপত্তাহীনতা এবং সংঘাতের জন্ম দিচ্ছে, যা সার্বিক ভাবে দেশের দারিদ্র্য বিমোচনে নেতিবাচক প্রভাব ফেলছে।

সরকারের উন্নয়ন কৌশলপত্রে দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে আইনশৃঙ্খলাকে প্রধান উদ্বেগের কারণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। অবনতিশীল আইন শৃঙ্খলা পরিস্থিতি দেশের শাসন ব্যবস্থাকে দুর্বল করে দিচ্ছে; এর ফলে রাজনীতিতে দুর্বৃত্তায়ন ঘটেছে, নাগরিক অধিকার লঙ্ঘিত হচ্ছে, নৈতিকতা ভেঙ্গে পড়ছে এবং রাজনীতিতে অসহিষ্ণু সংস্কৃতির সৃষ্টি করেছে। সারা দেশেই এখন স্থানীয় মাস্তানতন্ত্রের বিস্তার ঘটেছে।

যারা মাস্তানি করে বেড়াচ্ছে, তাদের অধিকাংশ স্কুল কিংবা কলেজ ছাত্র, যারা নানা কারণে লেখাপড়া ছেড়ে দিয়েছে। কর্মহীনতাই তাদের সম্ভ্রাসের পথে নিয়ে গেছে। রাজনৈতিকভাবে এই মাস্তানদের ব্যবহার এখন দেশবাসীর প্রধান উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থার উন্নয়ন কৌশলপত্রে বিদ্যমান পুলিশী ব্যবস্থার আমূল সংস্কারের উপর গুরুত্ব দেয়া হয়েছে। সংস্কারের মাধ্যমে আইনশৃঙ্খলা প্রয়োগকারী সংস্থাসমূহকে জনপ্রশাসনের কাছে জবাবদিহিতার কথা বলা হয়েছে।

বাংলাদেশে দ্রুত দারিদ্র্য বিমোচন, অর্থনৈতিক উন্নয়ন এবং শাসন ব্যবস্থার উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হচ্ছে স্থানীয় সরকার। বাংলাদেশে হচ্ছে বিশ্বের সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ এলাকা। এই ধরনের ঘনবসতিপূর্ণ এলাকাকে নিয়ন্ত্রণ করা একটি কেন্দ্রের মাধ্যমে সম্ভব নয়। রাজনৈতিক পছন্দ অপছন্দ যাই থাকুক না কেন, দেশে সুশাসন নিশ্চিত করার জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণ অতি জরুরী বিষয়।

কেবলমাত্র স্থানীয় সরকারকে শক্তিশালী এবং জনপ্রিয় করার মাধ্যমে দারিদ্র বিমোচনের ক্ষেত্রে সর্বোচ্চ সাফল্য অর্জন করা সম্ভব। ইউনিয়ন এবং থানা পর্যায়ে স্থানীয় সরকার কাঠামোকে কার্যকর করা ছাড়া স্থানীয় সরকার পর্যায়ে সেবার মান বৃদ্ধি এবং জবাবদিহিমূলক ব্যবস্থা চালু করা সম্ভব হবে না। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি বৃদ্ধির জন্য স্থানীয় সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। দরিদ্রদের জন্য খাদ্য বা নগদ অর্থ সহায়তা সংক্রান্ত কর্মসূচীগুলো স্থানীয় সরকার সমন্বয় ও ব্যবস্থাপনা করতে পারে। এভাবে স্থানীয় সরকার স্কুলের ব্যবস্থাপনা, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন পর্যায়ের পরিবার পরিকল্পনা কার্যক্রম, হেলথ সেন্টার, থানা স্বাস্থ্য কেন্দ্র প্রভৃতির ব্যবস্থাপনার সাথে যুক্ত হতে পারে। পাশাপাশি স্থানীয় সরকার বেসরকারি এবং সরকারি কর্মসূচি গুলোর মধ্যে সমন্বয় সাধন করতে পারে। এতে অপচয় কমবে এবং একই কাজের পুনরাবৃত্তি হ্রাস পাবে (দৈনিক জনকণ্ঠ ২২ জুন ২০০২)।

#### ৪.২ বাংলাদেশের অর্থনীতিতে দুর্নীতির মূল্য

দীর্ঘ সামরিক শাসনের অবসানের মাধ্যমে ১৯৯১ সনে বাংলাদেশে গণতন্ত্রের যাত্রা শুরু হলেও সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সামাজিক ন্যায় বিচার এখন পর্যন্ত প্রতিষ্ঠিত হয়নি। ঘুষ, দুর্নীতি ও অবৈধ লেনদেন ইত্যাদি এখন বাংলাদেশে নিত্যদিনের স্বাভাবিক বিষয় হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে; এবং এসব অলিখিত নিয়ম কানুন পাশ কাটিয়ে কোন কাজ সম্পন্ন করা এখন একেবারেই অসম্ভব। এই বক্তব্যের সত্যতা প্রমাণের জন্যে নিম্নের যৎসামান্য উদাহরণই যথেষ্ট।

(ক) নাগরিক সুবিধা সংক্রান্ত চিত্রঃ

- বৈদ্যুতিক সংযোগ - বাংলাদেশে দ্রুততম সময়ে (এক সপ্তাহে) বৈদ্যুতিক সংযোগ পেতে হলে উন্নত শ্রেণীর জন্য ১০০০০০ - ১৫০০০০০ টাকা এবং নিম্ন শ্রেণীর সংযোগের জন্য ১০০০০ - ১৫০০০ টাকা প্রদান করতে হয়;
- গ্যাস সংযোগ পাওয়ার জন্যে সাধারণভাবে গড়ে তিন মাস অপেক্ষা করতে হয় এবং এ ক্ষেত্রে সরকারী ফিস মাত্র ৩০০০ টাকা, কিন্তু ৪০০০০ টাকা ব্যয় করলে সেই একই সংযোগ এক সপ্তাহের মধ্যেই পাওয়া সম্ভব;
- পানি - এ ক্ষেত্রে ওয়াসার কাছ থেকে পানির লাইন পেতে সাধারণত তিন থেকে চার মাস পর্যন্ত অপেক্ষা করতে হয়, কিন্তু ১৪০০০ - ২০০০০ টাকা ব্যয় করেও সেই একই সংযোগ এক সপ্তাহের মধ্যেই পাওয়া সম্ভব;
- টেলিফোন - আনুষ্ঠানিক নিয়ম কানুন মেনে টেলিফোন সংযোগ পেতে হলে দরখাস্ত জমা দেয়ার পর দীর্ঘ ১০ থেকে ১২ বছর পর্যন্ত অপেক্ষা করতে হয়। বাংলাদেশে বর্তমানে যতোজন টেলিফোন গ্রাহক আছেন তাদের মধ্যে এক শতাংশও গ্রাহক পাওয়া যাবেনা যারা কোন প্রকার অবৈধ লেনদেন বা তদ্বির ছাড়া যথাসময়ে টেলিফোন সংযোগ পেয়েছেন।

(খ) ব্যবসা প্রতিষ্ঠান স্থাপনে দুর্নীতির চিত্রঃ বর্তমান বাংলাদেশে একটি সাধারণ মনোহারী দোকান চালু করার জন্য প্রায় ডজন খানেক লাইসেন্স, পারমিট ও অনুমতি লাভ করতে হয় যেগুলোর অধিকাংশই আবার বৎসরান্তে নবায়ন করা বাধ্যনীয়। উদাহরণস্বরূপঃ

- ট্রেড লাইসেন্স - পৌরসভার ট্রেড লাইসেন্স এবং বিনিয়োগ বোর্ডের নিবন্ধন পাওয়ার জন্যে বছরের পর বছর ধরে বিচিত্র আচার পালন ও চড়াই উত্থরাই পার হতে হয়। এই লাঞ্ছনা থেকে রেহাই পাওয়ার জন্যে ব্যবসায়ীরা মাত্র ৫০০০ - ৮০০০ টাকা উপরি হিসেবে খরচ করে সব



কিছু এক সপ্তাহেই সম্পন্ন করে প্রয়োজনীয় লাইসেন্সটি লাভ করতে পারেন;

- কারখানা নির্মাণের লাইসেন্স - এ ক্ষেত্রে নির্মাণ লাইসেন্সটি পেতে মাত্র এক মাস সময় লাগার কথা থাকলেও নির্ধারিত ফিসের বাইরে উৎকোচ হিসেবে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতির জন্য ২০০০ - ৩০০০ টাকা, এবং প্রধান কারখানা পরিদর্শকের ছাড়পত্র লাভের জন্য ৫০০০ - ৮০০০ টাকা এবং সবশেষে শুধু কারখানা লাইসেন্স পাওয়ার জন্য ৫০০০ টাকা প্রদান করা অলিখিত কিন্তু অপরিহার্য নিয়ম হয়ে দাড়িয়েছে।

উপর্যুক্ত পরিসংখ্যানের আলোকে প্রতীয়মান হয় যে, একজন তৈরী পোষাক রপ্তানীকারককে ব্যবসা শুরু করার জন্য আইনগতভাবে প্রদেয় ব্যয়ের (৯১,৬৪০ টাকা) অতিরিক্ত ৩৪০ শতাংশ অর্থাৎ ৩১০,৫২০ টাকা আমলাতন্ত্র ও দুর্নীতির ব্যয় বাবদ ব্যয় করতে হয় ( বিশ্ব ব্যাংক, ১৯৯৬ )।

### ৪.৩ বাংলাদেশে দুর্নীতির রাজনৈতিক অর্থনীতি

স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের জন্মলগ্ন থেকেই দুর্নীতির প্রচলন শুরু হলেও বিভিন্ন গবেষণায় দেখানো হয়েছে যে, দুর্নীতির স্বর্ণযুগ ছিল সাবেক প্রেসিডেন্ট এরশাদের সময়। দুর্নীতি পূর্বে বা পরে আর কখনও এত উচ্চ মাত্রা লাভ করেনি। পুরো অর্থনৈতিক, রাজনৈতিক ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। পরিস্থিতি এমন হয়েছিল যে কোন দিকে নীতি ছিল না। সর্বত্রই দুর্নীতি। একটা বিশেষ গোষ্ঠী এরশাদ সরকারের দুর্বলতার সুযোগ নিয়ে বিপুল পরিমাণ সম্পত্তির মালিক হয়েছিল। শিল্পপতির চেয়ে মধ্যস্বত্বভোগী কোটিপতি বৃদ্ধি পেয়েছে এই সময়।

বাংলাদেশে জাতীয় কোন নির্বাচন এলে প্রতিন্দী সব রাজনৈতিক দলই ক্ষমতার মসনদ লাভ করলে দেশ থেকে দুর্নীতি, সন্ত্রাস ইত্যাদি সমূলে দূর করার মাধ্যমে দেশে সুখ ও শান্তির নহর বইয়ে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে মাকে; এবং কোন রকমে একবার সেই সোনার মসনদে আরোহণ করতে পারলে তারা আগেকার সকল প্রতিশ্রুতি বেমালুম ভুলে গিয়ে নিজেরাই দুর্নীতিতে আঙুঠেপুঠে জড়িয়ে পড়েন। বর্তমানে ক্ষমতাসীন সরকার তাদের দলীয় নির্বাচনী ইশতেহারে দুর্নীতি দমন কমিশন, স্বাধীন মানবাধিকার কমিশন, ন্যায়পাল নিয়োগ, বিশেষ ক্ষমতা আইন বাতিল এবং আইন শৃংখলা পরিস্থিতির উন্নতি করার অঙ্গীকার করেছে, কিন্তু সরকার গঠনের পর প্রায় তিনটি বছর অতিবাহিত হলেও সেসব অঙ্গীকারের দুই একটি বিষয় নিয়ে কালে ভদ্রে কিছু বৈঠক, সভা আর কমিটি গঠন করা ছাড়া কার্যকর তেমন কিছু করতে পারেনি। বরং ক্ষমতায় আসার তিন মাসের মধ্যেই পূর্ববর্তী সরকারের (১৯৯৬-২০০১) বিভিন্ন দুর্নীতির প্রমাণ হিসেবে তিন খন্ডে সমাপ্ত শ্বেতপত্র প্রকাশ করে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে, শ্বেতপত্র প্রকাশ করেই যেন নির্বাচনী ওয়াদা অনেকখানি পূরণ করে ফেলেছে বর্তমান জোট সরকার। একথা ভুলে গেলে চলবেনা যে, দুর্নীতির অভিযোগ প্রকাশ করা আর সেই দুর্নীতির সুষ্ঠু বিচার করা এক কথা নয়। পর্যবেক্ষক মহলের মতে, এসব শ্বেতপত্র প্রকাশ করা হয়েছে যতোটা না বিচারের উদ্দেশ্যে তার চেয়ে বেশী তা করা হয়েছে প্রতিপক্ষ রাজনীতিকদের হয়রানির মাধ্যমে রাজনৈতিক সুবিধা অর্জনের জন্য।

বাংলাদেশে বিগত আওয়ামীলীগ সরকার কর্তৃক গৃহীত দুর্নীতি দমন সংক্রান্ত পদক্ষেপ গুলোও উপরোক্ত সীমাবদ্ধতার মধ্যে ছিলনা। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল তাদের Global Corruption Report 2001 এ দেখিয়েছে যে ১৯৯৯ সনে তৎকালীন বিরোধীদলীয় সাংসদ ও নেতা কর্মীদের বিরুদ্ধে দুর্নীতি ও হত্যা সংক্রান্ত ৭০টি মামলা বিচারাধীন ছিল। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, প্রধানমন্ত্রীর দপ্তর থেকে আনুষ্ঠানিক অনুমতি লাভের পর দুর্নীতি সংক্রান্ত মামলার তদন্তে দায়িত্বে নিয়োজিত 'দুর্নীতি দমন

ব্যুরো' নিজেই রাজনৈতিক ভাবে দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে। বর্তমানে ক্ষমতাসীন জোট সরকারের প্রধান শরীক দল বিএনপিও তাদের পূর্বের শাসনামলে (১৯৯১-১৯৯৬) একই ধরনের চর্চা করেছিল। প্রেসিডেন্ট এরশাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলাটিই এহেন নীতি বিবর্জিত রাজনীতির জ্বলন্ত দৃষ্টান্ত। দুর্নীতির দায়ে বিএনপি কর্তৃক ১৯৯০ সালে সাজাপ্রাপ্ত এরশাদ ১৯৯৭ সালে আওয়ামীলীগের 'ঐক্যমত্যের সরকার' এ যোগ দেয়ার মুচলেকা দিয়ে ফের জেল থেকে মুক্তি লাভ করে। সেই একই এরশাদ আওয়ামীলীগের সাথে সম্পর্ক ছেদ করে ২০০০ সালের আগস্ট মাসে তৎকালীন বিরোধীদল বিএনপির সাথে জোট বাঁধলে তার বিরুদ্ধে আওয়ামীলীগ পুনরায় দুর্নীতির অভিযোগ এনে তাকে কারাগারে প্রেরণ করে। ২০০০ সালের নির্বাচনে বিজয়ী হয়ে বিএনপি'র নেতৃত্বাধীন জোট সরকার গঠন করলে ২০০১ সালের এপ্রিল মাসে জেল থেকে মুক্তি লাভ করে এবং চারদলীয় ঐক্যজোট থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

বর্তমানে দুর্নীতি বাংলাদেশে কতোটা ব্যাপ্তি লাভ করেছে তা অনুধাবনের জন্য সংবাদ মাধ্যমে প্রকাশিত বিভিন্ন সংবাদের কয়েকটির উল্লেখ করাই যথেষ্টঃ

১. বই কেনা বেচার রাজনীতি - বর্তমান সরকার সারা দেশে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার লক্ষ্যে সর্বমোট ২৪ কোটি টাকার বই কেনার প্রকল্প গ্রহণ করেছে। বই কেনার জন্যে কোটি টাকা খরচ করা অবশ্যই একটি মহৎ উদ্যোগ। কিন্তু পরিতাপের বিষয় হলো উক্ত প্রকল্পের অধীনে প্রাথমিক স্কুলের ৬ থেকে ১০ বছরের শিশুদের জন্য নির্বাচিত বইয়ের তালিকায় হাঁস মুরগী পালন, চিংড়ি চাষ, প্রেম ও যৌনতা সংক্রান্ত অনেক বই রয়েছে; আর কলেজ শিক্ষকদের জন্য কেনা হচ্ছে শিশুতোষ বই।
২. অতি সম্প্রতি ঘটে যাওয়া ফেরী মেরামত সংক্রান্ত ঘটনা, গম ক্রয় সংক্রান্ত ঘটনা এবং দেশের সর্বশ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মত ঘটে যাওয়া ঘটনা ইত্যাদি সবগুলোই নির্লজ্জ দুর্নীতির নগ্ন বহিঃপ্রকাশ।

#### ৫. দুর্নীতি রোধের উপায়

বাংলাদেশে দুর্নীতি রোধে দুর্নীতি দমন ব্যুরো চরম ভাবে ব্যর্থ হয়েছে; এই ব্যর্থতা ব্যুরোর অভ্যন্তরীণ কোন কারণে সৃষ্টি হয় নি। বরং রাজনৈতিক প্রভাবের কারণে সংস্থাটি কখনই সরকারের রাহুমুক্ত থেকে তার দায়িত্ব পালন করার সুযোগ পায় নি। আমাদের দেশে কোন আমলা বা রাজনীতিবিদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উত্থাপিত হলেই সেটাকে রাজনৈতিক রং প্রলেপের চেষ্টা তদ্বির চলে। ব্যক্তিগত অপরাধকে রাজনৈতিক পর্যায়ে সংশ্লিষ্ট করার যে সংস্কৃতি বিগত বছরগুলোতে এদেশে চর্চা করা হয়েছে সেই সংস্কৃতিই দুর্নীতি দমন ব্যুরোর কর্তব্যাক্তিদেরকে দুর্নীতিবাজ হবার দুঃসাহস যুগিয়েছে। যাহোক, বাংলাদেশের দুর্নীতি চর্চার প্রসার রোধ করার জন্য অনেকেই বিদ্যমান আইনি পরিবেশ সংস্কারের পক্ষে মতামত ব্যক্ত করে থাকেন। তাদের ভাষায় আমাদের দেশের প্রচলিত আইন প্রয়োগের মাধ্যমে দুর্নীতি সমস্যার সমাধান করা সম্ভব নয়। কিন্তু এক্ষেত্রে একটা কথা জোর দিয়ে বলা যায়, প্রজাতন্ত্রের বর্তমান সংবিধানের বিধি বিধান সমূহ যথাযথ ভাবে প্রয়োগ করা গেলেই এদেশ থেকে দুর্নীতি নামক মহামারী চিরতরে দূর করা সম্ভব।

আইনের প্রয়োগিক পরিবেশগত যে সব সমস্যা আমাদের দেশে প্রাচুর্যের সাথে বিদ্যমান, সেগুলো দূর

করা একান্ত আবশ্যিক। দুর্নীতি সমস্যার টেকসই সমাধানের লক্ষ্যে সর্বাত্মক আমাদের আইনের প্রয়োগিক পরিবেশগত সংস্কার সাধন করতে হবে। আইনের প্রয়োগিক পরিবেশ বলতে এখানে আইনের প্রয়োগকারী সংস্থাসমূহ, দেশের বিচার ব্যবস্থা ও সার্বিকভাবে আইনের প্রতি গণমানুষের আস্থা ইত্যাদি সবকিছুকে বুঝানো হচ্ছে। প্রয়োগিক পরিবেশগত সংস্কার সাধন ব্যতিরেকে শুধু নতুন আইন প্রণয়নের মাধ্যমে দুর্নীতি রোধের চেষ্টা করা হলে তা নিতান্তই বাহুল্য ও অকার্যকর হিসেবে প্রতীয়মান হবে। আইন প্রণয়ন নয়, আইনের শাসন ও ন্যায় বিচার নিশ্চিত করা গেলে খুব দ্রুতই দুর্নীতি নামক বিষবৃক্ষের মূল এদেশের মাটি থেকে চিরতরে উৎপাটন করা সম্ভব হবে। অপরাধের শাস্তি যদি অপরাধীকেই ভোগ করতে হয়, তবে অবশ্যই অপরাধ প্রবণতা বন্ধ হতে বাধ্য। যাহোক, দুর্নীতির টেকসই সমাধানের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করার জন্য নিচে উল্লিখিত ১৪-দফা কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।

আমাদের দেশে বিরাজমান সমস্যা সমূহের সুষ্ঠু সমাধানের ক্ষেত্রে আমাদের ক্রমাগত ব্যর্থতার একটি অন্যতম কারণ হচ্ছে জাতীয় ভাবে পরমুখাপেক্ষী নীতি অবলম্বন। আমাদের নিজস্ব সমস্যা সমাধানের লক্ষ্যে আমরা ভিন্নদেশী ব্যক্তি বা গোষ্ঠীর বাৎসরিক দেয়া পস্থা অবলম্বন করি। বাহ্যিক কোন পক্ষের প্রস্তাবিত কলাকৌশল অবলম্বনের ফলে দ্বি-মুখী সমস্যার সৃষ্টি হয়ঃ প্রথমত, অদেশীয় ব্যক্তি/গোষ্ঠী আমাদের অভ্যন্তরীণ বিষয়গুলোর সাথে সম্যক ভাবে পরিচিত থাকে না বিধায় তাদের প্রস্তাবিত কর্মসূচীগুলো শত ভাগ ফলপ্রসূ হয় না। দ্বিতীয়ত, পরমুখাপেক্ষী মনোভাব আমাদের নিজস্ব সৃজনশীল দেশ গুলোতে বিরাজিত বিভিন্ন সমস্যা সমাধানের জন্য কতিপয় গড়পড়তা কৌশল প্রণয়ন করে থাকে। কিন্তু তাদের প্রণীত কলাকৌশল সমূহ সিংহ ভাগ ক্ষেত্রেই ব্যর্থতায় পর্যবসিত হয়। কেননা, কোন একটি বিশেষ সমস্যা একাধিক দেশে বিরাজ করলেও দেশগুলোর আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক ভিন্নতার কারণে সমস্যাটির উপস্থিতি একেক দেশে একেক রকম হয়ে থাকে। আর তাই বাংলাদেশের নিজস্ব তথা অভ্যন্তরীণ কোন সমস্যার কার্যকর সমাধান নিশ্চিত করার জন্য বাহ্যিক কোন পক্ষের প্রস্তাবিত কলাকৌশলের বদলে দেশীয় বিশেষজ্ঞদের তৈরী পদক্ষেপ অনুসরণ করা বাঞ্ছনীয়।

**প্রথমত :** বিদেশী দাতা গোষ্ঠী বিশেষ করে বিশ্ব ব্যাংকের পরামর্শ অনুযায়ী বর্তমান সরকার স্বাধীন দুর্নীতি দমন কমিশন গঠন করতে যাচ্ছে। কিন্তু, প্রস্তাবিত কমিশনটি যে পরিবেশে তার দায়িত্ব পালন করবে, সেই পরিবেশের কাঠামোগত সংস্কার না করা হলে এহেন কমিশন গঠনের ফলে শুধুমাত্র রাষ্ট্রীয় অর্থ ও সম্পদের প্রভূত অপচয় করা হবে। দুর্নীতি দমন কমিশন গঠনের মাধ্যমে দুর্নীতি দমনের যে কোন প্রয়াস কেন সফল ও কার্যকর হবে না তা অন্যান্য বিষয়ে ইতিপূর্বে গঠিত কমিশনগুলোর কার্যকারিতা বিশ্লেষণ করলেই স্পষ্ট রূপে প্রতীয়মান হবে। এ প্রসঙ্গে উদাহরণ স্বরূপ প্রাইভেটাইজেশন কমিশনের উল্লেখ করা যেতে পারে আমাদের রাষ্ট্রায়ত্ত্ব লোকসানী শিল্প প্রতিষ্ঠানসমূহ বেসরকারীকরণের কর্মসূচীর সফল বাস্তবায়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে বিশ্ব ব্যাংকের পরামর্শ ক্রমে প্রাইভেটাইজেশন কমিশন গঠন করা হয়েছে। এমন কি উক্ত কমিশনের প্রধান নির্বাহীকে প্রতিমন্ত্রীর সমমর্যাদা প্রদান করা হয়েছে। তথাপি, গুটিকতক সেমিনার, সিম্পোজিয়াম অনুষ্ঠান করা ছাড়া রাষ্ট্রায়ত্ত্ব লোকসানী প্রতিষ্ঠানসমূহ বেসরকারীকরণের ক্ষেত্রে উক্ত কমিশন এখনো উল্লেখযোগ্য কোন অবদান রাখতে পারে নি। পরিতাপের বিষয় এই যে, আমাদের সরকারী শিল্প প্রতিষ্ঠানসমূহের দীর্ঘস্থায়ী লোকসান গাথা নিরসনের লক্ষ্যে গঠিত প্রাইভেটাইজেশন কমিশন নিজেই শত ভাগ লোকসান দিচ্ছে, সার্বিক বিচারে উক্ত কমিশনের মূল্য সংযোজন ঋণাত্মক।

তাই বাংলাদেশে দুর্নীতি লাঘবের জন্য প্রস্তাবিত কমিশনটি গঠন না করে দুর্নীতি দমন ব্যুরোর আধুনিকায়নের মাধ্যমে একে সরকারী হস্তক্ষেপ ব্যতিরেকে কাজ করার পরিবেশ প্রধান করতে হবে। দুর্নীতি দমন ব্যুরোকে স্বাধীন ভাবে কাজ করার সুযোগ দেয়ার পাশাপাশি ব্যুরোর সাথে অন্যান্য সহযোগী পক্ষ যেমন, আইন প্রয়োগকারী সংস্থা ইত্যাদির কার্যকর সহযোগিতা নিশ্চিত করার মাধ্যমেই বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করা সম্ভব।

**দ্বিতীয়ত :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের বর্তমান সংবিধান অনুসারে অনতিবিলম্বে ন্যায়পাল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি ন্যায়পাল দপ্তরকে সম্পূর্ণ স্বাধীন ও নিরপেক্ষভাবে তার ওপর ন্যস্ত সাংবিধানিক দায়িত্ব পালনের সুযোগ দিতে হবে। উল্লেখ্য, কাজের অনুকূল পরিবেশ নিশ্চিত করা না হলে আমাদের দেশের অন্যান্য প্রতিষ্ঠান (যথাঃ নির্বাচন কমিশন) এর মতো ন্যায় পালের ভূমিকা নিয়েও জনমনে সন্দেহ দেখা দিবে।

**তৃতীয়ত :** স্থানীয় সরকার ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে হবে; এ উদ্দেশ্যে স্থানীয় সরকার পর্যায়ে ক্ষমতার যথেষ্ট বিকেন্দ্রীয়করণ করতে হবে। ইউনিয়ন পরিষদে সংরক্ষিত আসনে নির্বাচিত মহিলা সদস্যদেরকে পরিষদের নীতি নির্ধারণী কর্মকাণ্ডে অধিক হারে সম্পৃক্ত করার মাধ্যমে নারী প্রতিনিধিদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ও কর্তৃত্ব অবিলম্বে বৃদ্ধি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। দুর্নীতি রোধের প্রক্রিয়ায় দেশের নারী সমাজ অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করতে সক্ষম, কেননা মনস্তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে পুরুষের তুলনায় মহিলাদের দুর্নীতিবাজ হবার সম্ভাবনা অনেক কম।

**চতুর্থত :** সরকার পরিচালনার কাজে অনতিবিলম্বে 'ই-গভর্নেন্স' বা বৈ-শাসন চালু করতে হবে। বৈ-শাসন ব্যবস্থা চালু করা হলে দুই ধরনের সুবিধা পাওয়া যাবে : এক, এর ফলে সরকারের কাজকর্ম সম্পাদনের গতি ব্যাপক ভাবে বৃদ্ধি পাবে, কাজের মান ও দক্ষতার প্রভূত উন্নতি সাধিত হবে। দুই, এর প্রভাবে সরকারী কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতার সংস্কৃতি বলবৎ হবে। বৈ-শাসন প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ হিসেবে ১৯২৩ সালে প্রণীত কুখ্যাত অফিসিয়াল সিক্রেটস আইন বাতিল করতে হবে।

**পঞ্চমত :** সংবিধানের বাধ্যবাধকতা অনুযায়ী অতি সত্বর প্রশাসন থেকে বিচার বিভাগকে আলাদা করতে হবে। বর্তমান ক্ষমতাসীন চারদলীয় জোট তাদের বিগত নির্বাচনী ইশতেহারে বিচার বিভাগ পৃথকী করণের অঙ্গীকার করেছিলো। কিন্তু ক্ষমতা গ্রহণের পর প্রায় তিনটি বছর অতিক্রান্ত হলেও সরকার সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য ন্যূনতম কোন পদক্ষেপই গ্রহণ করেনি। সরকারী দলকে তাদের প্রদত্ত প্রতিশ্রুতি মোতাবেক কর্মকাণ্ড পরিচালনা করতে হবে।

**ষষ্ঠত :** পাপুয়া নিউ গিনিতে ব্যবহৃত 'রাজনৈতিক দল ও প্রার্থীদের সততা বিধান' (The Integrity of Political Parties and Candidates Act) – এর আদলে বাংলাদেশেও একটি নতুন আইন প্রণয়ন করতে হবে। এই আইনের আওতায় রাজনৈতিক দলগুলো জনগণকে দেয়া তাদের সকল প্রতিশ্রুতি ও অঙ্গীকার বাস্তবায়ন করতে বাধ্য থাকবে। কোন রাজনৈতিক দল বা দলের কোন নেতা কোন পর্যায়ে নির্বাচিত হবার পর যদি নির্বাচনের আগে প্রদত্ত কোন প্রতিশ্রুতি বাস্তবায়নে গড়িমসি করে, তবে এই আইন অনুযায়ী তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে।

**সপ্তমত :** রাজনৈতিক নেতৃত্বদকে মনস্তাত্ত্বিক ও নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে Leadership Development Institute নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করতে হবে। ন্যায়পাল এর সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত এই প্রতিষ্ঠান থেকে রাজনৈতিক নেতৃত্বদকে প্রশিক্ষণ গ্রহণ পূর্বক

সনদপত্র অর্জন করতে হবে। উক্ত সনদপত্র অর্জন ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার উদ্দেশ্যে রাজনৈতিক দলের মনোনয়ন লাভের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। এই কর্মসূচীর অংশ হিসেবে অচিরেই রাজনৈতিক দল সমূহের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। বিশ্বের শিল্পোন্নত অনেক দেশেই রাজনীতিবিদদের জন্য আনুষ্ঠানিক প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে। রাজনৈতিক নেতৃত্ববৃন্দের পাশাপাশি উক্ত প্রতিষ্ঠান সরকারী দপ্তরের দুর্নীতিগ্রস্ত আমলাদেরকে বিভিন্ন ধরনের পরামর্শ সেবা প্রদান করবে। পাশাপাশি জাতীয় নির্বাচনের পর নির্বাচিত সংসদ সদস্যদেরকে সংসদে দায়িত্ব পালনের বিভিন্ন দিক সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করাও এই প্রতিষ্ঠানের দায়িত্ব হবে। এহেন প্রশিক্ষণ কর্মশালা নির্বাচিত সাংসদদের কার্যকারিতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। ফলশ্রুতিতে জনগণের ম্যাণ্ডেট নিয়ে জাতীয় সংসদে গিয়ে অপ্রাসঙ্গিক আচরণ করা থেকে সাংসদগণ বিরত থাকবেন।

**অষ্টমত :** সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান থেকে অবসর গ্রহণের পর অন্ততঃ পাঁচ বছরের মধ্যে কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত হতে পারবে না। গত এক দশকে দেখা গেছে যে, সরকারী আমলা ও সামরিক কর্মকর্তাগণ কর্মজীবনেই প্রকাশ্যে রাজনৈতিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত হয়েছেন এবং পরবর্তীতে সরকারী চাকুরী থেকে অবসর গ্রহণের অব্যবহিত পরেই রাজনৈতিক দলের প্রথম সারির নেতা, সাংসদ, এমনকি মন্ত্রীও হয়েছেন। এই ব্যবস্থা সরকারী কর্মচারীদের দুর্নীতি চর্চার স্পৃহাকে মারাত্মক ভাবে বাড়িয়ে দেয়। উদাহরণস্বরূপ, একজন আমলা তার পদবী বলে এক কোটি টাকা আত্মসাৎ করে শীর্ষস্থানীয় কোন রাজনৈতিক দলকে বিশ/ত্রিশ লাখ টাকা অনুদান দিয়ে বিচারের হাত থেকে সহজেই পরিত্রাণ লাভ করতে পারে। বাংলাদেশে সরকারী আমলাদের রাজনীতিতে পুনর্বাসনের প্রক্রিয়াটি অতীতের সামরিক সরকারগুলোর কার্যকালে বিশেষ ভাবে প্রতিষ্ঠিত হয়েছে। এর ফলে সরকারী আমলাদের মধ্যে যারা নিষ্ঠা ও ন্যায়পরায়ণতার সাথে তাদের দায়িত্ব পালন করতে চান, তাদের ওপর নেতিবাচক প্রভাব পড়ে।

**নবমত :** সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যে কোন পর্যায়ে যে কোন পদে যোগদানের সময় প্রত্যেক ব্যক্তিকে তার ও তার পরিবারের স্বাবর-অস্বাবর সকল সম্পত্তির পরিপূর্ণ হিসাব সরকারের কাছে দাখিল করতে হবে। যোগদানের পরে থেকে দুর্নীতি দমন ব্যুরো প্রতি তিন বছর অন্তর তাদের সম্পত্তির হিসাব নিরীক্ষা করবে। একই ভাবে সরকারী দলের প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, ও সংসদ সদস্যদের সম্পত্তির হিসাব দুর্নীতি দমন ব্যুরো প্রতি বছর নিরীক্ষা করবে। এর ফলে সরকারী আমলা ও রাজনীতিবিদদের দুর্নীতি প্রবণতা ব্যাপক ভাবে হ্রাস পাবে।

**দশমত :** ন্যায়পাল দপ্তর সপ্তম অনুচ্ছেদে প্রস্তাবিত Leadership Development Institute এর মাধ্যমে দুর্নীতিগ্রস্ত সরকারী আমলাদের জন্য একটি আবাসিক Retreat ক্যাম্প পরিচালনা করবে। এই ক্যাম্পে অংশ গ্রহণের ফলে সরকারের দুর্নীতিবাজ আমলারা নিজেদের নেতিবাচক কর্মকাণ্ড সম্পর্কে নতুন করে চিন্তা ভাবনা করার সুযোগ পাবে।

**এগারোতম :** মাধ্যমিক স্তরে, বিশেষ করে অষ্টম শ্রেণীতে ‘দেশ প্রেম ও সততা’ শিরোনামে একটি নতুন বিষয় পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করতে হবে। এই বিষয়টিতে শিক্ষার্থীদেরকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সততা, ন্যায়পরায়ণতা ও নিষ্ঠা ইত্যাদি বিষয়ে পাঠদান করা হবে।

**বারোতম :** দুর্নীতি রোধের প্রক্রিয়াকে ফলপ্রসূ ও বেগবান করার লক্ষ্যে সুশীল সমাজকে আরো বেশী কার্যকর ভূমিকা পালন করতে হবে। প্রয়োজনে সরকারী আমলা ও মন্ত্রীদের বিরুদ্ধে গুরুতর দুর্নীতির কোন তথ্য পাওয়া গেলে সুশীল সমাজের পক্ষ থেকে সে বিষয়ে তদন্ত পরিচালনা করতে হবে। এক্ষেত্রে

সুশীল সমাজের সংগঠন গুলোকে আর্থিক সাহায্য প্রদানের জন্য দেশের ব্যবসায়ী ও বণিক সম্প্রদায়কে এগিয়ে আসতে হবে।

**তেরোতম :** সারাদেশে দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন জোরদার করার লক্ষ্যে সরকারকে উদ্যোগী হতে হবে। এই আন্দোলনে বিভিন্ন ধর্মীয় নেতৃবৃন্দ যেমন, মসজিদের ইমামগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

**চৌদ্দতম :** সর্বোপরি, দুর্নীতি সমস্যাটির টেকসই ও কার্যকর সমাধানের জন্য দেশের গণতন্ত্র চর্চা ব্যাপকভাবে বৃদ্ধি করতে হবে। আমাদের স্মরণ রাখতে হবে যে, গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ তথা পরিপূর্ণ বিকাশ সাধিত না হলে দুর্নীতিমুক্ত দেশ গড়ে তোলার স্বপ্ন কখনো অর্জিত হবে না। অগণতান্ত্রিক সরকার ব্যবস্থা দুর্নীতি সহায়ক।

#### ৬. উপসংহার

পরিশেষে এ কথা বলা যায় যে, পুঁজির বিশ্বায়ন, প্রযুক্তিগত অভাবিত উন্নয়ন, ও আন্তর্জাতিক ক্ষেত্রে প্রবল প্রতিযোগিতার এই যুগে দুর্নীতির দুষ্ট চক্র আবদ্ধ থেকে কোন দেশের পক্ষেই আরাধ্য উন্নয়নের শিখরে আরোহণ করা সম্ভব নয়। জাতি হিসেবে আমরা অনেক সময় ও সম্পদ ইতোমধ্যেই নষ্ট করে ফেলেছি। আমাদের অর্থনীতির অগ্রগতি নয়, বরং আরো অবনতি যেন না ঘটে সেই জন্যেই দুর্নীতির বিরুদ্ধে ব্যাপক যুদ্ধ ঘোষণা করতে হবে। এই যুদ্ধে নেতৃত্ব দেয়ার গুরু দায়িত্ব পালন করতে হবে সরকারকে, এবং সুশীল সমাজ সহ সর্বস্তরের মানুষকে এই যুদ্ধে অংশ গ্রহণ করানোর মাধ্যমে দুর্নীতির বিরুদ্ধে প্রস্তাবিত যুদ্ধকে জনমানুষের যুদ্ধের রূপ দিতে হবে।

### গ্রন্থপঞ্জি

- ১। Alberto Arene, ``Derrotemos la Corruption en Centroamerica?, extracts from the central America Anti-Corruption Forum, 6-7 April 2000.
- ২। আবদুল্লাহ ফারুক, “বাংলাদেশের অর্থনীতি”, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশনা।
- ৩। জান্নাতুল ফেরদৌস, “বাংলাদেশের শিক্ষা খাতে দুর্নীতির স্বরূপ”, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, ঢাকা ২০০১।
- ৪। সেলিম জাহান, “বাংলাদেশের রাজনৈতিক অর্থনীতি”, জাতীয় সাহিত্য প্রকাশনী, ১৯৯১ ঢাকা।
- ৫। মইনুল ইসলাম, “বাংলাদেশের রাষ্ট্র, সমাজ ও দুর্নীতির অর্থনীতি”, আহমদ পাবলিশিং হাউস, ঢাকা ১৯৯৭।
- ৬। J.S. Nye, ``Corruption and Political Development : A Cost Benefit Analysis”, American Political Science Review, LXI,2,1967.
- ৭। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, ঢাকা-২০০১।

## **Footnoting and Writing style of the Bangladesh Journal of Political Economy**

1. The Bangladesh Journal of Political Economy will be published in June and December each year.
2. Manuscripts of research articles, research notes and reviews written in English or Bangla should be sent in triplicate to the Editor, The Bangladesh Journal of Political Economy, Bangladesh Economic Association, 4/c Eskaton Garden Road, Dhaka-1000, Bangladesh.
3. An article should have an abstract within 150 words.
4. Manuscript typed in double space on one side of each page (preferably with softcopy) should be submitted to the Editor.
5. All articles should be organized generally into the following sections: a) Introduction: stating the background and problem; b) Objectives and hypotheses; c) Methodological issues involved; d) Findings; e) Policy implications; f) Limitations, if any; and g) Conclusion (s).
6. The author should not mention his/her name and address on the manuscript. A separate page bearing his/her full name, mailing address and telephone number, if any, and mentioning the title of the paper should be sent to the Editor.
7. If the article is accepted for publication elsewhere, it must be communicated immediately. Otherwise, the onus for any problem that may arise will lie on the author.
8. The title of the article should be short. Brief subheadings may be used at suitable points throughout the text. The Editorial Board reserves the right to alter the title of the article.
9. Tables, graphs and maps may be used in the article. Title and source(s) of such tables should be mentioned.
10. If the Editorial Board is of the opinion that an article provisionally accepted for publication needs to be shortened or particular expressions deleted or rephrased, such proposed changes will be sent to the author of the article for clearance prior to its publication. The author may be requested to recast any article in response to the review thereof by any reviewer.
11. The numbering of notes should be consecutive and placed at the end of the article.
12. Reference in the text should be by author's last name and year of publication (e.g. Siddique, 1992, P. 9. In the list of references, the corresponding entry in the case of article should be in the following manner:  
  
Siddique. H.G.A., "Export Potentials of Ready-Made Garments Industry-A Case Study of Bangladesh". The Dhaka University Studies. III, 1982, Pp. 66-67.  
  
In the case of books, the following order should be observed: Author, title, place of publication, publisher, date of publication, page number. As for example: *Hye, Hasnat Abdul, Integrated Approach to Rural Development*, Dhaka: University Press Limited, 1984, Pp.3-4.
13. Reference mentioned in the text should be arranged in alphabetical order and provided at the end of the article.
14. The Bangladesh Economic Association shall not be responsible for the views expressed in the article, notes, etc. The responsibility of statements, whether of fact or opinion, shall lie entirely with the author. The author shall also be fully responsible for the accuracy of the data used in his/her manuscript.
15. Articles, not accepted for publication, are not returned to the authors.
16. Each author will receive two complimentary copies of The Bangladesh Journal of political Economy and 25 off-prints.





Bangladesh Economic Association  
4/C Eskaton Garden Road  
Dhaka-1000, Bangladesh  
Tel: 9345996; Fax: 880-2-9345996  
e-mail: becoa@bdlink.com